Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017


# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

www.ekarmakshetra.com


ACHIEVEMENT
Since 2007
For : WBCS, CGL, CHSL, RAIL
PSC, SPOKEN ENGLISH etc.
নামমাত্র খরচে অল্পদিনেই চূড়ান্ত সাফল্য
At : বেলঘরিয়া, বারাসাত, মানিকতলা
9123328993/9231610947

বর্ষ ৪০ সংখ্যা ৩ কলকাতা বুধবার, ৭ অগস্ট ২০১৯/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ২১ শ্রাবণ ১৪২৬ দাম ৫.০০ টাকা ২৪ পাতা R. N. 37120/80

**ভেতরের পাতায়**


**বন্ধন-এর চাকরি ও স্বনিযুক্তি সহায়ক এক ডজন প্রশিক্ষণ**

মাধ্যমিক থেকে স্নাতক যোগ্যতার বেকার তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নিতে পারেন। চাকরির ব্যাপারে প্রশিক্ষণ কেন্দ্র থেকে সহায়তা করা হয়।...পৃঃ ১২

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারি স্কলারশিপ**

আগ্রহী প্রার্থীরা আবেদন করতে পারেন এখনই। ...পৃঃ ১০

**সুগন্ধী ও ডিজাইনার মোমবাতির ব্যবসা শুরু করুন পুজোর মরশুমেই**

...পৃঃ ৯

**বিনিয়োগ উপদেষ্টার পড়াশোনা**

লাভজনক বিনিয়োগের দিশা দেখান দক্ষ বিনিয়োগ উপদেষ্টারা। কলকাতা স্টক এক্সচেঞ্জের সঙ্গে যৌথ উদ্যোগে বিনিয়োগ-সংক্রান্ত স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পড়ানো হয় কলকাতা বিশ্ববিদ্যালয়ে। আবেদন করতে পারেন যে-কোনও শাখার স্নাতকরা। বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে চাকরি ও স্বাধীন পরামর্শদাতা হিসেবে কাজের সুযোগ রয়েছে। ...পৃঃ ৯


# দেশের ৮ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৪৩৩৬ প্রবেশনারি অফিসার

দেশের ৮টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৪,৩৩৬ জন প্রবেশনারি অফিসার/ম্যানেজমেন্ট ট্রেনি নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব প্রবেশনারি অফিসার্স/ম্যানেজমেন্ট ট্রেনিস ইন পার্টিসিপেটিং অর্গানাইজেশনস' (সি আর পি পি ও/এম টি-IX ফর ভ্যাকেন্সিজ অব ২০২০-২১) নেওয়া হবে চলতি বছরের অক্টোবর-নভেম্বর মাসে। প্রিলিমিনারি পরীক্ষা হবে ১২, ১৩, ১৯ ও ২০ অক্টোবর এবং মেন পরীক্ষা হবে ৩০ নভেম্বর। পরীক্ষা পরিচালনা করবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। এটি একটি স্বশাসিত সংস্থা। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

৮টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার/ম্যানেজমেন্ট ট্রেনি পদে নিয়োগের লক্ষ্যে এই পরীক্ষা নেওয়া হবে। অনলাইন পরীক্ষায় সফলদের একটি স্কোর কার্ড দেবে আই বি পি এস। ৩১-৩-২০২১ পর্যন্ত এই স্কোর কার্ড বৈধ থাকবে।

সংশ্লিষ্ট ব্যাঙ্ক প্রয়োজন অনুসারে গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ প্রভৃতির মাধ্যমে চূড়ান্তভাবে প্রার্থী বাছাই করবে।

**ব্যাঙ্ক অনুসারে শূন্যপদের বিন্যাস:**

*এরপর বাইশের পাতায়*

# রাজ্য সরকারে ১৪০ ক্লার্ক

ক্লার্ক উইথ নলেজ অব কম্পিউটার অপারেশন পদে ১৪০ জন কর্মী নেবে পশ্চিমবঙ্গ সরকারের শ্রম দপ্তর। চুক্তিতে নিয়োগ করা হবে রাজ্যের প্রতিটি জেলার লেবার ওয়েলফেয়ার ফেসিলিটেশন সেন্টারে। যে-জেলার শূন্যপদে আবেদন করবেন প্রার্থীকে অবশ্যই সেই জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

**জেলা অনুসারে শূন্যপদ:** **জলপাইগুড়ি:** শূন্যপদ ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। **আলিপুরদুয়ার:** শূন্যপদ ২টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১)। **কোচবিহার:** শূন্যপদ ২টি (সাধারণ ১, ও বি সি-এ ১)। **কালিম্পং:** শূন্যপদ ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি-বি ১)। **দার্জিলিং:** শূন্যপদ ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। **উত্তর দিনাজপুর:** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি-এ ১)। **দক্ষিণ দিনাজপুর:** শূন্যপদ ২টি (তফসিলি জাতি ১, ও বি সি-বি ১)। **মালদা:** শূন্যপদ ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **মুর্শিদাবাদ:** শূন্যপদ ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি-বি ১, তফসিলি জাতি-দৈহিক প্রতিবন্ধী ১)। **নদিয়া:** শূন্যপদ ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ও বি সি-এ ১)। **উত্তর ২৪ পরগনা:** শূন্যপদ ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। **দক্ষিণ ২৪ পরগনা:**

*এরপর বাইশের পাতায়*

### কেন্দ্রীয় সরকারি হাসপাতালে

# ১৩৫৫ নার্স

দিল্লির এইমস (অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস) এবং চারটি কেন্দ্রীয় সরকারি হাসপাতাল ১,৩৫৫ জন নার্সিং অফিসার নেবে। প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার আয়োজক দিল্লির এইমস (অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস)। নিয়োগ করা হবে দিল্লি এইমস, ডক্টর রাম মনোহর লোহিয়া হসপিটাল, সফদরজং হসপিটাল, লেডি হার্ডিঞ্জ মেডিক্যাল কলেজ অ্যান্ড শ্রীমতী সুচেতা কৃপলানি হসপিটাল এবং কলাবতী সরণ চিলড্রেন্স হসপিটালে। দেশের বড় শহরগুলিতে পরীক্ষা নেওয়া হবে।

**শূন্যপদের বিন্যাস:** ডক্টর রাম মনোহর লোহিয়া হসপিটাল: ৫২৪টি (সাধারণ ২৩৩, তফসিলি জাতি ৭০, তফসিলি উপজাতি ৩৮, ও বি সি ১৩৫, আর্থিকভাবে অনগ্রসর ৪৮)। এর মধ্যে ২১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। সফদরজং হসপিটাল: ১৯৪টি (সাধারণ ১১০, তফসিলি জাতি ২৭, তফসিলি উপজাতি ১১, ও বি সি ২৭, আর্থিকভাবে অনগ্রসর ১৯)। এর মধ্যে ৪৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। লেডি হার্ডিঞ্জ মেডিক্যাল কলেজ অ্যান্ড শ্রীমতী সুচেতা কৃপলানি হসপিটাল: ১০৩টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৮, ও বি সি ৪৫, আর্থিকভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ১৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। কলাবতী সরণ চিলড্রেন্স হসপিটাল: ৩১টি (তফসিলি জাতি ১৩, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১৫)।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1/2019(RRC).

দিল্লি এইমস: ৫০৩টি (সাধারণ ২৮২, তফসিলি জাতি ৬৬, তফসিলি উপজাতি ৩২, ও বি সি ১২৩)। এর মধ্যে ৫২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1/2019.

উভয় বিজ্ঞপ্তি নম্বরের ক্ষেত্রে একই দিনে একটিই পরীক্ষা নেওয়া হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে নার্সিংয়ে বি এসসি (অনার্স) বা বি

*এরপর বাইশের পাতায়*


GNM, B.Sc. Nursing এ ভর্তি চলছে
INC, KSNC অনুমোদিত কলেজ
H.S. Pass মেয়েদের G.N.M, B.Sc Nursing পড়ান ও তাদের ভবিষ্যৎ গড়ে নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করুন।
100% Placement
Education Loan-এর সুযোগ আছে
আমাদের প্রতিষ্ঠান থেকে যে সকল ছাত্রী Govt. Hospital এ কর্মরত তাদের কিছু ছবি দেওয়া হল।




BDS MISSION
Rekha Apartment, Balia More, Garia Stn. Road, Kol-84
M.: 7890022334 / 9474753825
GNM / BSC Male
নার্সিং-এ সরাসরি ভর্তি চলছে


##### ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনে

# ২৫৭ সায়েন্টিস্ট 'বি'

**২০১৭ বা ২০১৮ বা ২০১৯-এর গেট পাশ করে থাকতে হবে**

ডি আর ডি ও (ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন)-তে বিভিন্ন শাখায় ২৫৭ জন সায়েন্টিস্ট 'বি' নিয়োগ করবে রিক্রুটমেন্ট অ্যান্ড অ্যাসেসমেন্ট সেন্টার। এটি প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীকে অবশ্যই ২০১৭ বা ২০১৮ বা ২০১৯-এর গেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ১৩৬।

**শাখা অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং:** ৮১টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৮, ও বি সি ২২, আর্থিকভাবে অনগ্রসর ৭)। **মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ৬৩টি (সাধারণ ২২, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১৯, আর্থিকভাবে অনগ্রসর ৫)। **কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং:** ৫০টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৬, আর্থিকভাবে অনগ্রসর ৫)। **কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ১৪টি (সাধারণ ৪,

*এরপর বাইশের পাতায়*

# দক্ষিণ-পূর্ব-মধ্য রেলে ৩১২

## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

বিভিন্ন ট্রেডে ৩১২ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে দক্ষিণ-পূর্ব-মধ্য রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে নাগপুর ডিভিশন ও মোতিবাগ ওয়ার্কশপে এক বছরের ট্রেনিং দেওয়া হবে ডিজেল মেকানিক, ফিটার, কার্পেন্টার, ইলেক্ট্রিশিয়ান, প্লাম্বার, পেইন্টার, ওয়্যারম্যান-সহ বিভিন্ন ট্রেডে। ট্রেনিং চলাকালীন প্রতি মাসে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: P/NGP/RCT/2019/18.

**ট্রেড অনুসারে আসনবিন্যাস: নাগপুর ডিভিশন: ফিটার:** ২৬টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **কার্পেন্টার:** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ওয়েল্ডার:** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ

*এরপর সাতের পাতায়*


১৭০০ ছেলেমেয়ের সরাসরি GNM ও B.Sc. নার্সিং ট্রেনিং দিয়ে চাকরি ও এডুকেশন লোন

নিজস্ব সংবাদদাতা : স্বাস্থ্য বিভাগে নার্সিং স্টাফ হিসাবে নিয়োগের গুরুত্বপূর্ণ কোর্স GNM B.Sc. নার্সিং। এছাড়া P.B.B.Sc. ও M.Sc. নার্সিং কোর্সে ভিন রাজ্যে সরাসরি ভর্তির সুযোগ, যা গভঃ তথা নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রাপ্ত।
যোগ্যতা : H.S পাশ যেকোনো শাখায় ছেলে ও মেয়ে ন্যূনতম 50% নম্বর থাকলে GNM ও বিজ্ঞান শাখায় ন্যূনতম 50% নম্বর থাকলে B.Sc. নার্সিং কোর্সে সরাসরি ভর্তির যোগ্য।




বিশেষত্ব : কোর্সগুলি গভঃ ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল স্বীকৃত সার্টিফিকেট ও ডিগ্রি 100% সরকারী ও বেসরকারী চাকরিতে মান্যতাপ্রাপ্ত। 100% Education Loan এর সুবিধা নিজস্ব কলেজ Estd. 2005 Govt. approved ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল অনুমোদনপ্রাপ্ত। স্বল্প কোর্স ফি ও মাসিক কিস্তিতে পড়ার সুযোগ নিজস্ব কলেজে থাকা-খাওয়ার সুবিধা স্কলারশিপের ব্যবস্থা SC/ST/OBC মাইনোরিটি student দের বিশেষ ছাড়। শিক্ষান্তে 100% campusing / চাকরির নিশ্চয়তা। সরাসরি সাক্ষাৎ কলেজ Director এর সাথে। No Donation / No Hiddren Fees.

আরও বিস্তারিত জানতে যোগাযোগ করুন : ন্যাশনাল ইনস্টিটিউট অফ হায়ার স্টাডিজ
C.S. (ISO 9001 : 2015 সার্টিফায়েড org – Govt. Regd.)
কোলকাতা : 033-40661266 / 9830687078 / 9836442992, বারাসাত : 8972046553, বহরমপুর : 8334913191, বর্ধমান : 8016465053, শিলিগুড়ি : 9547338471

MALE নার্সিং-এ
GNM / BSC নার্সিং-এ
সরাসরি ভর্তি।
Call @ 9836442992 / 9830687078


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in
বর্ষ ৪০ সংখ্যা ৩ □ ৭ অগস্ট ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com

## কর্মখালি

**SBI/UCO/HDFC/ YES BANK-MNC** Co.-তে সরাসরি অফিসিয়াল/ স্থায়ী পদে (Day Shift) (10 am-6 pm) 357 জন স্মার্ট বাংলাভাষী (18-36) M/F সরাসরি নিয়োগ। বেতন: 11,754/- – 34,850/- (PF + INC). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর / হাওড়া: 90513-83837 ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779 গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

### স্টার হোটেলে চাকরি

ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি, ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

### হোটেলে স্থায়ী চাকরি

কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কলি/ বাইরে কোন ট্রেনিং ও রেজিঃ ফি ছাড়া সরাসরি জয়েনিং। আয় ৮,০০০/- + থাকা খাওয়া ফ্রী+উন্নতি। গড়িয়া-কলকাতা: 92316-80651. www.bshm.co.in

□

**All India based Educational** Institute Career Launcher in Singur, Hooghly requires faculty for the following Subjects for its Tuition Program (Class V-XII): 1) Maths 2) English 3) Physics 4) Chemistry 5 Biology 6) SST 7) Computer 8) Economics. Kindly Call: 97351-44968 or mail CV shankha2527@gmail.com

□

### আর্জেন্ট ভ্যাকান্সি Airport ও Bank (DSA) চাকরি
### M: 74076-33204

সরকারি নিয়ম অনুযায়ী যোগ্যতার ওপর নির্ভর করে জেলাভিত্তিতে অফিসিয়াল পদে নিয়োগ। যোগ্যতা: ৮ম-স্নাতক, বয়স: 18-42, বেতন: 13,000/- – 35,000/-. সুবিধা: PF, ESI, OT. যোগাযোগ করুন: বায়োডাটা, ফটো-সহ, S. J. S, A. S. Kol-110.

□

### Direct জয়েনিং

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co. নার্সিং হোম, শপিং মলে M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 12,500/- – 18,500/-). M. J. S, R. L. Kol-9, M: 91632-85992.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১০ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।
□□□
২১ অগস্ট কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৭ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।
□□□
বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

### Airport ও মেট্রোয় পার্মানেন্ট জব Govt - R/L No.-0287

কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি সহকারে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,600/- – 48,500/-, S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-54. M: 89678-57516.

□

### BSNL/VODA/JIO

কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

### Online Shoping, JIO 4G ও SBI Banking

বাংলা কাস্টঃকেয়ারে MP-Graduate (18-35) অভিজ্ঞ/ অনভিজ্ঞ ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। বেতন: 12,000/- + অন্যান্য সুবিধা। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880. IIFA, Kol-28.

□

### RECRUITMENT NOTICE

**Required a B. Tech with Min 5** Yrs experience in IT networking within 45 years age as System Administrator in Samata Co-operative Development Bank, Karunamoyee Community Centre, ED Block, Salt Lake, Kolkata-700 091. Consolidated Salary Rs. 38,000/- (Negotiable). Eligible person mail us their CV on info@samatabank.org within 7 days.

□

### সরাসরি জয়েনিং ৭ দিনে, Pvt, BANK ও এয়ারপোর্টে

(৮ম-স্নাতক) M/F নিয়োগ চলছে। লাইসেন্স নং- X28059E শূন্যপদ: ১৯৬, বেতন: 16,700/- – 38,200/- Pvt. Bank-এ প্রতিটি জেলায় ও Airport এবং METRO-তে কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ চলছে। পদ: Peon, ক্লার্ক, Office বয়, ইনচার্জ, SV, চেকিংবয়, ট্রলিবয়, হাউসকিপিং। ESI, PF ও খাওয়া থাকা ফ্রি। Dum Dum, Kol-52. (M): 74318-43614 (N. C.)

□

**SBI Banking / Naptol /Jio** কাস্টমার কেয়ারে বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 12,000/- Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91. M: 96747-95345 / 90880-93059.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট
### Govt. Reg. L. No.: 7214

উঃবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় বিনা ডোনেশনে BANK (DSA)-তে এবং কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেল ও Airport-এ M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (9,500/- – 28,800/-). এছাড়া OT, PF, ESI, ছুটি বোনাস প্রমোশন-সহ থাকা খাওয়া ফ্রি। M: 74791-94167, A.C., F. P., Belgharia, Kol-56.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

যোগ্যতানুযায়ী নিজ জেলায় বিভিন্ন MNC, NC, Pvt. Ltd. Co- তে, Bank (DSA)-তে, এয়ারপোর্ট মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে লেবার ও অন্যান্য অফিসিয়াল পদে ডোনেশান ছাড়া কর্মী চাই। যোগ্যতা: ন্যূনতম থেকে। বেতন: 12,500/- – 28,500/-, S. Eent. 12/13 M B Road, Kol-83, M: 70445-22492.

□

## কর্মখালি

### Airport মেট্রোরেল ও Bank (DSA) সংস্থায় স্থায়ী চাকরি
### Govt. Reg. L. No. 1864

উঃ বঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার কর্মপ্রার্থীদের কোনওরকম ডোনেশন ছাড়াই সরাসরি নিজের যোগ্যতার ওপর নির্ভর করে স্থায়ী পদে নিয়োগ করা হচ্ছে। বেতন: (9,500/- – -32,800/-), OT PF ESI ছুটি বোনাস প্রমোশন-সহ থাকা খাওয়ার বিশেষ ব্যবস্থা। A. C., F. Rd, Kol-56. M: 74789-47381.

□

### সরাসরি নিয়োগ Factory-তে

বয়স: 18-35, যোগ্যতা: ৮ম থেকে স্নাতক ও ITI-any trade, বেতন: 13,000/- – 20,000/- + অন্যান্য, 200 জন কর্মপ্রার্থী চাকরির সুযোগ পাবে। এছাড়া 300 জন Security Guard নিয়োগ, বেতন: 7,000/- – 9,000/-, Call: 83350-94208/83350-94217/62895-30989. Rainbow Dreams HR Services India, Behala, Kol-60.

□

### Vacancy PVT. LTD

পার্লেজি, হিন্দুস্থান লিভার, আমুল, ডাবর Co.-তে 82 জন Male চাই। বেতন: 13,700/- – 26,500/-. (18-40). 77182 96025, R G, C. I. T. Road, Kol-14.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট- ব্যাঙ্কে এবং কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রোতে নিয়োগ

**Govt. R/L No.: 2807,** কোনও ডোনেশন ছাড়াই গ্যারান্টি সহকারে (5) দিনের মধ্যে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। (বেতন: 14,700/- – 48,800/-), OT + PF + ESI + বোনাস প্রমোশন-সহ যাতায়াত ও থাকা-খাওয়া ফ্রী। ফর্ম দেওয়া চলছে। D. C, ডানলপ, M: 83276-53371.

□

### সরাসরি নিয়োগ ৬ দিনে MNC, টাওয়ার, Pvt. Bank

বয়স: ১৮-৪৮, যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। পদ: SV, ক্লার্ক, ATM গার্ড, পিওন, SK, ম্যানেজার, ইনচার্জ পদে পঃ বঙ্গের প্রতিটি জেলায় 142 জন কর্মপ্রার্থী স্থায়ী চাকরির সুযোগ পাবে। বেতন: (14,200/- – 32,700/-), Web: www.gcagroup.co.in ঠিকানা: M. G. Rd, Kol-07, G. C. A. (M): 95640-30192.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 গড়িয়া ও দমদম: 86976-16060 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

### Direct নিয়োগ
### এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে
### M: 96148-26939

সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো ও Pvt. ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48,900/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া ফ্রীতে। S. R. C. Pvt. Ltd, Dum Dum, Kol-74.

□

**Jio / SBI** কাস্টমার কেয়ারে বাংলা কথা বলার জন্য M/F নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-উচ্চমাধ্যমিক। বেতন: INC + OT সহ 12,000/- Z. M. S, Salt Lake, Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 90880-93059, উঃ দঃ 24 পরগনা: 70440-49492.

□

### DISCLAIMER

**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

## কর্মখালি

### এয়ারপোর্ট ও মেট্রোর গভঃ রেজিঃ সংস্থা R/L No.-3292
### M: 74070-36062

শূন্যপদ: 216, বয়স: 18-35 পুরুষ মহিলা কর্মপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই থেকে স্নাতক। বেতন: 16,900/- – 48,700/-, PF, ESI, OT-সহ অন্যান্য সুবিধা। S. J. S, Kol-110.

□

### Airport, মেট্রোরেল ও প্রাইভেট Bank সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে স্পট জয়েনিং
### Govt. Regd. L/No. 31445

সম্পূর্ণ বিনা ডোনেশনে উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের বেকার কর্মপ্রার্থীদের যোগ্যতার ওপর নির্ভর করে সরাসরি কোম্পানির পে-রোলে স্থায়ীপদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: 10,500/- – -52,400/-, OT PF ESI ছুটি বোনাস প্রমোশন-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। কাজ পেতে অতি সত্বর যোগাযোগ করুন পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ। A. C., F. Rd, Kol-56. M: 74792-85933.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট

মেট্রোরেলে পার্মানেন্ট চাকরি। যোগ্যতা: ৮ম থেকে স্নাতক। বেতন: 18,500/- 42,200/-. দমদম থেকে কবি সুভাষ, পুরুষ ও মহিলা চাই। সত্বর যোগাযোগ করুন: R. S., R. M. L., Kol-09, (M): 76027-48332.

□

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

স্পট জয়েনিং। জেলায় জেলায় Pvt. স্বাস্থ্যকেন্দ্রে M/F নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), M.J.S., Kol-9, (M): 89728-69872.

□

**Jio / SBI** কাস্টমার কেয়ারে M/F নিয়োগ চলছে। বেতন: INC + OT সহ 12,000/- Z. M. Group, Salt Lake, Sec-V, Kol-91, 90513-76362/ 74509-64662.

□

## কর্মখালি

**Career Launcher Singur urgently** requires Counsellor and Telecaller. Mail CV - hooghly@careerlauncher.com

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide** বেলঘরিয়া CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

**350 টাকা মাসে RAIL, PSC, NTPC,** ক্লার্ক, ICDS পড়ানো হয় MATH, GI, GK, ঢাকুরিয়া, শিয়ালদহ, Kol-31. P. A.: 98046-61270.

□

### KOUSHIK SIR

**WBCS-20 (Prili + Main) New** Batch Started (Best facility), Dum Dum-89819-21119.

□

### নার্সিং কোর্সে ভর্তি

**GNM ও B. Sc (N) সরাসরি ভর্তির জন্য** যোগাযোগ: 98303-88027 (11-4 PM) Gurukul Nursing Institute, Baruipur-144.

□

**9 মাসে Journalism, Ancurring** Photography JSIMC-তে ভর্তি চলছে শিয়ালদহ/ দুর্গাপুর। 75968-22233 / 90382-74461.

□

### B. Ed / M. Ed @4,000/- PM

**বর্ধমান ও WBUTTEPA স্বীকৃত কলেজ** থেকে 100%, ফ্রি বই। রবিবার ক্লাস, SC /ST-দের স্কলারশিপের সুবিধা। IASBM, দমদম, Kol-30. 90733-86333 / 90733-86337.

□

### PARAMEDICAL COURSE

**UGC স্বীকৃত ইউনিভার্সিটি থেকে CMS** & ED (অ্যালোপ্যাথি), DHNS (হোমিও), D. Opt, B. Opt (Optometry), DMLT, BMLT কোর্সে ভর্তি চলছে। কেরিয়ার একাডেমি অফ মেডিকেল সাইন্স, গড়িয়া স্টেশন রোড (ছোট বটতলা), কোল-84, (M): 70447-16334 / 98742-30442.

**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**
**স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড**
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**
অর্পব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

## স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত। পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# পাল্পার মেশিন

‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



**নিজস্ব প্রতিনিধি:** পাল্পার মেশিনটির সাহায্যে টম্যাটো সস, চিলি সস, জ্যাম-জেলি প্রভৃতি তৈরি করা যায়। তবে মনে রাখতে হবে এইসব খাদ্যদ্রব্য তৈরি করতে হলে অবশ্যই ট্রেড লাইসেন্স এবং এফ পি ও লাইসেন্স থাকা দরকার।

**কীভাবে করবেন:** বাজার থেকে প্রথমে পছন্দমতো ফল বা টম্যাটো কিনে আনতে হবে। এরপর সেগুলো ভালো করে ধুয়ে মাপ অনুযায়ী কেটে নিন। এবার সেগুলো পরিমাণমতো পাল্পার মেশিনের হপারে দিয়ে মেশিন চালু করলে নীচের দিকের পাইপ দিয়ে পাল্প বা ফলের শাঁসজাতীয় অংশ বেরিয়ে আসবে এবং মেশিনটির পিছনদিকের চ্যানেল দিয়ে ফলের ছিবড়ে বেরিয়ে যাবে। এরপর বড় কড়াইতে ফুটিয়ে, স্বাদ-মতো মশলা, চিনি ও অন্যান্য প্রয়োজনীয় প্রিজারভেটিভ মিশিয়ে নিলেই জ্যাম-জেলি বা সস তৈরি হয়ে যাবে। সবশেষে ওজন করার ইলেক্ট্রনিক মেশিনে ওজন করে বটল ফিলিং মেশিনের সাহায্যে এগুলি বোতলজাত করে বাজারে বিক্রি করতে পারেন। এই মেশিনটির জন্য মোটর লাগবে ১ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** প্রতিবারে ৫ থেকে ১০ কেজি পর্যন্ত উৎপাদনক্ষম মোটরসমেত পাল্পার মেশিনের দাম পড়বে ৩০,০০০ টাকা। প্রতিবারে ১৫ থেকে ২০ কেজি পর্যন্ত উৎপাদনক্ষম মোটরসমেত পাল্পার মেশিনের দাম পড়বে ৭০,০০০ টাকা। ইলেক্ট্রনিক ওজন করার মেশিনের দাম পড়বে ৪,০০০ টাকা। এই মেশিনে ২ গ্রাম থেকে ৩০ কেজি পর্যন্ত ওজন করা যায়। বটল ফিলিং মেশিনের দাম পড়বে ২৫,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

১ চান্সে পাশ করুন
B.A / M.A - HISTORY, ENGLISH, GEOGRAPHY, POL. Sc, EDUCATION, SOCIOLOGY
B.Sc / M.Sc - PHYSICS, CHEMISTRY, MATHS, STATS, ZOOLOGY, BOTANY, MICROBIOLOGY, BIO-TECHNOLOGY
B.Com / M.Com / BBA / MBA / BCA / MCA
B.Tech / M.Tech / BLIS / LLB / LLM
Pharmacy(D.Pharma/B.Pharma)
Nursing (ANM / GNM)
B.ED @ 4000/- P.M
M.ED @ 5000/- P.M
✦ UGC Approved University (Regular / Distance) কোর্সে ভর্তি করা হয়।
✦ Special Facility For Working people ✦ প্রয়োজনীয় কোচিং এর ব্যবস্থা
✦ A.C Class room ✦ Hostel Facility (Boys / Girls)
VIII/X/XII Fail ?
১ বছরে NIOS (Govt.) বোর্ড থেকে পাশ করুন।
Joint Entrance & ICSE / CBSE / WB বোর্ডের কোচিং
NEET / JEE (MAIN + ADVANCE)
VOCLET / JELET / CAT / MAT / CET /
IPM / CLAT / JENPAUH / WBJEE
Scholarship upto 50 %
Mindmine
Tutorial Home under MIST
Website :www.mindmineskillindia.com
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 )
✦ মৌলালী (Taltala) ✦ ঠাকুরপুকুর (Joka)
@7595077657 @7595077656

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

২০ জুলাই-২৮ জুলাই

**২০ জুলাই** পেমেন্টস ব্যাঙ্ক ব্যবসা গুটিয়ে নেওয়ার সিদ্ধান্ত নিল আদিত্য বিড়লা আইডিয়া পেমেন্টস ব্যাঙ্ক। পরিষেবা চালুর ১৭ মাস পরেই করা হল এই পদক্ষেপ। দেশের সকলের কাছে ব্যাঙ্কিং পরিষেবা পৌঁছনোর লক্ষ্যে ২০১৫ সালের অগস্টে পেমেন্টস ব্যাঙ্ক চালু করার জন্য ১১টি সংস্থাকে সম্মতি দিয়েছিল রিজার্ভ ব্যাঙ্ক। ২০১৮ সালে আইডিয়া পেমেন্টস ব্যাঙ্ক চালু হলেও অনেক সংস্থাই অনুমোদন পেয়েও পরিষেবা থেকে সরে দাঁড়ানোর কথা জানিয়ে দেয়।

## ইমরানের সঙ্গে বৈঠকে কাশ্মীর প্রসঙ্গে মধ্যস্থতা করতে চাইলেন ট্রাম্প



**২২ জুলাই:** পাকিস্তানের প্রধানমন্ত্রী ইমরান খানের আমেরিকা সফরের মধ্যেই কাশ্মীর নিয়ে ভারত ও পাকিস্তানের মধ্যে মধ্যস্থতা করতে আগ্রহ প্রকাশ করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। হোয়াইট হাউসে পাক প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক চলার সময় ট্রাম্প বলেন, 'দু'সপ্তাহ আগে মোদীর সঙ্গে আমার দেখা হয়েছিল। তিনি জানতে চান আমি মধ্যস্থতা করতে রাজি কি না। আমি প্রশ্ন করি, কোন বিষয়ে। তিনি বলেন, কাশ্মীর। কারণ, বিবাদটা অনেকদিন ধরে চলছে। আমি ওঁকে জানাই, মধ্যস্থতা করতে পারলে আমি খুশিই হব।' এই কথা শুনে 'থ্যাঙ্কস আপ' করে ইমরান বলেন, 'এটা হলে ১০০ কোটি মানুষের শুভেচ্ছা আপনার সঙ্গে থাকবে।' যদিও ভারতের বিদেশ মন্ত্রক বিবৃতি দিয়ে জানিয়েছে, 'আমরা মার্কিন প্রেসিডেন্টের বক্তব্য শুনেছি। কিন্তু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমন কোনও অনুরোধ মার্কিন প্রেসিডেন্টকে করেননি।'

**২১ জুলাই** ব্যাডমিন্টনে ইন্দোনেশিয়া ওপেনের ফাইনালে উঠেও জাপানের আকানে ইয়ামাগুচির কাছে হেরে গেলেন ভারতের পি ভি সিন্ধু। গত বছর জয় দিয়ে শেষ করলেও চলতি মরশুমে এবারই প্রথম ফাইনালে ওঠেন সিন্ধু। ইয়ামাগুচি স্ট্রেট গেমে ১৫-২১, ১৬-২১ ব্যবধানে হারিয়েছেন সিন্ধুকে।

**প্রায় দেড় বছর পরে জাতীয় টেস্ট দলে** ফিরে এলেন বাংলার ঋদ্ধিমান সাহা। এদিন ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে আসন্ন টেস্ট, ওয়ান ডে এবং টি-টোয়েন্টি সিরিজের দল বাছলেন জাতীয় নির্বাচকেরা। তবে টেস্ট দলে উইকেট রক্ষক হিসেবে আছেন ঋষভ পন্থও।

**বাংলার টেলিভিশন জগতের বিশিষ্ট** প্রযোজক অশোক সুরানা প্রয়াত হলেন। তাঁর সবচেয়ে জনপ্রিয় প্রযোজনা মেগাসিরিয়াল 'জননী'। বাংলায় মেগাসিরিয়ালের চল তিনিই নিয়ে আসেন। তাঁর প্রযোজনায় 'সাহিত্যের সেরা সময়'ও দর্শকদের বিপুল প্রশংসা পেয়েছিল।

**প্রয়াত হলেন ধানবাদের প্রাক্তন সাংসদ** এবং কমিউনিস্ট নেতা অরুণকুমার রায়। ঝাড়খণ্ডের শিবু সোরেনের সঙ্গে মিলে তিনিও ঝাড়খণ্ড মুক্তি মোর্চা (জেএমএম) তৈরি করেছিলেন। পরে জেএমএম থেকে বেরিয়ে এসে তিনি মার্ক্সিস্ট কোঅর্ডিনেশন কমিটি নামে একটি নতুন বামপন্থী দল তৈরি করেছিলেন। আদিবাসী ও খনি শ্রমিকদের সংগঠিত করার কাজ করেছিলেন তিনি।

**২৩ জুলাই** ট্রাফিক আইন ভাঙায় কড়া শাস্তি ও জরিমানা চালু করতে কেন্দ্র সরকারের মোটর ভেহিকল আইনের সংশোধনী বিল লোকসভায় পাশ হয়ে গেল। এই বিলে ট্রাফিক আইন ভাঙায় কড়া শাস্তির কথা বলার পাশাপাশি নতুন গাড়ির রেজিস্ট্রেশনের ক্ষমতা আঞ্চলিক পরিবহণ দপ্তর বা আরটিও-র বদলে গাড়ির ডিলারদের হাতে তুলে দেওয়া হচ্ছে। রেজিস্ট্রেশনের ব্যাপারটিতে বিরোধীরা আপত্তি জানিয়েছে।

**তৃতীয় পক্ষের মধ্যস্থতা ছাড়া কাশ্মীর** সমস্যার সমাধান সম্ভব নয় বলে পাক প্রধানমন্ত্রী ইমরান খান মত প্রকাশ করলেন। মার্কিন প্রেসিডেন্টের মধ্যস্থতা সংক্রান্ত মন্তব্যে ভারত যেভাবে প্রতিক্রিয়া জানিয়েছে, তাতে তিনি 'বিস্মিত' বলে টুইট করেছেন পাক প্রধানমন্ত্রী। তাঁর মতে, দ্বিপাক্ষিক আলোচনায় কাশ্মীর সমস্যা সমাধান সম্ভব নয়। এ ব্যাপারে আমেরিকা বড় ভূমিকা নিতে পারে। প্রেসিডেন্ট ট্রাম্প অবশ্যই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। ইমরান আরও বলেছেন, ট্রাম্প যদি মধ্যস্থতা করে কাশ্মীর সমস্যার সমাধান করতে পারেন, তা হলে ১০০ কোটির বেশি মানুষ তাঁকে শুভেচ্ছা জানাবেন। মার্কিন সফররত পাক প্রধানমন্ত্রী পরমাণু অস্ত্র কর্মসূচি প্রসঙ্গে আরও জানিয়েছেন, ভারত যদি পরমাণু নিরস্ত্রীকরণের পথে হাঁটে, পাকিস্তানও সেই একই পথ অনুসরণ করবে।

**মার্কিন প্রতিরক্ষাসচিবের পদে মার্ক** এসপারকে ভোটাভুটির মধ্যে দিয়ে বেছে নিল সেনেট। প্রাক্তন প্রতিরক্ষাসচিব জিম ম্যাটিস গত বছরই ইস্তফা দিয়েছিলেন। সম্প্রতি প্রেসিডেন্ট ট্রাম্প বেছে নেন এসপারকে। একদশকেরও বেশি সময় তিনি সেনাবাহিনীতে ছিলেন। উপসাগরীয় যুদ্ধেও লড়াই করেছেন।

**কর্নাটক বিধানসভায় আস্থা ভোটে** পরাজয় হল মুখ্যমন্ত্রী এইচ ডি কুমারস্বামীর। টানা তিন সপ্তাহ ধরে লাগাতার বিতর্কের পর আস্থা ভোট হল কর্নাটক বিধানসভায়। কুমারস্বামীর পক্ষে ভোট পড়ল ৯৯টি। বিপক্ষে ১০৫টি। কর্নাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিজেপি সভাপতি বি এস ইয়েদুরাপ্পা বলেছেন, 'এটা গণতন্ত্রের জয়। ১৪ মাসের সরকার পড়ল। কংগ্রেস-জেডিএস জোটের উপরে বীতশ্রদ্ধ হয়ে পড়েছিলেন মানুষ।'



"আমরা হিন্দুস্তানের সংবিধানকে রক্ষা করতে নিজেদের প্রাণ দিতেও রাজি আছি, কিন্তু বিজেপি আজকে সেই সংবিধানকেই হত্যা করেছে।"

**গুলাম নবি আজাদ**, *কংগ্রেস নেতা ও রাজ্যসভার বিরোধী দলনেতা*

জম্মু-কাশ্মীরের জন্য সংবিধানের ৩৭০ ধারা, ৩৫এ ধারা খারিজ করে জম্মু-কাশ্মীর ও লাদাখকে আলাদা আলাদা কেন্দ্রশাসিত অঞ্চল হিসেবে কেন্দ্রের ঘোষণার প্রতিবাদে

**২৪ জুলাই** লোকসভায় সংখ্যাধিক্যের জোরে 'বেআইনি কার্যকলাপ প্রতিরোধ আইন (ইউএপিএ) সংশোধনী বিল' পাশ করিয়ে নিল নরেন্দ্র মোদী সরকার। এর ফলে আগামী দিনে কাউকে সন্ত্রাসবাদী তকমা দিয়ে গ্রেপ্তার করতে পারবে সরকার। সংশোধনীর এই ধারা নিয়ে আপত্তি তোলেন বিরোধীরা। তাঁদের বক্তব্য— বিরোধিতা করলেই কাউকে সন্ত্রাসবাদী তকমা দিয়ে গ্রেপ্তার করার অধিকার সরকারের হাতে চলে এল। এই আইন দেশকে পুলিশ রাষ্ট্রে পরিণত করার দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে বলেই ধারণা বিরোধীদের।

**পাকিস্তানের মাটিতে এখনও ৩০ থেকে** ৪০ হাজার জঙ্গি রয়েছে বলে স্বীকার করে নিলেন পাক প্রধানমন্ত্রী ইমরান খান। আমেরিকা সফরের সময় ওয়াশিংটনে থাকাকালীন ইমরান জানান, এই জঙ্গিদের অধিকাংশই আফগানিস্তান বা কাশ্মীরে লড়াই করেছে। জঙ্গিদের উপস্থিতি নিয়ে আগের কোনও পাক সরকার সঠিক তথ্য দেয়নি বলেও দাবি করেছেন তিনি।

**ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথের** সঙ্গে সাক্ষাতের পর প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন বরিস জনসন। প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েই নিজের মন্ত্রিসভার জন্য দু'টি নাম ঘোষণা করেন বরিস। এঁরা হলেন, পাকিস্তানি বংশোদ্ভূত সাজিদ জাভেদ ও ভারতীয় বংশোদ্ভূত প্রীতি পটেল। সাজিদ পাচ্ছেন অর্থমন্ত্রকের দায়িত্ব আর প্রীতিকে স্বরাষ্ট্র মন্ত্রকের দায়িত্ব দেওয়া হয়েছে।

**২৫ জুলাই** তৃতীয়বারের জন্য তিন তালাক বিল পাশ হল লোকসভায়। বিলটিতে সন্ত্রাসবাদ ও তিন তালাকের অপরাধকে কার্যত একই বন্ধনীতে টেনে এনে মোদী সরকার জানিয়ে দিল সন্ত্রাসবাদী কাজে জড়িত থাকলে যেমন জেলে যেতে হয়, তেমনই তিন তালাক দিলেও জেলে যেতে হবে। এদিন লোকসভায় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী মুখতার আব্বাস নকভি তিন তালাক বিলের পক্ষে সওয়াল করে জানান, সন্ত্রাসবাদ যেমন অপরাধ, তিন তালাকও অপরাধ। কংগ্রেস ও তৃণমূল তিন তালাকের সঙ্গে সন্ত্রাসকে এক করে না দেখার দাবি তুললেও সেই যুক্তি মানেনি সরকার।

**২৬ জুলাই** টেস্ট খেলিয়ে দেশ হিসেবে আইসিসি-র স্বীকৃতি পাওয়ার পর তৃতীয় টেস্ট খেলতে নেমে আয়ারল্যান্ড ১৪৩ রানে ইংল্যান্ডের কাছে পরাজিত হল। ইংল্যান্ডকে প্রথম ইনিংসে ৮৫ রানে অলআউট করার পর ক্রিকেট বিশ্বে সাড়া ফেলে দিয়েছিল আয়ারল্যান্ড। কিন্তু চতুর্থ ইনিংসে ১৮২ রান তাড়া করতে গিয়ে মাত্র ৩৮ রানে শেষ হয়ে যায় আয়ারল্যান্ডের ইনিংস।

## প্রয়াত জয়পাল রেড্ডি



**২৮ জুলাই:** প্রয়াত হলেন কংগ্রেস নেতা ও প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী জয়পাল রেড্ডি (৭৭)। লোকসভায় পাঁচবার ও দু'বার রাজ্যসভার সদস্য হয়েছিলেন তিনি। তারও আগে চারবার অন্ধ্রপ্রদেশে বিধায়ক ছিলেন। প্রাক্তন প্রধানমন্ত্রী এইচ ডি দেবেগৌড়ার সরকারে নগরোন্নয়ন, সংস্কৃতি মন্ত্রকের দায়িত্ব সামলেছেন। পরে ইন্দ্রকুমার গুজরালের প্রধানমন্ত্রিত্বের সময়ে তথ্য ও সম্প্রচার, নগরোন্নয়ন, পেট্রোলিয়াম মন্ত্রকের দায়িত্ব পেয়েছিলেন জয়পাল রেড্ডি।

## ব্রিটেনের নয়া প্রধানমন্ত্রী হলেন বরিস জনসন



**২৩ জুলাই:** ব্রিটেনে কনজারভেটিভ পার্টির অভ্যন্তরীণ নেতা নির্বাচনে বিপুল ভোট পেয়ে প্রাক্তন বিদেশমন্ত্রী বরিস জনসন পরবর্তী প্রধানমন্ত্রী নির্বাচিত হলেন। টেরেসা মে প্রধানমন্ত্রিত্ব থেকে সরে যাওয়ার পর নেতৃত্বের খোঁজে পোস্টাল ভোট হয়েছিল কনজারভেটিভ পার্টির অন্দরে। ৯২,১৫৩টি ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন কট্টর ব্রেক্সিটপন্থী জনসন। অন্য পদপ্রার্থী এবং বর্তমান বিদেশমন্ত্রী জেরেমি হান্ট পেয়েছেন ৪৬,৬৫৬টি ভোট। ফল ঘোষণার পর বরিস জনসন বলেছেন, 'আজ প্রচারপর্ব শেষ, কাজের শুরু। দেশে উদ্দীপনা জাগিয়ে তুলব আমরা।'

**লিবিয়া থেকে সমুদ্রে পাড়ি দেওয়া ১১৫** জন শরণার্থী তলিয়ে গেলেন ভূমধ্যসাগরে। রাষ্ট্রপুঞ্জের শরণার্থী দপ্তর জানিয়েছে, এ বছরের মধ্যে এদিনই সবচেয়ে ভয়াবহ নৌকাডুবির ঘটনা ঘটল ভূমধ্যসাগরে। লিবিয়ার শহর খমস্ থেকে ২৫০ জন শরণার্থী নিয়ে রওনা হয়েছিল নৌকাটি। উপকূল থেকে ৮ কিলোমিটার দূরে ডুবে যায় সেটি। ১৩৪ জনকে উদ্ধার করা সম্ভব হয়েছে।

**২৭ জুলাই** মার্কিন সংস্থা বোয়িংয়ের কাছ থেকে চারটি অ্যাপাচে হেলিকপ্টার পেল ভারতীয় বায়ুসেনা। মোট ২২টি অ্যাপাচে কেনার জন্য ২০১৫ সালে আমেরিকা এবং বোয়িং সংস্থার সঙ্গে চুক্তি করেছিল নয়াদিল্লি। আগামী বছরের মধ্যেই সব কটি কপ্টারই ভারতে পৌঁছে যাবে বলে বোয়িং সূত্রে জানানো হয়েছে।

**পাক প্রধানমন্ত্রী ইমরান খান আমেরিকা** সফর সেরে দেশে ফেরার পরেই এফ-১৬ যুদ্ধবিমানের প্রযুক্তি-সহ নানা ক্ষেত্রে পাকিস্তানের পাশে দাঁড়ানোর কথা ঘোষণা করল ট্রাম্প প্রশাসন। হোয়াইট হাউস সূত্রে জানানো হয়েছে, সামরিক খাতে প্রায় ১২ কোটি ডলারের চুক্তি হয়েছে। চুক্তি অনুযায়ী, এ বার থেকে অন্তত ৬০টি সংস্থাকে দিয়ে ওই যুদ্ধবিমানগুলির দেখভাল করাবে পেন্টাগন।

**ভারত, মায়ানমার, নেপাল ও বাংলাদেশে** বন্যার প্রকোপে ৬০০ মানুষের মৃত্যু হয়েছে বলে জানাল রাষ্ট্রপুঞ্জ। রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয়ো গুতেরেসের মুখপাত্র ফারহান হক বলেছেন, 'চারটি দেশে বন্যায় অন্তত আড়াই কোটি মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। গৃহহীন ৫ লক্ষ।'

**২৮ জুলাই** কাশ্মীরে যারা হিংসা ছড়াচ্ছে, তারা কখনওই সফল হবে না বলে 'মন কি বাত'-এ দাবি করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি জানিয়েছেন কাশ্মীরে সাম্প্রতিক কিছু উদ্যোগ প্রমাণ করে দিয়েছে বুলেট-বোমার চেয়ে উন্নয়নের জোর অনেক বেশি। তাঁর মতে জম্মু-কাশ্মীরে সম্প্রতি কেন্দ্রের তরফে যে 'ব্যাক টু দ্য ভিলেজ' উদ্যোগ নেওয়া হয়েছে, তাতে কাশ্মীরের মানুষ যেভাবে সাড়া দিয়েছেন, তাতেই বোঝাই যাচ্ছে তাঁরা উন্নয়নের মূলস্রোতে যোগ দিতে কতটা আগ্রহী।

**গত পাঁচ বছরে উন্নয়নের স্বার্থে কেন্দ্রীয়** পরিবেশ মন্ত্রক এক কোটিরও বেশি গাছ কাটার অনুমতি দিয়েছে বলে লোকসভায় এক প্রশ্নের উত্তরে জানালেন কেন্দ্রীয় পরিবেশ প্রতিমন্ত্রী বাবুল সুপ্রিয়। কংগ্রেস এই তথ্যকে সামনে রেখেই মোদী সরকারের বিরুদ্ধে পরিবেশ ধ্বংসের অভিযোগ তুলেছে। বাবুল বলেছেন, 'একাধিক উন্নয়নমূলক প্রকল্পের জন্য উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি নিয়েই গাছ কাটা হয়েছে। তবে দাবানলে কত গাছ নষ্ট হয়েছে তার কোনও তথ্য মন্ত্রকের কাছে নেই।' তবে বাবুল এও জানিয়েছেন যে, 'গ্রিন ইন্ডিয়া মিশন'-এ ১২টি রাজ্যকে গত চার বছরে ২৩৭.০৭ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল ৮৭ হাজার হেক্টরের বেশি জমিতে অরণ্যায়নের জন্য।

**মেঘালয় বিধানসভার স্পিকার তথা** প্রাক্তন মুখ্যমন্ত্রী ডনকুপার রয় (৬৫) প্রয়াত হলেন। বর্তমানে তাঁর দল ইউডিপির সমর্থন নিয়েই রাজ্যে এনপিপির জোট সরকার চলছে। বর্তমান মুখ্যমন্ত্রী কনরাড সাংমা, প্রাক্তন মুখ্যমন্ত্রী মুকুল সাংমা ডনকুপারের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

## সফল উৎক্ষেপণ চন্দ্রযানের



**২২ জুলাই:** ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থার (ইসরো) চন্দ্রযান-২ কে নিয়ে মহাকাশে উড়ল দেশীয় প্রযুক্তির ফসল জিএসএলভি মার্ক থ্রি ওরফে বাহুবলী রকেট। এদিন বেলা ২টো ৪৩ মিনিটে শ্রীহরিকোটার সতীশ ধওয়ান মহাকাশ কেন্দ্র থেকে চাঁদে পাড়ি দিয়েছে চন্দ্রযান-২। উৎক্ষেপণের পর ১৬ মিনিট ১৪ সেকেন্ডে চন্দ্রযান-২ নির্দিষ্ট কক্ষপথে পৌঁছে গিয়েছে। চন্দ্রযানের ভিতরে রয়েছে ল্যান্ডার বিক্রম এবং রোভার প্রজ্ঞান। সবকিছু ঠিকঠাক চললে ৬ সেপ্টেম্বর গভীর রাতে চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করে ইতিহাস গড়বে ল্যান্ডার বিক্রম। চাঁদে ভোরের আলো ফুটলে বিক্রমের ভিতর থেকে ঢাল বেয়ে গড়িয়ে চাঁদের মাটিতে নামবে প্রজ্ঞান। সৌর শক্তি চালিত প্রজ্ঞানই হবে চাঁদে ভারতের প্রথম রোভার। **ছবি:** পি টি আই

## মিনি মাউসের কণ্ঠের নেপথ্যে থাকা রুসি টেলর প্রয়াত



**২৮ জুলাই:** তিন দশক ধরে অ্যানিমেশনের মিকি মাউসের সঙ্গী মিনি মাউসের কণ্ঠের নেপথ্যে থাকা রুসি টেলর (৭৫) প্রয়াত হলেন। ডিজনির পক্ষ থেকে এ খবর জানানো হয়েছে। সংস্থার চেয়ারম্যান বব ইগর একটি বিবৃতিতে বলেছেন, 'রুসি টেলরের মৃত্যুতে মিনি মাউস তার কণ্ঠ হারাল।' ১৯৮৬ সালে ডিজনির একটি অডিশনে প্রায় ২০০ জনের মধ্যে তাঁকে বেছে নেওয়া হয় মিনি মাউসের গলার জন্য।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# ‘ক্যাট’ পরীক্ষা ২৪ নভেম্বর



ম্যানেজমেন্টের স্নাতকোত্তর কোর্স ও ফেলো প্রোগ্রামে ভর্তির যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা ‘ক্যাট’ (কমন অ্যাডমিশন টেস্ট-২০১৯) আয়োজিত হবে ২৪ নভেম্বর। পরীক্ষা হবে কম্পিউটারভিত্তিক। অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ৭ অগস্ট থেকে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত। উল্লেখ্য, কলকাতা-সহ দেশের ২০টি আই আই এম (ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট)-এ ভর্তির জন্য ‘ক্যাট’ স্কোরের প্রয়োজন হয়।

**পরীক্ষা আয়োজিত হবে দেশজুড়ে ১৫৬টি শহরে। ওয়েবসাইট থেকে অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ২৩ অক্টোবর থেকে ২৪ নভেম্বর পর্যন্ত। পরীক্ষার ফল ঘোষিত হবে জানুয়ারির দ্বিতীয় সপ্তাহ নাগাদ।**

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি জাতি ও উপজাতি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখার গ্র্যাজুয়েট। যাঁরা ব্যাচেলার্স ডিগ্রির ফাইনাল পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

পরীক্ষা আয়োজিত হবে দেশজুড়ে ১৫৬টি শহরে। ওয়েবসাইট থেকে অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ২৩ অক্টোবর থেকে ২৪ নভেম্বর পর্যন্ত। পরীক্ষার ফল ঘোষিত হবে জানুয়ারির দ্বিতীয় সপ্তাহ নাগাদ।

আবেদনের ফি ১,৯০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৯৫০ টাকা)।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: www.iimcat.ac.in

# আর্কিওলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

আর্কিওলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় ইনস্টিটিউট অব আর্কিওলজি। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**আসনসংখ্যা:** ১৫টি। স্পনসর্ড প্রার্থী এবং সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** ৫৫ শতাংশ (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ আর্কিওলজি বা অ্যানথ্রোপলজি বা প্রাচীন বা মধ্য ভারতীয় ইতিহাস বা জিওলজি (বিশেষত প্লেস্টোসিন যুগ)-তে স্নাতকোত্তর ডিগ্রি। এ ছাড়া সংস্কৃত, পালি, প্রাকৃত, আরবি বা ফার্সি-র মধ্যে যে-কোনও একটি ভাষায় স্নাতকোত্তর ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। **বয়স:** ৩১-৮-২০১৯ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **স্টাইপেন্ড:** ফ্রেশার প্রার্থীদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৮,০০০ টাকা। প্রযোজ্য ক্ষেত্রে যাতায়াত ভাড়া পাওয়া যাবে।

মেধার ভিত্তিতে প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে। বাছাই করা প্রার্থীদের এর পর লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউ নেওয়া হবে। লিখিত পরীক্ষা ৩ সেপ্টেম্বর। ইন্টারভিউ ১১ ও ১২ সেপ্টেম্বর। অনলাইন আবেদন করতে হবে ১৫ অগস্টের মধ্যে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.asi.nic.in আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখতে পারেন উপরোক্ত ওয়েবসাইট।

# যোগা ও নেচারোপ্যাথির কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** যোগা ও নেচারোপ্যাথির এক বছরের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে জে আই এস ইউনিভার্সিটি। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের সঙ্গে যৌথ উদ্যোগে কোর্সটি পরিচালিত হবে।

যে-কোনও শাখার উচ্চমাধ্যমিক তরুণ-তরুণীরা এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন। বয়সের কোনও কড়াকড়ি নেই।

সপ্তাহে ২ দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ক্লাস। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। এক বছরের মোট ফি ৫০ হাজার টাকা। মোট দু'টি সেমেস্টারে বিভক্ত কোর্সটি। প্রতি সেমেস্টারের ফি ২৫ হাজার টাকা।

জে আই এস বিশ্ববিদ্যালয়ের ডিন ডঃ তপনকুমার চট্টোপাধ্যায় জানান, কিছু থিওরির ক্লাস হবে জে আই এস বিশ্ববিদ্যালয়ে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারে থিওরি ও প্র্যাক্টিক্যাল উভয় ক্লাসই হবে। ক্লাস নেবেন বিশিষ্ট যোগা ও নেচারোপ্যাথি বিশেষজ্ঞরা। তিনি আরও জানান, বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থা, শিক্ষাপ্রতিষ্ঠান বড় বড় ক্লাবে প্রশিক্ষিত যোগা ইনস্ট্রাক্টরের দারুণ চাহিদা এখন। প্রশিক্ষিতরা যোগা ও নেচারোপ্যাথির পরিষেবা প্রদানের মাধ্যমে ব্যবসাও করতে পারেন। ডঃ চট্টোপাধ্যায় জানিয়েছেন, চাকরির ব্যাপারে বিশ্ববিদ্যালয় থেকে সহায়তা করা হবে।

ভর্তির জন্য আগ্রহীরা এখনই যোগাযোগ করতে পারেন এই দুই ঠিকানায়: (১) জে আই এস বিশ্ববিদ্যালয়, আগরপাড়া ক্যাম্পাস, ৮১, নীলগঞ্জ রোড, আগরপাড়া, কলকাতা-৭০০ ১০৯। ফোন: ৯৮৩৬০-৬৬৯২৭। (২) ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, যাদবপুর বিশ্ববিদ্যালয়, যাদবপুর, কলকাতা-৭০০ ০৩২। ফোন: ৯০৮৮৪-০১৩৫৪।

# বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের স্নাতক কোর্স

ব্যাচেলর অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (বি বি এ) কোর্সে ভর্তি নিচ্ছে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়।

আসনসংখ্যা: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ। ২০১৭-র আগে উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করবেন না।

কোর্স ফি: বছর প্রতি ১৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.vidyasagar.ac.in

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓ফি বাবদ ২৫০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'Vidyasagar University'-এর অনুকূলে 'Midnapore'-এ প্রদেয় হতে হবে।
✓প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৪ অগস্টের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: The office of the Secretary, Faculty Councils for Post-Graduate Studies, Vidyasagar University, Midnapore-721 102, West Bengal.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

National Institute of Bank Management, Pune
Post Graduate Diploma in Management (Banking & Financial Services)
(AICTE Approved)
Admission 2020-2022
Established by the Reserve Bank of India, NIBM is the apex institution in Banking and Finance. Our residential PGDM Programme has a track record of 100% placements since inception.
NIBM will use scores of CAT 2019/XAT (2020)/CMAT (2020) for short-listing WAT & PI candidates.
The last date for filling online application forms is March 20, 2020
For details visit www.nibmindia.org

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## স্টাফ সিলেকশন

□ *স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল (১০+২) এক্সামিনেশন'-এর মাধ্যমে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? এ ক্ষেত্রে প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন হবে? —প্রত্যুষ ভট্টাচার্য, শিবপুর, হাওড়া।*

□□ স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল (১০+২) এক্সামিনেশন'-এর মাধ্যমে লোয়ার ডিভিশন ক্লার্ক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। এছাড়া ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। অর্থাৎ ঘণ্টায় ইংরেজির ক্ষেত্রে ১০,৫০০ ও হিন্দির ক্ষেত্রে ৯,০০০ কি-ডিপ্রেশনের গতি থাকতে হবে। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে। টিয়ার-ওয়ান কম্পিউটার-বেসড পরীক্ষা হবে ৪টি অংশে— ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল ইন্টেলিজেন্স, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (অঙ্কের দক্ষতা বিষয়ক) এবং জেনারেল অ্যাওয়্যারনেস। প্রতি অংশে ২৫টি করে মাল্টিপল চয়েস অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে। মোট ২০০ নম্বরের পরীক্ষা। প্রতিটি অংশে নম্বর ৫০। সময় ১ ঘণ্টা। প্রতিটি বিষয়ে আলাদা করে কোয়ালিফাইং নম্বর পেতে হবে। নেগেটিভ মার্কিং থাকবে। টিয়ার-টুয়ে ডেসক্রিপ্টিভ প্রশ্নের পরীক্ষায় থাকবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। এতে থাকবে এসে রাইটিং, লেটার রাইটিং, অ্যাপ্লিকেশন রাইটিং। সময় ১ ঘণ্টা। লিখিত পরীক্ষায় পাশ করলে স্কিল টেস্ট/ টাইপিং টেস্ট নেওয়া হবে। খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: http://www.ssconline.nic.in

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস এক্সামিনেশন'-এর ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় কী কী বিষয়ে কত নম্বরের প্রশ্ন হবে? —নীলাদ্রি সাহা রায়, সুতাহাটা, পূর্ব মেদিনীপুর।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস এক্সামিনেশন'-এর ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। অথবা স্ট্যাটিস্টিক্স বা ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স বা অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতকদের ক্ষেত্রে উপরোক্ত তিনটি বিষয়ের যে-কোনও একটি অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। প্রার্থী বাছাইয়ের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এই সমস্ত বিষয়ে (ব্র্যাকেটে নম্বর): জেনারেল ইংলিশ (১০০), জেনারেল স্টাডিজ (১০০), স্ট্যাটিস্টিক্স (চারটি পার্ট ২০০ নম্বর করে)। পরীক্ষায় অবজেক্টিভ ও ডেস্ক্রিপ্টিভ, দু'ধরনেরই প্রশ্ন হবে। প্রতিটি পেপারের জন্য সময় ৩ ঘণ্টা। শুধুমাত্র অবজেক্টিভের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## ব্যাঙ্ক

□ *স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ক্রেডিট অ্যানালিস্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —চিন্ময় প্রামাণিক, বাহিরগাছি, নদিয়া।*

□□ স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ক্রেডিট অ্যানালিস্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: সি এ বা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ বা ম্যানেজমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, সঙ্গে ব্যাঙ্কে বা কোনও আর্থিক সংস্থায় সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ১২ অগস্টের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: https://bank.sbi/careers বা https://www.sbi.co.in/careers

## নার্সিং

□ *ভারতীয় সেনাবাহিনীতে নার্সিং কোর্স করে মিলিটারি নার্সিং সার্ভিসে যোগ দিতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —নিবেদিতা পাল, মাঝিডিহি, পুরুলিয়া।*

□□ ভারতীয় সেনাবাহিনীতে ৪ বছরের বি এসসি নার্সিং কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরেজি নিয়ে এবং মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক। পাশ করে থাকতে হবে প্রথম বারের পরীক্ষাতেই। ওয়েবসাইট: www.joinindianarmy.nic.in

## উচ্চশিক্ষা

□ *রাজ্যের বিভিন্ন কলেজে আর্কিটেকচারের স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনের জন্য প্রস্তুতি নিচ্ছি। এই পরীক্ষায় বসার ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? পরীক্ষার ধরনধারণ বিষয়ে বিস্তারিত জানাবেন। —রাখি সাঁতরা, বালিচক, পশ্চিম মেদিনীপুর।*

□□ রাজ্যের বিভিন্ন কলেজে আর্কিটেকচারের স্নাতক কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনে বসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি কাউন্সিল অব আর্কিটেকচার দ্বারা পরিচালিত 'ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার' পরীক্ষা অথবা সি বি এস ই দ্বারা পরিচালিত জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনের মেন পরীক্ষার পেপার টুয়ে উত্তীর্ণ হতে হবে। জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা নেওয়া হবে দু'টি পত্রে। পেপার ওয়ানে প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (১০০ নম্বর) এবং পেপার টুয়ে প্রশ্ন হবে ফিজিক্স (৫০ নম্বর) ও কেমিস্ট্রি (৫০ নম্বর) বিষয়ে। প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। পেপার ওয়ানের পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত এবং পেপার টুয়ের পরীক্ষা দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত। পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.wbjeeb.in

## কোর্স, ট্রেনিং

□ *ন্যাশনাল আর্কাইভসে 'সার্টিফিকেট কোর্স ইন সার্ভিসিং অ্যান্ড রিপেয়ার অব রেকর্ডস' কোর্স করতে চাই। বিস্তারিত জানাবেন। —পারমিতা বিশ্বাস, নাওপালা, হাওড়া।*

□□ পুরনো দলিল-দস্তাবেজ সংরক্ষণ বিষয়ে স্বল্প মেয়াদের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল আর্কাইভস অব ইন্ডিয়ার স্কুল অব আর্কাইভাল স্টাডিজ। কোর্সটির পুরো নাম 'সার্টিফিকেট কোর্স ইন সার্ভিসিং অ্যান্ড রিপেয়ার অব রেকর্ডস'। কোর্স চলবে ৯ সেপ্টেম্বর থেকে ১৮ অক্টোবর পর্যন্ত। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক, সঙ্গে হিন্দি ও ইংরেজি ভাষায় জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে হতে হবে। কোর্স ফি: ৩০০ টাকা। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nationalarchives.nic.in ফি বাবদ দিতে হবে ১০০ টাকার ইন্ডিয়ান পোস্টাল অর্ডার বা ডিমান্ড ড্রাফট বা ব্যাঙ্কার্স চেক। এটি 'Director General of Archives, National Archives of India'-র অনুকূলে নিউ দিল্লিতে প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ৯ অগস্টের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director General of Archives, National Archives of India, Janpath, New Delhi-110 001.

□ *কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ও হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টে ২ বছরের পোস্ট গ্র্যাজুয়েট কোর্সে ভর্তি হতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —অনিন্দ্য ঘোষ, উত্তরপাড়া, হুগলি।*

□□ কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন ও হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক হতে হবে। সঙ্গে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন কোর্সটির ক্ষেত্রে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা সমতুল জাতীয় স্তরের পরীক্ষায় অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট কোর্সটির ক্ষেত্রে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা জয়েন্ট এন্ট্রান্স ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (জেম্যাট) বা সমতুল জাতীয় স্তরের পরীক্ষার স্কোর থাকতে হবে। দেখুন এই ওয়েবসাইট: www.caluniv.ac.in

□ *ইন্ডিয়ান অয়েলে ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাকাউন্ট্যান্ট ট্রেডে ট্রেনিংয়ের জন্য আবেদন করেছি। প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —প্রণব দে, কমলপুর, পশ্চিম মেদিনীপুর।*

□□ ইন্ডিয়ান অয়েলে ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাকাউন্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-সহ জেনেরিক অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, ইংলিশ এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে। লিখিত পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৮ অগস্ট।

□ *পশ্চিমবঙ্গের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটারিং টেকনোলজির ডিগ্রি কোর্সে ভর্তির প্রবেশিকা পরীক্ষা 'জেহোম'-এর ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —অরিন্দম হালদার, মোহনপুর, উত্তর ২৪ পরগনা।*

□□ জয়েন্ট এনট্রান্স ফর হসপিটালিটি ম্যানেজমেন্ট ('জেহোম') প্রবেশিকা পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হয় ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), জেনারেল নলেজ (৩০ নম্বর), লজিক্যাল রিজনিং (২০ নম্বর) এবং এলিমেন্টারি ম্যাথমেটিক্স (২০ নম্বর) বিষয়ে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকে। পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত। বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে: www.wbjeeb.in

## অন্যান্য চাকরি

□ *ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজিতে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দেবোপম মণ্ডল, দাদপুর, হুগলি।*

□□ ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজিতে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত জাতীয় বা আন্তর্জাতিক প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ নির্দিষ্ট শাখায় স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে শিক্ষকতা বা গবেষণার কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। নির্দিষ্ট শাখায় ডক্টরেট ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে শিক্ষকতা বা গবেষণার কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রি বা ডক্টরেট ডিগ্রির নির্দিষ্ট বিষয়গুলি হল: ফ্যাশন ডিজাইন, লেদার ডিজাইন, নিটওয়্যার ডিজাইন, অ্যাক্সেসরি ডিজাইন, ফ্যাশন অ্যান্ড লাইফস্টাইল অ্যাক্সেসরিজ, টেক্সটাইল ডিজাইন, প্রোডাক্ট ডিজাইন, ক্লথিং অ্যান্ড টেক্সটাইল, ফেব্রিক অ্যান্ড অ্যাপারেল সায়েন্স, কমিউনিকেশন ডিজাইন, ভিশুয়াল কমিউনিকেশন, মাস কমিউনিকেশন, ইনফর্মেশন ডিজাইন, অ্যাডভার্টাইজিং অ্যান্ড ব্র্যান্ডিং, অ্যাডভার্টাইজমেন্ট অ্যান্ড জার্নালিজম, স্ট্র্যাটেজিক ডিজাইন, ফিল্ম ডিজাইন, ফটোগ্রাফি, অ্যানিমেশন অ্যান্ড মাল্টিমিডিয়া, গ্রাফিক্স অ্যান্ড অ্যানিমেশন, ইন্টারঅ্যাকশন ডিজাইন, স্পেস, এগজিবিশন, ইন্টিরিয়র ডিজাইন, ফ্যাশন ম্যানেজমেন্ট, ফ্যাশন টেকনোলজি, অ্যাপারেল প্রোডাকশন, মার্কেটিং। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, প্রেজেন্টেশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষা দু'টি পার্টে হবে। প্রথম পার্টে থাকবে জেনারেল এবিলিটি, কমিউনিকেশন এবিলিটি, জেনারেল অ্যাওয়্যারনেস, অ্যানালিটিক্যাল এবিলিটি, টেস্ট অব রিজনিং, ডেটা ইন্টারপ্রিটেশন বিষয়ে ৫০ নম্বরের প্রশ্ন। দ্বিতীয় পার্টে থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক ৫০ নম্বরের প্রফেশনাল অ্যাপ্টিটিউড। ৬ সেপ্টেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nift.ac.in

□ *ইস্টার্ন ন্যাভাল কম্যান্ডে সিভিলিয়ন মোটর ড্রাইভার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দয়িতা মজুমদার, বাঁকুড়া।*

□□ ইস্টার্ন ন্যাভাল কম্যান্ডে সিভিলিয়ন মোটর ড্রাইভার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সেই সঙ্গে হেভি মোটর ভেহিক্যল ও মোটর সাইকেলের বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। ১ বছর হেভি মোটর ভেহিক্যল চালানোর অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে। লিখিত পরীক্ষায় জেনারেল ইন্টেলিজেন্স/রিজনিং অ্যান্ড নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড (২০ নম্বর), জেনারেল ইংলিশ (২০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (১০ নম্বর) এবং ট্রেড বিষয়ে (৫০ নম্বর) অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১৬ অগস্টের মধ্যে রেজিস্টার্ড পোস্ট বা স্পিড পোস্ট মারফত পৌঁছতে হবে এই ঠিকানায়: Flag Officer Commanding-in-Chief {for SO(CRC)}, Headquarters, Eastern Naval Command, Utility Complex, 2nd Floor, Naval Base, Visakhapatnam-530014 (Andhra Pradesh). খুঁটিনাটি বিষয়ে বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.indiannavy.nic.in

□ *ভারতীয় নৌবাহিনীর ম্যাট্রিক রিক্রুটস ক্যাটেগরির ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —মিলন ঘোষ, মালদা।*

□□ ভারতীয় নৌবাহিনীর ম্যাট্রিক রিক্রুটস ক্যাটেগরির ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-বেসড পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। ৫০ নম্বরের পরীক্ষায় থাকবে জেনারেল নলেজ, ম্যাথমেটিক্স ও সায়েন্স বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন। সময়সীমা ৩০ মিনিট। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট-আপ (ওঠ-বস), ১০টি পুশ-আপ। সবশেষে ডাক্তারি পরীক্ষা। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *রাষ্ট্রীয় ইস্পাত নিগমে অপারেটর-কাম-মেকানিক ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? —কিঞ্জল নাগ, বর্ধমান।*

□□ রাষ্ট্রীয় ইস্পাত নিগমে অপারেটর-কাম-মেকানিক ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে অন্তত ৬০ শতাংশ (তফসিলি বা দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ যে-কোনও ট্রেডে এন সি ভি টি স্বীকৃত আই টি আই বা ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা থাকতে হবে। এর পাশাপাশি বৈধ হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স (ট্রান্সপোর্ট) থাকতে হবে। এ ছাড়া বি এসসি, বি কম বা বি এ ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। পাশাপাশি, উচ্চতা হতে হবে অন্তত ১৫০ সেমি। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ সেমি ও ৮০ সেমি। ওজন হতে হবে পুরুষদের ক্ষেত্রে ৪৫ কেজি। দৃষ্টিশক্তি থাকতে হবে দূরের ক্ষেত্রে উভয় চোখে ৬/৯ অথবা এক চোখে ৬/৬ এবং অন্য চোখে ৬/১২। কাছের ক্ষেত্রে এক চোখে জে-ওয়ান এবং অন্য চোখে জে-২। মায়োপিয়া ও হাইপার-মেট্রোপিয়া থাকলে, তা +২.৫ডি-র বেশি হলে চলবে না। প্রার্থীকে শারীরিক ভাবে সুস্থ হতে হবে। বর্ণান্ধতা থাকলে চলবে না। ওয়েবসাইট: www.vizagsteel.com

□ *ভারতীয় সেনাবাহিনীতে ইলেক্ট্রিক্যাল শাখায় ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —শুভজিৎ ঘোষদস্তিদার, বারাকপুর।*

□□ ভারতীয় সেনাবাহিনীতে ইলেক্ট্রিক্যাল শাখায় ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার) ইঞ্জিনিয়ারিং, পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি শাখায় ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে অন্তত ১৫৭.৫ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলাতে পারা চাই। দৃষ্টিশক্তি হতে হবে উভয় চোখে ৬/৬০ (উভয় চোখে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। মায়োপিয়া থাকলে তা যেন অ্যাস্টিগম্যাটিজম-সহ মাইনাস ৩.৫০-এর মধ্যে হয়। হাইপারমেট্রোপিয়া থাকলে তা যেন অ্যাস্টিগম্যাটিজম-সহ প্লাস ৩.৫০-র মধ্যে হয়। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। দৃষ্টিশক্তি সংশোধনের জন্য রেডিয়াল কেরাটোটোমি করিয়ে থাকলে আবেদন করবেন না। খুঁটিনাটি জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.joinindianarmy.nic.in

□ *পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টে প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট-কাম-ডেটা এন্ট্রি অপারেটর পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন পদ্ধতিতে? —সুলগ্না সেন, মগরাহাট, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্টে প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট-কাম-ডেটা এন্ট্রি অপারেটর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক, সঙ্গে প্রতি মিনিটে অন্তত ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকা চাই। পাশাপাশি, প্রার্থীকে মাইক্রোসফট অফিস, ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট ও এক্সেলের ব্যবহার জানতে হবে। সাবলীলভাবে বাংলা ও ইংরেজি ভাষায় লিখতে ও বলতে পারা চাই। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা (৫০ নম্বর), প্র্যাক্টিক্যাল পরীক্ষা (৩০ নম্বর) এবং ইন্টারভিউয়ের (২০ নম্বর) মাধ্যমে। পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে জেনারেল নলেজ, এলিমেন্টারি ম্যাথমেটিক্স এবং ইংলিশ বিষয়ে। খুঁটিনাটি বিষয়ে বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.pbssd.gov.in

নাম : ..........................................

ঠিকানা : ......................................

..................................................

..................................................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# দক্ষিণ-পূর্ব-মধ্য রেলে ৩১২

## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

*প্রথম পাতার পর*

দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট/ কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট:** ৩০টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮, আর্থিকভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রিশিয়ান:** ৫০টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিকভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **স্টেনোগ্রাফার (ইংলিশ) /সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট:** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **প্লাম্বার:** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **পেইন্টার:** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ওয়্যারম্যান:** ২০টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **ইলেক্ট্রনিক্স মেকানিক:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **পাওয়ার মেকানিক্স:** ২টি (সাধারণ)। **মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স:** ২টি (সাধারণ)। **ডিজেল মেকানিক:** ৬০টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৬, আর্থিকভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **আপহোলস্টার (ট্রিমার):** ২টি (সাধারণ)। **বেয়ারার:** ২টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত।

**মোতিবাগ ওয়ার্কশপ: ফিটার:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। **ওয়েল্ডার:** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিকভাবে অনগ্রসর ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক বা সমতুল। সেইসঙ্গে সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে এন সি ভি টি স্বীকৃত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

**বয়স:** ৩০-৭-২০১৯ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিক ও আই টি আই পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.secr.indianrailways.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৭০ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি ফর্ম্যাটে ২০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে)-সহ বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি বা দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট বা ডিসচার্জ সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


JIS UNIVERSITY
in collaboration with
Clinical Research Centre (CRC), JU
announces Certificate Course in
YOGA AND NATUROPATHY TRAINEE
Duration: 1 Year
Eligibility: 10+2 (Any Stream)
Age Limit: No Age Bar
Training Duration: 2 days / week, 10 am to 5 pm
Limited Seats
100% JOB ASSISTANCE
CONTACTS:
98360 66927 (JIS University)
90884 01354 (CRC, JU)
For details please visit:
www.jisuniversity.ac.in


# বারুইপুর পুলিশ ডিস্ট্রিক্টে ড্রাইভার

৩০ জন ড্রাইভার নেবে বারুইপুর পুলিশ ডিস্ট্রিক্ট। নিয়োগ হবে চুক্তিতে।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ। প্রার্থীকে বাংলায় পড়তে ও লিখতে জানতে হবে। এর পাশাপাশি ১-৮-২০১৯ তারিখ অনুসারে অন্তত ৩ বছরের বৈধ লাইট মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ১-৮-২০১৯ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রতি মাসে ১১,৫০০ টাকা।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউ, ড্রাইভিং টেস্ট ও মেডিক্যাল টেস্ট নেওয়া হবে।

### দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর ২ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের নকল।
- ✓ড্রাইভিং লাইসেন্সের নকল।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের নকল।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের নকল।

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি-সহ একটি সাদা কাগজে আবেদন করবেন। The Superintendent of Police, Baruipur Police District-কে উদ্দিষ্ট করে দরখাস্ত করবেন। দরখাস্তে প্রার্থীর মোবাইল নম্বর লিখে দেবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৪ সেপ্টেম্বরের মধ্যে নির্দিষ্ট ঠিকানায় রাখা ড্রপবক্সে জমা দিতে হবে। ঠিকানা: M.T. Section, Baruipur Police District, Baruipur, Kolkata - 700144.

তথ্যের জন্য যোগাযোগ করুন উপরোক্ত ঠিকানায়।


UTTRAYAN
বিভিন্ন পদে নিয়োগ:
ব্রাঞ্চে Credit and Recovery Officer: যোগ্যতা - কমপক্ষে উচ্চ মাধ্যমিক, বয়স ২০ থেকে ৩০ বছর, বার্ষিক বেতন CTC Rs. 1,08,840/- সাথে State Allowance (অন্য রাজ্যে), PF, ESI, Gratuity, Exgratia এবং বীমা। সরাসরি Interview- 09 am to 4 pm, সঙ্গে আনবেন ১ কপি Bio-Data, 4 কপি রঙিন পাসপোর্ট ছবি, ভোটার, PAN, আধার এবং শিক্ষাগত যোগ্যতার সকল প্রমাণপত্রের Original & Xerox, 5, 6, 13 & 14 August 2019:
(১) বহরমপুর - 6292195208,
(২) মেদিনিপুর - 6292195553,
(৩) রামপুরহাট - 6292195212,
(৪) ডায়মন্ডহারবার - 6292195206,
(৫) কৃষ্ণনগর - 6292195215,
(৬) মালদা - 6292195203,
(৭) কোলকাতা - 6292195511
E-Mail - jobs.uttrayan@gmail.com
Head Office- এ বিভিন্ন পদে: Commerce & Science Graduate with 55% and above marks. Send CV to career.uttrayan@gmail.com



COMPETITITIVE EXAM
(মাধ্যমিক, উচ্চমাধ্যমিক W.B.C.S., S.S.C. জন্যে অপরিহার্য্য পুস্তক
অধ্যাপক জি. কে. পাহাড়ী প্রণীত—
ভারত পরিচয় ও বিশ্ব
ভারত ও ইউরোপের ইতিহাস (M.C.Q প্যাটার্ন)
শ্রীতারা প্রকাশনী
২০৬ বিধান সরণী, কলকাতা-৬
ফোন ঃ ২২৪১-১৭৬৪



JIS UNIVERSITY
Admission in B.Ed 2019
JIS University Campus, Kolkata, 81, Nilgunj Road, Agarpara Kolkata - 700 109 | Ph: 86977 43361 / 86977 43362
National Council of Teacher Education (NCTE) দ্বারা স্বীকৃত JIS বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তি চলিতেছে। সীমিত আসন সংখ্যা। BA/B.Sc অথবা MA/M.Sc অথবা B.Com/M.Com-এ ন্যূনতম ৫০ শতাংশ নম্বর আবশ্যক। ইচ্ছুক প্রার্থীরা ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। 'কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে স্কলারশিপ দেওয়া হয়। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*কিছুই না করে একটা জীবন কাটিয়ে দেওয়ার চেয়ে ভুল করতে করতে এগিয়ে চলা একটি জীবন অনেক অনেক বেশি কার্যকর ও সম্মাননীয়।*
*— জর্জ বার্নার্ড শ*
*(আইরিশ নাট্যকার)*

***✓ মেকানিক্যাল ট্রেডে আই টি আই করেছি। আই টি আইয়ে ৭৫ শতাংশ নম্বর আছে। চাকরির খোঁজ দেবেন।***

*বুদ্ধদেব গুহ, সালকিয়া, হাওড়া।*

□ মেকানিক্যাল ট্রেডের আই টি আই সার্টিফিকেটধারীদের চাকরির সুযোগ আছে সরকারি নানা সংস্থায়। আগে লিখিত পরীক্ষায় বসতে হবে। এই পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** ২৬০ জন জুনিয়র ট্রেনি নেবে বিশাখাপত্তনমের রাষ্ট্রীয় ইস্পাত নিগম। মেকানিক্যাল-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেড এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখা থেকে নিয়োগ হবে। আই টি আই বা ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর থাকলে আবেদন করা যাচ্ছে। 'কর্মক্ষেত্র'-র ৩১ জুলাই সংখ্যায় 'রাষ্ট্রীয় ইস্পাত নিগমে ৫৫৭' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিং শেষে নিয়োগ হবে টেকনিশিয়ান পদে। প্রার্থী বাছাই হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। কলকাতায় পরীক্ষা কেন্দ্র আছে। ২১ অগস্টের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vizagsteel.com এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০৪/২০১৯।

২৬০জন জুনিয়র ট্রেনি নেবে বিশাখাপত্তনমের রাষ্ট্রীয় ইস্পাত নিগম। মেকানিক্যাল-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেড এবং ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখা থেকে নিয়োগ হবে। আই টি আই বা ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর থাকলে আবেদন করা যাচ্ছে। 'কর্মক্ষেত্র'-র ৩১ জুলাই সংখ্যায় 'রাষ্ট্রীয় ইস্পাত নিগমে ৫৫৭' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে লেভেল-ওয়ান ও টেকনিশিয়ান পদে আবেদন করতে পারবেন। অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদেও আপনি আবেদনের যোগ্য। বিভিন্ন রাষ্ট্রায়ত্ত প্রোডাকশন ও ম্যানুফ্যাকচারিং সংস্থায় চাকরির সুযোগ আছে। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও চাকরির খবর পাবেন।

***✓ ২০১৯-এ গ্র্যাজুয়েশন সম্পূর্ণ হয়েছে। আমি কমার্স গ্র্যাজুয়েট। সরকারি চাকরি করতে চাই। কোন কোন সরকারি চাকরির জন্য আমি আবেদন করতে পারব জানাবেন।***

*ঋষিতা নাগ, রামলালবাজার, কলকাতা।*

□ বিভিন্ন সরকারি চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। যোগ্যতা ও প্রবণতা অনুসারে পছন্দের কয়েকটি চাকরি বেছে নিয়ে আগে থেকে সেই চাকরিগুলির পরীক্ষার জন্য প্রস্তুতি নিলে সুবিধা হবে। এখানে আপনার শিক্ষাগত যোগ্যতা অনুসারে কিছু চাকরির কথা জানানো হল।

কেন্দ্রীয় সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক এবং প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার ও অফিস-অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। তবে, ব্যাঙ্কের যে-কোনও পদে আবেদনের জন্য আগে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় পাশ করতে হবে। এই পরীক্ষার বিজ্ঞপ্তি বেরলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর বিশদে জানানো হয়ে থাকে। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ক্লার্ক, প্রবেশনারি অফিসার, কাস্টমার রিলেশন অফিসার পদে আবেদনের জন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় বসার দরকার হয় না। সরাসরিই আবেদন করা যায়। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট ও অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। রেলে ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। ডব্লু বি এস ই ডি সি এল-এর অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক বা অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

***✓ একাদশ শ্রেণি পর্যন্ত পড়াশোনা করেছি। হেভি ও লাইট মোটর ভেহিক্যাল লাইসেন্স আছে। বয়স ২৫ বছর। গত ৩ বছর ধরে একটি কনস্ট্রাকশন কোম্পানির হেভি ভেহিক্যাল চালাচ্ছি। সরকারি সংস্থায় চাকরির খোঁজ দিলে উপকৃত হব।***

*প্রদীপ মণ্ডল, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

□ দক্ষ ড্রাইভারের চাকরি আছে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থা এবং পুলিশ, আধা-সামরিক বাহিনী ও সামরিক বাহিনীতে।

***এখনই আবেদন করতে পারেন:*** ১০৪জন সিভিলিয়ান মোটর ড্রাইভার নেবে ভারতীয় নৌবাহিনী। নিয়োগ করা হবে ইস্টার্ন ন্যাভাল কম্যান্ডের বিভিন্ন ইউনিট ও এস্টাবলিশমেন্টে। শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক। অন্তত এক বছর হেভি মোটর ভেহিক্যল চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৫ বছরের মধ্যে। আপনি আবেদন করতে পারেন। নিয়োগের জন্য প্রথমে লিখিত পরীক্ষা হবে। সফল হলে ড্রাইভিং টেস্ট। 'কর্মক্ষেত্র'-র ২৪ জুলাই সংখ্যায় 'ইস্টার্ন ন্যাভাল কম্যান্ডে ১০৪ ড্রাইভার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: GR-C/Dr/4/2018 দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.indiannavy.nic.in পূরণ করা দরখাস্ত রেজিস্টার্ড পোস্ট বা স্পিড পোস্ট মারফত ১৬ অগস্টের মধ্যে পৌঁছতে হবে ইস্টার্ন ন্যাভাল কম্যান্ড হেডকোয়ার্টার্সের নির্দিষ্ট ঠিকানায়।

সুন্দরবন পুলিশ ডিস্ট্রিক্টে কিছু ড্রাইভার নেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট পাশ। অন্তত ৩ বছরের বৈধ লাইট বা হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকলে আবেদন করা যাবে। ৪০জন ড্রাইভার নেবে চন্দননগর পুলিশ কমিশনারেট। প্রার্থীকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। অন্তত ৩ বছরের লাইট মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকলে আবেদন করা যাবে। উভয় ক্ষেত্রেই আপনি আবেদনের যোগ্য।

সুন্দরবন পুলিশ ডিস্ট্রিক্টের ক্ষেত্রে আবেদনের ফর্ম সংগ্রহ করা যাবে যে কোনও কাজের দিন সকাল ১০টা থেকে দুপুর ৩টের মধ্যে, এই ঠিকানা থেকে: এম টি সেকশন, লট নম্বর ৮, কাকদ্বীপ, পিন-৭৪৩ ৩৪৭। নথিপত্র-সহ ১৪ অগস্টের মধ্যে উপরোক্ত ঠিকানায় রাখা ড্রপ বক্সে দরখাস্ত জমা দিতে হবে। 'কর্মক্ষেত্র'-র ৩১ জুলাই সংখ্যায় 'সুন্দরবন পুলিশ ডিস্ট্রিক্টে ড্রাইভার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

চন্দননগর পুলিশ কমিশনারেটের ক্ষেত্রে সাদা কাগজে আবেদন করবেন। The Commissioner of Police, Chandannagar Police Commissionerate, Chinsurah Police Lines, Chinsurah, Hooghly-কে উদ্দেশ করে দরখাস্ত করতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ ২০ অগস্টের মধ্যে দরখাস্ত জমা দিতে হবে উপরের ঠিকানায়, মোটর ট্রান্সপোর্ট সেকশনে রাখা ড্রপ বক্সে। 'কর্মক্ষেত্র'-র ৩১ জুলাই সংখ্যায় 'চন্দননগর পুলিশ কমিশনারেটে ড্রাইভার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** আর্মি, নেভি ও এয়ারফোর্সে সময়ে সময়ে সিভিলিয়ান মোটর ড্রাইভার নেওয়া হয়। হেভি ড্রাইভিং লাইসেন্স এবং কয়েক বছর হেভি ভেহিক্যল ড্রাইভিংয়ের অভিজ্ঞতা থাকলে আবেদন করা যায়। আধা-সামরিক বাহিনীগুলিতেও সময়ে সময়ে ড্রাইভার নেওয়া হয়। পশ্চিমবঙ্গের বিভিন্ন পুলিশ কমিশনারেটে সময়ে সময়ে ড্রাইভার নিয়োগ করা হয়ে থাকে। বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থাতেও চাকরির সুযোগ আছে। ড্রাইভারের সরকারি চাকরির বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়ে থাকে।

সুন্দরবন পুলিশ ডিস্ট্রিক্টে কিছু ড্রাইভার নেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট পাশ। অন্তত ৩ বছরের বৈধ লাইট বা হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকলে আবেদন করা যাবে। ৪০জন ড্রাইভার নেবে চন্দননগর পুলিশ কমিশনারেট। প্রার্থীকে পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। অন্তত ৩ বছরের লাইট মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স থাকলে আবেদন করা যাবে।



## চাকরির পরীক্ষার অঙ্ক নিয়ে ঘাবড়ানোর কিছু নেই

**শান্তনু বন্দ্যোপাধ্যায়**
প্রাক্তন প্রধান, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া লার্নিং সেন্টার, কলকাতা

কলেজের পাঠ সম্পূর্ণ করার পরেই যাঁরা সরকারি চাকরির জন্য উদ্যোগী হবেন বলে ঠিক করেছেন তাঁদের বলব, কলেজের পড়াশোনা সম্পূর্ণ হওয়া পর্যন্ত অপেক্ষা না করে চাকরির পরীক্ষার প্রস্তুতি শুরু করে দিন কলেজে পড়তে পড়তেই। প্রস্তুতির জন্য একটু সময় কিন্তু লাগবেই। কলেজের অন্তত দ্বিতীয় বর্ষ থেকে প্রস্তুতি শুরু করতে পারলে, কলেজের পড়াশোনা সাঙ্গ হওয়ার সঙ্গে সঙ্গে সরকারি চাকরির পরীক্ষার জন্য প্রস্তুত হয়ে যাবেন। গ্র্যাজুয়েট যোগ্যতার চাকরির জন্য আবেদন করতে হলে স্নাতকের রেজাল্ট প্রকাশ পর্যন্ত অপেক্ষা করতে হবে। সেক্ষেত্রে ফাইনাল পরীক্ষা শেষ হওয়ার পর থেকে রেজাল্ট প্রকাশিত হওয়া পর্যন্ত কয়েক মাস সময় পাচ্ছেন। প্রস্তুতির পর্বটাকে তুঙ্গে নিয়ে যাওয়ার জন্য এই সময়টাকে দারুণভাবে কাজে লাগাতে হবে।

একটা প্রশ্ন হতে পারে। চাকরির পরীক্ষার জন্য তৈরি হওয়ার জন্য কলেজের পড়াশোনা অবহেলিত হবে না কি? আমি বলব, কলেজের পড়াশোনাটা অবশ্যই ভালো করে করতে হবে। ভালো রেজাল্ট করার বিষয়েও মনোযোগী হতে হবে। কলেজের প্রথম বা দ্বিতীয় বর্ষ থেকেই যদি চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি শুরু করেন, তবে চাকরির পরীক্ষার পড়াশোনার জন্য দিনে এক থেকে দেড় ঘণ্টা সময় দিন। এই সময়টা নিয়মিতভাবে দিন। বাকি সময়টা কলেজের পড়াশোনার জন্যই ব্যয় করুন।

যে-কোনও সরকারি চাকরির পরীক্ষাতেই কিছু অঙ্কের প্রশ্ন থাকেই। এই অঙ্কের প্রশ্ন নিয়ে অনেককেই উদ্বিগ্ন হতে দেখি। সরকারি চাকরির পরীক্ষায় মাধ্যমিক স্তরের অঙ্কের প্রশ্ন হয়। অঙ্কগুলো একসময় করতে হয়েছে। নতুন করে ঝালিয়ে নিতে হবে। যখন অঙ্কে ভীতি ছিল, তখন একটা চাপও ছিল। পরীক্ষায় অঙ্কের নম্বর নিয়ে চাপ। চাকরির পরীক্ষার প্রস্তুতির সময় সেই চাপটা থাকবে না। কিছুদিন অনুশীলন করার পরেই দেখবেন, অঙ্কগুলো আর আগের মতো শক্ত লাগছে না। ব্যাঙ্কের ক্ল্যারিক্যাল গ্রেড বা প্রবেশনারি অফিসার পদের পরীক্ষায় কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউডের প্রশ্ন হয়। ক্রমাগত অনুশীলনের মাধ্যমেই এক্ষেত্রে দক্ষতা তৈরি হয়। আর্টস শাখার অনেক ছাত্রছাত্রীকে বলতে শুনেছি, দীর্ঘদিন অঙ্কের সঙ্গে যোগাযোগ নেই। ব্যাঙ্কের পরীক্ষায় সফল হওয়া সম্ভব কি? আমি বলব, খুবই সম্ভব। ধৈর্য ধরে বিষয়টি নিয়ে একটু পরিশ্রম করুন, আপনি অবশ্যই চাকরির পরীক্ষার অঙ্ক নিয়ে আত্মবিশ্বাসী হয়ে উঠবেন।

চাকরির পরীক্ষায় বিভিন্ন বিষয়ের প্রশ্নের মিশেল ঘটে। ইংরেজি, জি কে, কারেন্ট অ্যাফেয়ার্স থেকেও প্রশ্ন হবে। পাশাপাশি থাকবে অঙ্কের প্রশ্নও। একটা বিভাগে একটু খামতি থাকলে অন্য বিভাগগুলির যতটা সম্ভব বেশি প্রশ্নের সঠিক উত্তর করে সেই খামতির অনেকটাই পুষিয়ে নেওয়ার সুযোগ থাকে।

পরীক্ষায় নির্দিষ্ট সময়ের মধ্যে যত বেশি সঠিক উত্তর করবেন, ততই আপনি এগিয়ে থাকবেন। প্রশ্ন সমাধানের গতিটা অর্জন করতে হবে ধারাবাহিক অনুশীলনের মধ্য দিয়েই। এর কোনও বিকল্প নেই। ধারাবাহিকতার সুফল আপনি পাবেনই।

আপনাদের প্রতিভা, বুদ্ধির অভাব নেই। এরসঙ্গে যদি পরিকল্পনা, পরিশ্রম ও ধৈর্য যুক্ত হয় তবে বাঙালি ছেলে-মেয়েরা সরকারি চাকরির ক্ষেত্রেও অপ্রতিরোধ্য হয়ে উঠবেন।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



চাকরি ও স্বনিযুক্তি সহায়ক এক ডজন প্রশিক্ষণ ...পৃঃ ১২

# কর্মক্ষেত্র জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

## বিনিয়োগ উপদেষ্টার পড়াশোনা




দেশের আর্থিক ব্যবস্থার মূল স্রোতের সঙ্গে ছোট-বড় লগ্নিকারীদের যুক্ত করতে আগ্রহী সরকার ও বাণিজ্য মহল। তবে বিনিয়োগের সঙ্গে জড়িয়ে থাকে ঝুঁকিও। আর্থিক ক্ষতি এড়িয়ে লাভজনক বিনিয়োগের দিশা দেখান দক্ষ বিনিয়োগ উপদেষ্টারা। কলকাতা স্টক এক্সচেঞ্জের সঙ্গে যৌথ উদ্যোগে বিনিয়োগ-সংক্রান্ত স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পড়ানো হয় কলকাতা বিশ্ববিদ্যালয়ে। আবেদন করতে পারেন যে-কোনও শাখার স্নাতকরা। বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে চাকরি ও স্বাধীন পরামর্শদাতা হিসেবে কাজের সুযোগ রয়েছে।

**নিজস্ব প্রতিনিধি:** ব্যাঙ্ক ও পোস্ট অফিসে দীর্ঘ ও স্বল্পমেয়াদি সঞ্চয়ের পাশাপাশি সাম্প্রতিক কালে চলতি ধারার বাইরে আর্থিক বিনিয়োগের প্রতি আগ্রহ বেড়েছে সাধারণ মানুষের মধ্যে। ভারতের একটি মিউচুয়াল ফান্ড ট্রান্সফার সংস্থা কম্পিউটার এজ ম্যানেজমেন্ট সার্ভিসেস (ক্যামস) জানিয়েছে, ২০১৮-১৯ আর্থিক বর্ষে ৩৬ লক্ষ মানুষ মিউচুয়াল ফান্ডে বিনিয়োগ করেছেন। মিউচুয়াল ফান্ড ছাড়াও জনপ্রিয় বিনিয়োগ প্রকল্পের মধ্যে রয়েছে বিমা, শেয়ার, গোল্ড ও সিকিউরিটি বন্ড।

> যে-কোনও রকম বিনিয়োগের আগে বিনিয়োগ ক্ষেত্রটি কতটা নির্ভরযোগ্য, কতটা লাভজনক বা কতটা ঝুঁকিবহুল, কত দ্রুত লাভদায়ক, বিনিয়োগ করলে আয়করে কী প্রভাব পড়বে ইত্যাদি দিকগুলি সম্পর্কে একশো শতাংশ নিশ্চিত হতে চান বিনিয়োগকারী। বিনিয়োগকারীকে এই বিষয়ে সাহায্য করে থাকেন পেশাদার ও বিশেষজ্ঞ ইনভেস্টমেন্ট পোর্টফোলিও ম্যানেজাররা।

ক্যামস-এর হিসেব বলছে, বিনিয়োগকারীদের মধ্যে ১৭ লক্ষেরই বয়স ২০ থেকে ৩৫ বছরের মধ্যে। বিনিয়োগের ধরনে পরিবর্তনের এই প্রবণতাকে আরও উৎসাহ দিতে এগিয়ে এসেছে আর্থিক সংস্থাগুলি এবং শিল্পমহল। স্বাভাবিকভাবেই এই সব আর্থিক সংস্থায় চাহিদা বাড়ছে বিনিয়োগের খুঁটিনাটি জানা দক্ষ ইনভেস্টমেন্ট ম্যানেজার ও অ্যাডভাইজরদের।

ইনভেস্টমেন্ট পোর্টফোলিও ম্যানেজমেন্ট সার্ভিসেসের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স পড়াচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য বিভাগ। ২০১৮-য় পূর্ব ভারতে প্রথম এই কোর্সের পঠনপাঠন শুরু হয় কলকাতা বিশ্ববিদ্যালয়ে, ক্যালকাটা স্টক এক্সচেঞ্জের সেন্টার অব এক্সেলেন্স ইন ফিনান্সিয়াল মার্কেটসের সঙ্গে যৌথ উদ্যোগে। স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সটি সান্ধ্যকালীন। কোর্সের মেয়াদ ১ বছর।

### ইনভেস্টমেন্ট পোর্টফোলিও ম্যানেজার: কাজের ধরন

যে-কোনও রকম বিনিয়োগের আগে বিনিয়োগ ক্ষেত্রটি কতটা নির্ভরযোগ্য, কতটা লাভজনক বা কতটা ঝুঁকিবহুল, কত দ্রুত লাভদায়ক, বিনিয়োগ করলে আয়করে কী প্রভাব পড়বে ইত্যাদি দিকগুলি সম্পর্কে একশো শতাংশ নিশ্চিত হতে চান বিনিয়োগকারী। বিনিয়োগকারীকে এই বিষয়ে সাহায্য করে থাকেন পেশাদার ও বিশেষজ্ঞ ইনভেস্টমেন্ট পোর্টফোলিও ম্যানেজাররা। বিশ্লেষণী ক্ষমতার মাধ্যমে সব দিক খতিয়ে দেখে লাভজনক বিনিয়োগের পথ দেখান তাঁরা।

### কী শিখবেন

কলকাতা বিশ্ববিদ্যালয়ে ইনভেস্টমেন্ট পোর্টফোলিও ম্যানেজমেন্ট সার্ভিসেসের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সটি দু'টি সেমেস্টারে বিভক্ত। এই কোর্সে পড়ানো হবে এইসব বিষয়—

- ইন্ডিয়ান ফিনান্সিয়াল সিস্টেম
- ফিনান্সিয়াল মার্কেট
- ইনভেস্টমেন্ট অ্যানালিসিস
- পোর্টফোলিও ম্যানেজমেন্ট
- ওয়েলথ ম্যানেজমেন্ট
- ট্রেডিং, মিউচুয়াল ফান্ড ইনভেস্টমেন্ট, ইনশিওরেন্স।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য বিভাগের অ্যাসোসিয়েট প্রফেসর সজল দাস জানালেন, ফিনান্সিয়াল প্ল্যানিংয়ের জন্য ওয়েলথ ইনভেস্টমেন্ট প্ল্যানিং এবং ওয়েলথ ম্যানেজমেন্টের মতো বিষয়গুলি খুবই গুরুত্বপূর্ণ। এই কোর্সে কী উপায়ে, কোথায়, কী হারে বিনিয়োগ

এরপর চোদ্দোর পাতায়

স্বনির্ভরতার নানা পথ

## সুগন্ধী ও ডিজাইনার মোমবাতির ব্যবসা শুরু করুন পুজোর মরশুমেই

সুগন্ধী ও ডিজাইনার মোমবাতির বাজার দুনিয়াজোড়া। আধা-তরল মোমবাতি, ভাসমান মোমবাতি, বহুবর্ণ মোমবাতি, সব মিলিয়ে দারুণ বৈচিত্রপূর্ণ মোমবাতির জগৎ। তৈরির পদ্ধতি শিখে নিলে ব্যবসা শুরু হতে পারে এবারের পুজোর মরশুমেই।

**নিজস্ব প্রতিনিধি:** শুধু আলোর প্রয়োজনে মোমবাতির ব্যবহার কমলেও, ঘরের অন্দরসজ্জা থেকে শুরু করে রাস্তায় নেমে প্রতিবাদের প্রতীক হিসেবে মোমবাতির কদর বরং বাড়তির দিকে।

বড়দিনের উৎসবে সমগ্র ইউরোপ, আমেরিকায় লক্ষ লক্ষ মোমবাতির দরকার হয়। ঠিক যেমন বাংলাতেও পুজোর মরশুমে আর দীপাবলির সময় দেশজুড়ে চাহিদা বেড়ে যায় মোমবাতির। এর বড় অংশটাই যদিও সাধারণ মোমবাতি। এর বাইরে ঘর সাজানোর জন্য আজকাল দৃষ্টিনন্দন নানা ডিজাইনের মোমবাতি পাওয়া যায় শপিং মল আর



নামী হস্তশিল্প বিপণিগুলিকে। পাওয়া যায় সুরভিত মোমবাতিও। যা থেকে নরম আলোর সঙ্গে ছড়িয়ে পড়বে মৃদু সৌরভ। হোটেল-রেস্তোরাঁর ক্যান্ডেললাইট ডিনারে এই সুগন্ধী মোমবাতির খুব চাহিদা। দামও সাধারণ মোমবাতির তুলনায় অনেকটাই বেশি। ডিজাইনার মোমবাতির সঙ্গে পাওয়া যায় নানা কিসিমের ডিজাইনার মোমদানও।

পুজোর আগে বেকার তরুণ-তরুণীরা মোমবাতি তৈরির পদ্ধতি শিখে মোমবাতির ব্যবসা করে নিজের পায়ে দাঁড়াতে পারেন। সাধারণ মোমবাতির পাশাপাশি সুগন্ধী, ভাসমান কিংবা জেল মোমবাতি, ডেকোরেটিভ মোমবাতি বা মশা তাড়ানোর মোমবাতি তৈরি শিখে নিলে ব্যবসার পরিসর বাড়ে।

স্বনিযুক্তি সহায়ক প্রতিষ্ঠান প্রগতি-তে মোমবাতি তৈরির প্রশিক্ষণ

এরপর চোদ্দোর পাতায়





অনলাইনেও গ্রাহক হওয়া যায়
www.swarnakshar.in

কলেজে পড়তে পড়তেই নিয়মিত পড়ুন

পেশাপ্রবেশ

আর স্নাতক হয়েই যে কোনও চাকরির পরীক্ষা দিন নিশ্চিন্তে

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয় সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ঘরে বসে নিয়মিত 'পেশাপ্রবেশ' পেতে ২৩০ (ক্যুরিয়ারে ৪৯০) টাকার চেক/ড্রাফ্ট নীচের ঠিকানায় পাঠিয়ে বার্ষিক গ্রাহক হোন:

Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-19
Ph: 2283-2320 □ E-mail: info@swarnakshar.in


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারি স্কলারশিপ

**প্রতি বছরই মাধ্যমিক ও বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ও গবেষণায় আগ্রহী মেধাবী ছাত্রছাত্রীদের স্নাতক থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত পড়াশোনার জন্য ফেলোশিপ দেয় কেন্দ্রীয় সরকার। আগ্রহী প্রার্থীরা আবেদন করতে পারেন এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** স্কুলস্তর থেকেই বিজ্ঞান শাখায় উচ্চশিক্ষা ও গবেষণায় ছাত্রছাত্রীদের আগ্রহী করে তোলার জন্য ফেলোশিপ দেয় কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ। ফেলোশিপটির পুরো নাম কিশোর বৈজ্ঞানিক প্রোৎসাহন যোজনা ফেলোশিপ। ২০১৯-এ মাধ্যমিক উত্তীর্ণ ও একাদশ শ্রেণিতে পাঠরত এবং উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ও স্নাতক কোর্সের প্রথম বর্ষে পাঠরতরা এই ফেলোশিপের জন্য এখনই আবেদন করতে পারেন। তবে আর্থিক সাহায্য পাওয়া যাবে স্নাতক কোর্সে ভর্তি হওয়ার পরই। স্নাতকস্তরে ভর্তির সময় থেকে পরবর্তী পাঁচ বছর (প্রি-পি এইচ ডি) দেওয়া হয় এই ফেলোশিপ।

## কিশোর বৈজ্ঞানিক প্রোৎসাহন যোজনা (কে ভি পি ওয়াই) ফেলোশিপ

উচ্চমাধ্যমিক স্তর থেকেই ছাত্রছাত্রীদের মধ্যে বিজ্ঞান-গবেষণার প্রতি আগ্রহ বাড়িয়ে তুলতে ১৯৯৯ থেকে এই ফেলোশিপ অ্যাওয়ার্ড দিচ্ছে কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ। একটি সর্বভারতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করে বেঙ্গালুরুর ইন্ডিয়ান আকাদেমি অব সায়েন্সেস। এই বছরের পরীক্ষা ৩ নভেম্বর।

**ফেলোশিপ:** স্নাতক এবং ইন্টিগ্রেটেড স্নাতক কোর্সের ক্ষেত্রে প্রথম তিন বছর প্রতি মাসে ৫,০০০ টাকা এবং বার্ষিক এককালীন অনুদান ২০,০০০ টাকা।

স্নাতকোত্তর স্তরে প্রথম ও দ্বিতীয় বছর (ইন্টিগ্রেটেড কোর্সের ক্ষেত্রে চতুর্থ ও পঞ্চম বর্ষ) প্রতি মাসে ৭,০০০ টাকা। বার্ষিক এককালীন অনুদানের পরিমাণ ২৮,০০০ টাকা।

প্রতি শিক্ষাবর্ষে ফেলোশিপ নবীকরণ করা হবে। কোনও শিক্ষাবর্ষে প্রার্থী যদি ৬০ শতাংশের (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) কম নম্বর পান তবে ওই শিক্ষাবর্ষে তিনি এই ফেলোশিপ পাবেন না।

**আবেদনের যোগ্যতা:** একাদশ, দ্বাদশ এবং স্নাতক প্রথম বর্ষের জন্য পৃথক তিনটি শাখায় আবেদন করা যাবে। শাখা তিনটি হল— এস এ, এস এক্স এবং এস বি।

**ফেলোশিপ: স্নাতক এবং ইন্টিগ্রেটেড স্নাতক কোর্সের ক্ষেত্রে প্রথম তিন বছর প্রতি মাসে ৫,০০০ টাকা এবং বার্ষিক এককালীন অনুদান ২০,০০০ টাকা। স্নাতকোত্তর স্তরে প্রথম ও দ্বিতীয় বছর (ইন্টিগ্রেটেড কোর্সের ক্ষেত্রে চতুর্থ ও পঞ্চম বর্ষ) প্রতি মাসে ৭,০০০ টাকা। বার্ষিক এককালীন অনুদানের পরিমাণ ২৮,০০০ টাকা।**

**এস এ এবং এস এক্স শাখার ক্ষেত্রে আবেদনের যোগ্যতা:** ২০১৯-২০ শিক্ষাবর্ষে বিজ্ঞান শাখায় একাদশ এবং দ্বাদশ শ্রেণিতে পাঠরতরা যথাক্রমে এস এ এবং এস এক্স শাখায় ফেলোশিপের জন্য আবেদনের যোগ্য। উভয় ক্ষেত্রেই মাধ্যমিকে অঙ্ক ও বিজ্ঞান বিষয়ে অন্তত ৭৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৬৫ শতাংশ) এবং উচ্চমাধ্যমিকে বিজ্ঞান বিষয়ে অন্তত ৬০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে, সেইসঙ্গে বেসিক সায়েন্স নিয়ে স্নাতক কোর্সে ভর্তি হতে হবে।

**এস বি শাখার ক্ষেত্রে আবেদনের যোগ্যতা:** ২০১৯-২০ শিক্ষাবর্ষে বি এসসি বা বি এস বা বি স্ট্যাট বা বি ম্যাথ বা ইন্টিগ্রেটেড এম এসসি বা ইন্টিগ্রেটেড এম এস-এর প্রথম বর্ষে পাঠরতরা এই শাখায় ফেলোশিপের জন্য আবেদন করবেন। মনে রাখবেন, উচ্চমাধ্যমিকে বিজ্ঞান বিষয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এছাড়াও প্রথম বর্ষের ফাইনাল পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ নম্বর পেলে তবেই ফেলোশিপ পাওয়া যাবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ নম্বর পেলেই চলবে।

স্নাতকস্তরে নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোনও একটি নিয়ে পড়লে এই ফেলোশিপের জন্য আবেদন করা যাবে— কেমিস্ট্রি, ফিজিক্স, ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি, সেল বায়োলজি, ইকোলজি, মলিকিউলার বায়োলজি, বটানি, জুলজি, ফিজিওলজি, বায়োটেকনোলজি, নিউরোসায়েন্স, বায়োইনফর্মেটিক্স, মেরিন বায়োলজি, জিওলজি, হিউম্যান বায়োলজি, জেনেটিক্স, বায়োমেডিক্যাল সায়েন্সেস, অ্যাপ্লায়েড ফিজিক্স, জিওফিজিক্স, মেটেরিয়াল সায়েন্স এবং এনভায়রনমেন্টাল সায়েন্স।

**প্রার্থী বাছাই পদ্ধতি:** ফেলোশিপের জন্য প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ৩ নভেম্বর (রবিবার)। ম্যাথমেটিক্স, কেমিস্ট্রি, ফিজিক্স এবং বায়োলজি বিষয়ে প্রশ্ন হবে। পশ্চিমবঙ্গে রয়েছে ছ'টি পরীক্ষাকেন্দ্র— কলকাতা, হুগলি, দুর্গাপুর, শিলিগুড়ি, আসানসোল এবং বর্ধমান।

পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে অক্টোবরের দ্বিতীয় সপ্তাহ থেকে।

ইন্টারনেট কানেকশনের সুবিধা থাকলে নিখরচায় প্রার্থী মক টেস্ট দিতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.kvpy.iisc.ernet.in পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাওয়া যাবে উপরোক্ত ওয়েবসাইটে।

**কীভাবে আবেদন:** প্রবেশিকা পরীক্ষায় অংশ নিতে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.kvpy.iisc.ernet.in অনলাইন আবেদনের শেষ তারিখ ২০ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রার্থীকে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে।

*এরপর চোদ্দোর পাতায়*


জীবনে আমি চাকরি পাইনি ব'লে দুঃখ ছিল। ফলে, 'কর্মক্ষেত্র' আমি গোগ্রাসে গিলি। প'ড়ে বুঝেছি, চাকরি পেতে যে এলেম দরকার আমার তা নেই। প্রশ্নোত্তরগুলো রপ্ত করার চেষ্টা করি। পরে বুঝি, খুব দেরি ক'রে ফেলেছি। কী করব, আমাদের বয়সকালে তো 'কর্মক্ষেত্র' জন্মায়নি। স্বনিযুক্তি প্রকল্পগুলো আত্মস্থ ক'রে তবু লাখপতি হওয়ার স্বপ্ন দেখি। এ বয়সেও হয়তো একবার কপাল ঠুকে দেখা যেতে পারে। তার চেয়েও বড় কথা হল, 'কর্মক্ষেত্র' আমাকে কাজ না দিলেও অনেক কিছু শেখায় পড়ায়।





কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
ইন্টারনেটে কর্মক্ষেত্র: www.ekarmakshetra.com


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

জুলাই মাসের প্রতিযোগিতায় বিজয়ী **প্রেমচাঁদ মাহাত**

**পেলেন ৫,০০০ টাকা পুরস্কার**



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের প্রাক্তন ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের প্রাক্তন ডেপুটি সেক্রেটারি **এম এন মাইতি**



## সরবতী আলুর চাষ

**প্রেমচাঁদ মাহাত,** কালিয়াবাসা-হুড়া, পুরুলিয়া

**বিচারক:** কলেজে পড়েন, চাষবাসও করেন। সরবতী আলু চাষের পদ্ধতি সুন্দর ভাবে লিখেছেন। আয়-ব্যয় ও লাভের হিসাবটিও যথাযথ বলেই মনে হচ্ছে। আগামী বছর চাষের জমির পরিমাণ বাড়াবেন বলে মনস্থির করেছেন। আমরা তাঁর সাফল্য কামনা করছি।

আমি পুরুলিয়া জেলার হুড়া থানার অন্তর্গত কালিয়াবাসা গ্রামের বাসিন্দা। কলেজে দ্বিতীয় বর্ষের ছাত্র। পড়াশোনার পাশাপাশি আমি একটুআধটু সবজির চাষও করে থাকি। গত দু'বছর ধরে সরবতী আলু চাষের অভিজ্ঞতার কথা তুলে ধরছি, যা হয়তো অনেক কর্মহীন যুবক-যুবতীকে স্বনির্ভর হতে সাহায্য করবে।

**এই চাষ বেছে নেওয়ার কারণ:** সরবতী আলু চাষের সময় বর্ষাকাল। এ সময় সাধারণ ভাবে বৃষ্টির জল পাওয়া যায় বলে মাত্র ১-২ বার সেচ দিয়ে কম খরচে ও কম সময়ে ফলন পাওয়া যায়। সরবতী আলুর বাজারে যথেষ্ট চাহিদা আছে। বিশেষ করে সরস্বতী পুজোর সময় এর ব্যাপক চাহিদা লক্ষ করা যায়। কিন্তু পুরুলিয়া জেলায় সরবতী আলুর চাষ বিশেষ দেখা যায় না।

সরবতী আলু চাষের জন্য শ্রাবণ মাসের মধ্যে বীজ বপন করতে হবে। ফলন ফলবে কার্তিক মাসের শেষে। বর্ষাকালীন চাষ, তাই জমি উঁচু ও ঢালু হওয়া একান্ত প্রয়োজন। দোঁয়াশ বা বেলেমাটিতে এই আলুর চাষ খুব ভালো হয়।

**চাষের উপকরণ:** জমি ও জল ছাড়া সরবতী আলু চাষের জন্য প্রয়োজন— • উন্নত মানের হাইব্রিড/ দেশি বীজ • লাঙল • মই • সার • গোবর • কোদাল • গাঁইতি • ঝুড়ি • কীটনাশক • স্প্রে মেশিন ইত্যাদি।

**চাষের পদ্ধতি:** প্রথমে মাটিকে তিন থেকে চারবার কর্ষণ করে তার উপর পুরনো শুকনো গোবর ও রাইস মিলের ছাই প্রয়োগ করে জমিকে সমানভাবে লেভেল করে নিতে হবে। তারপর উন্নত মানের হাইব্রিড বীজ ১ ফুট অন্তর সারিবদ্ধভাবে পুরো জমিটিতে সমানভাবে বসিয়ে দিতে হবে। জমিতে বীজ বসানোর পর জমির মধ্য থেকে যে আগাছাগুলি বার হবে সেগুলিকে হাত দিয়ে খুব ভালোভাবে পরিষ্কার করে দিতে হবে। গাছ বড় হওয়ার সঙ্গে ডি এ পি সার প্রয়োগ করে কোদাল দিয়ে পুরো জমিকে খুঁড়ে দিতে হবে। কিছুদিনের মধ্যে গাছে এক ফুটের মতো লতা হবে এবং এক থেকে দেড় মাসের মধ্যে ফুল হবে। ফুল তুলে ফেলতে হবে। এর এক থেকে দেড় মাস পর মাটির মধ্যে ফাটল দেখা যাবে, তখন বুঝতে হবে সরবতী আলু হয়েছে।

### আয়-ব্যয় ও লাভের হিসাব

**প্রাথমিক মূলধন**

| | | |
|---|---|---|
| জমি কর্ষণ (ট্রাক্টর বাবদ খরচ) | ১,০০০ | টাকা |
| কোদাল ১টি | ১২০ | " |
| গাঁইতি ১টি | ৩০০ | " |
| ঝুড়ি ১টি | ১০০ | " |
| **মোট খরচ** | ১,৫২০ | টাকা |

**কার্যকরী মূলধন**

| | | |
|---|---|---|
| বীজ (বিঘাপ্রতি ৯ কেজি/ প্রতি কেজি ৪০০ টাকা) | ৩,৬০০ | টাকা |
| সার (ডি এ পি ৫ কেজি × ৩০ টাকা) | ১৫০ | " |
| সার (১০, ২৬, ২৬, ৫ কেজি × ২৮ টাকা) | ১৪০ | " |
| **মোট খরচ** | ৩,৮৯০ | টাকা |

প্রাথমিক মূলধন + কার্যকরী মূলধন
= ১,৫২০ + ৩,৮৯০ = ৫,৪১০ টাকা।

**লাভের হিসাব**

এক বিঘা জমিতে ৯ কেজি বীজ বপন করে ৩০ কুইন্টাল সরবতী আলু পাওয়া যাবে। প্রতিটি সরবতী আলুর ওজন ১৫০ গ্রাম থেকে ২০০ গ্রাম হবে। পাইকারি দর কেজি প্রতি ১০ টাকা হলে মোট আয় ৩০ × ১০০ × ১০ = ৩০,০০০ টাকা।
সুতরাং মোট লাভ = ৩০,০০০-৫,৪১০ = ২৪,৫৯০ টাকা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:** আগামী বছর আরও আধ বিঘা জমিতে সরবতী আলু চাষ করব বলে পরিকল্পনা করেছি।

সরবতী আলুর চাষ সম্পর্কে পরামর্শ চাইলে ফোন করুন এই নম্বরে: ৯৭৩৩৫-৯৪৯১৮।

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**সেপ্টেম্বর-এর প্রতিযোগিতার জন্য অগস্ট মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ সেপ্টেম্বর-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র,** ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# রাজ্যে দুগ্ধজাত ও কৃষিজ পণ্য প্রক্রিয়াকরণ শিল্পে সুযোগ ও সম্ভাবনা



**নিজস্ব প্রতিনিধি:** সুযোগ ও সম্ভাবনা যথেষ্ট। কিন্তু পরিকাঠামো এবং যথাযথ প্রশিক্ষণের অভাবে বাধা পাচ্ছে উন্নতি। ৩০ জুলাই বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত একটি সেমিনারে রাজ্যের দুগ্ধ ও কৃষিপণ্য প্রক্রিয়াকরণ শিল্পের এই ছবিটাই উঠে এল বিশিষ্ট বক্তাদের কথায়। সেমিনারের মুখ্য বক্তা বিশিষ্ট খাদ্যবিজ্ঞানী অধ্যাপক উৎপল রায়চৌধুরী বলেন, সারা দেশে দুগ্ধজাত পণ্য প্রক্রিয়াকরণ শিল্পের বৃদ্ধির হার যেখানে বছরে ৫ শতাংশ, সেখানে পশ্চিমবঙ্গে বৃদ্ধির হার মাত্রই ২-৩ শতাংশ। তাঁর মতে, রাজ্যে এই শিল্পকে এগিয়ে নিয়ে যেতে হলে লজিস্টিক্স ও সাপ্লাই চেন ম্যানেজমেন্ট, ইনভেন্ট্রি ম্যানেজমেন্টের পাশাপাশি আধুনিক মেশিন পরিচালনার জন্যও প্রশিক্ষিত কর্মীর দরকার। কিন্তু বাংলার গ্রামাঞ্চলে প্রশিক্ষণের তেমন সুযোগ নেই বললেই চলে। এর ফলে ছোট আকারে ব্যবসাও বাস্তবায়িত হতে পারছে না।

যথাযথ প্যাকেজিংয়ের গুরুত্বের দিকটি তুলে ধরেন ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিংয়ের ডেপুটি ডিরেক্টর বিধান দাস। তিনি জানান, খাদ্যের প্যাকেজিংয়ের ক্ষেত্রে ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অব ইন্ডিয়ার শর্ত মেনে চলতে হয়। সেইসঙ্গেই ক্রেতার নজরকাড়াও হয়ে উঠতে হয় প্যাকেজিংকে। এগুলি জানা না থাকলে পণ্য বাজারে পাঠানোই যাবে না। এ ক্ষেত্রেও বড় পরিসরে প্রশিক্ষণের ব্যবস্থা করার দরকার আছে বলে জানান তিনি।

ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অব অ্যানিম্যাল অ্যান্ড ফিশারি সায়েন্সেসের প্রাক্তন ভাইস চ্যান্সেলর এ কে বন্দ্যোপাধ্যায় ডেয়ারি শিল্পের সম্ভাবনাকে তথ্যপ্রযুক্তি শিল্পের সঙ্গে তুলনা করে বলেন, ভবিষ্যতে তথ্যপ্রযুক্তি



শিল্পের থেকেও বেশি কাজের সুযোগ তৈরি হবে ডেয়ারি শিল্পে। কেন না, তথ্যপ্রযুক্তি শিল্পে প্রধানত শহুরে শিক্ষিতরাই চাকরির সুযোগ পান, ডেয়ারি শিল্পে শহর ছাড়াও গ্রামাঞ্চলের বহু মানুষ কাজ পাবেন। কিন্তু তিনিও মেনে নেন, সারা দেশে মাত্র ২৩টি ডেয়ারি কলেজ থাকার কারণে প্রয়োজনের তুলনায় প্রশিক্ষিত ডেয়ারি প্রযুক্তিবিদের সংখ্যা বেশ কম।

সরকারি উদ্যোগ, প্রশিক্ষিত কর্মীর জোগান এবং সঠিক উৎপাদন ও পরিবহণ পরিকাঠামো থাকলে যে রাজ্যের দুগ্ধ ও খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প আরও বেশি সাফল্য পেত, সে বিষয়ে একমত হন সভার বক্তারা।




মহাশ্বেতা দেবী: জ্ঞানপীঠ, ম্যাগসেসে, অকাদেমি প্রভৃতি জাতীয় ও আন্তর্জাতিক বহু পুরস্কারে ভূষিতা লেখিকা।

বহু ছেলেমেয়ে 'কর্মক্ষেত্র' পড়ে
নিজের পায়ে দাঁড়িয়েছে।
অন্তত চারটি ছেলে ও দুটি মেয়ের
কথা আমার এই মুহূর্তে মনে পড়ছে।
যারা 'কর্মক্ষেত্র'-র সহায়তায়
কাজ পেয়েছিল। ওদেরকে আমিই
'কর্মক্ষেত্র'-র গ্রাহক করে দিয়েছিলাম।
'কর্মক্ষেত্র' প্রথম থেকেই ছোটখাটো
ব্যবসার এক আশ্চর্য নির্দেশিকা দিয়ে
আসছেন, যা অনুসরণ করলে যুবপ্রজন্ম
বাঁচবার ও বাঁচাবার পথের সন্ধান পাবে।
ট্রিপ্লেট বানাবেন, না হাওয়াই চপ্পলের
ফিতে? মেশিনে পোস্টার প্রিন্ট বানিয়ে
বেচবেন, না ফিনাইল তৈরি করবেন?
'কর্মক্ষেত্র' এক বছরে, এরকম অন্তত
এক হাজার অল্প পুঁজির ব্যবসার হদিশ
দিয়েছে। ওই সব ব্যবসায় নেমে
অনেক হাজার মানুষই স্বাবলম্বী হয়েছেন।
মৃত্যু যখন দরজায় ঘা দিচ্ছে, তেমন
সময়ে যে ঔষধ বাঁচাতে পারে, তাকে
আমাদের মুনিঋষিরা নাম দিয়েছেন
বিশল্যকরণী। আমি তো 'কর্মক্ষেত্র'কে
বলব বিশল্যকরণী।
'কর্মক্ষেত্র' যেভাবে স্বল্প পুঁজিতে ব্যবসা
করার পরিকল্পনা জোগায়, তাতে তো
সাধারণ ঘরের ছেলেমেয়েরা যেন
নতুন জীবনের সন্ধান পায়।
'কর্মক্ষেত্র' বলছে, পরিশ্রম করো
সততার সঙ্গে, শ্রমকে ভয় পেও না,
স্বীয় কর্মগুণে ভাগ্যকে জয় করো।
আজ দেশের তরুণ প্রজন্মকে এই কথা
বলার মহান দায়িত্ব 'কর্মক্ষেত্র' গ্রহণ করেছেন,
আমি অন্তর থেকে যেন সাড়া পাচ্ছি।

মহাশ্বেতা দেবী
৩ জুলাই, ২০০৫

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
ইন্টারনেটে কর্মক্ষেত্র: www.ekarmakshetra.com


Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# বন্ধন-এর চাকরি ও স্বনিযুক্তি সহায়ক এক ডজন প্রশিক্ষণ

**মাধ্যমিক থেকে স্নাতক যোগ্যতার বেকার তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নিতে পারেন। চাকরির ব্যাপারে প্রশিক্ষণ কেন্দ্র থেকে সহায়তা করা হয়।**

**নিজস্ব প্রতিনিধি:** বেকার তরুণ-তরুণীদের চাকরি-সহায়ক প্রশিক্ষণ দিচ্ছে বন্ধন। প্রশিক্ষণপ্রাপ্ত অন্তত ১৯ হাজার তরুণ-তরুণী বিভিন্ন সংস্থায় চাকরি করছেন বলে বন্ধন সূত্রে জানানো হয়েছে। সংস্থার 'এমপ্লয়িং দ্য আনএমপ্লয়েড প্রোগ্রাম'-এর আওতায় এই প্রশিক্ষণ হয়। প্রশিক্ষণ নিতে পারেন মাধ্যমিক থেকে শুরু করে স্নাতক তরুণ-তরুণীরা।

**প্রশিক্ষণের বিষয়:** প্রশিক্ষণ হয় এইসব ট্রেডে: গেস্ট রিলেশন এক্সিকিউটিভ, মাইক্রোফিনান্স এক্সিকিউটিভ, সেলস, বিপিও, রিটেল, সেলস, হসপিটালিটি, কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং, ফুড প্রোডাকশন, বিউটি অ্যান্ড ওয়েলনেস, হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্কিং, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং।

এমপ্লয়িং দ্য আনএমপ্লয়েড প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার শান্তনু পোদ্দার জানান, প্রকল্পের প্রশিক্ষণ কেন্দ্র ছড়িয়ে রয়েছে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায়। প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে পাটনা, গুয়াহাটি, ভুবনেশ্বরেও। আঞ্চলিক ও পারিপার্শ্বিক চাহিদা, সম্ভাবনা ইত্যাদির কথা মাথায় রেখেই প্রশিক্ষণের বিষয় নির্দিষ্ট করা হয়েছে। শান্তনুবাবু আরও জানান, শিক্ষাগত যোগ্যতা, আগ্রহ, প্রবণতা অনুসারে ট্রেড বাছাইয়ের ক্ষেত্রে প্রশিক্ষণ কেন্দ্র থেকেই সহায়তা করা হয়।





**শিক্ষাগত যোগ্যতা:** কাস্টমার কেয়ার এক্সিকিউটিভ, মাইক্রোফিনান্স এক্সিকিউটিভ কোর্সের ক্ষেত্রে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। কম্পিউটারাইজড অ্যাকাউন্টিংয়ের ক্ষেত্রে কমার্স গ্র্যাজুয়েট, হসপিটালিটি, বিপিও, সেলস, রিটেল, এয়ারকন্ডিশন্ড ও রেফ্রিজারেশন, কম্পিউটার হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং কোর্সগুলির ক্ষেত্রে উচ্চমাধ্যমিক। গেস্ট রিলেশনস কোর্সের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক হলেও উত্তরবঙ্গ এবং মেদিনীপুরের তরুণ-তরুণীরা মাধ্যমিক যোগ্যতাতেই এই কোর্সটি করতে পারবেন। বিউটিশিয়ান কোর্সের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক।

**বয়স:** ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**কোথায় চাকরি:** প্রোগ্রাম ম্যানেজার শান্তনু পোদ্দার জানান, এমপ্লয়িং দ্য আনএমপ্লয়েড প্রকল্পে প্রশিক্ষিতদের চাকরি হয়েছে কে এফ সি, প্যান্টালুনস, মেনল্যান্ড চায়না, ম্যাকডোনাল্ডস, সাবওয়ে, স্প্রিং ক্লাব, গোদরেজ, নোকিয়া, বিগবাজার প্রভৃতি সংস্থায়। শান্তনুবাবু জানান, মাইক্রোফিনান্স এক্সিকিউটিভ ট্রেডে যাঁরা প্রশিক্ষণ নেবেন তাঁদের বিভিন্ন মাইক্রোফিনান্স ও নন-ব্যাঙ্কিং ফিনান্সিয়াল সংস্থায় চাকরির সুযোগ রয়েছে।

এমপ্লয়িং দ্য আনএমপ্লয়েড প্রোগ্রামের সিনিয়র অফিসার কাজল নন্দী জানান, কাজের বাজারে পেশাদারি দক্ষতাসম্পন্ন লোকের চাহিদা আছে। আর চাকরির ব্যাপারেও আমাদের প্রশিক্ষণ কেন্দ্রগুলি থেকে প্রশিক্ষিতদের সহায়তা করা হয়। তাই উচ্চশিক্ষিতরাও প্রশিক্ষণ নিতে আসেন। অনেক স্নাতকোত্তর আমাদের প্রশিক্ষণ কেন্দ্রগুলি থেকে প্রশিক্ষণ নিয়েছেন এবং বিভিন্ন সংস্থায় সুনামের সঙ্গে চাকরি করছেন।

তিনি আরও জানান, বিউটি অ্যান্ড ওয়েলনেস, হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্কিং, এয়ারকন্ডিশনিং অ্যান্ড রেফ্রিজারেশনের মতো ট্রেডে প্রশিক্ষিতদের চাকরির সঙ্গে স্বনিযুক্তির সুযোগও রয়েছে।

> এমপ্লয়িং দ্য আনএমপ্লয়েড প্রোগ্রামের সিনিয়র অফিসার কাজল নন্দী জানান, কাজের বাজারে পেশাদারি দক্ষতাসম্পন্ন লোকের চাহিদা আছে। আর চাকরির ব্যাপারেও আমাদের প্রশিক্ষণ কেন্দ্রগুলি থেকে প্রশিক্ষিতদের সহায়তা করা হয়। তাই উচ্চশিক্ষিতরাও প্রশিক্ষণ নিতে আসেন।

## প্রশিক্ষণ কেন্দ্র অনুসারে প্রশিক্ষণের বিষয়, মেয়াদ ও ফি

**বারাসাত:** গেস্ট রিলেশন এক্সিকিউটিভ, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, বি পি ও, রিটেল এবং হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্কিং। কোর্স ফি: ৪,১৫০ টাকা থেকে ৪,৭২০ টাকা। সময়সীমা: ৯০ দিন।

**বর্ধমান:** গেস্ট রিলেশন এক্সিকিউটিভ, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, সেলস। কোর্স ফি: ৪,১৫০ টাকা থেকে ৪,৭২০ টাকা। সময়সীমা: ৯০ দিন।

**চাকদহ:** রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, বি পি ও, সেলস, ফুড অ্যান্ড প্রোডাকশন। কোর্স ফি: ৪,১৫০ টাকা থেকে ৪,৭২০ টাকা। সময়সীমা: ৯০ দিন।

**উত্তরপাড়া:** রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, বি পি ও, রিটেল এবং হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্কিং। কোর্স ফি: ৪,১৫০ টাকা থেকে ৪,৭২০ টাকা। সময়সীমা: ৯০ দিন।

**চন্দননগর:** গেস্ট রিলেশন এক্সিকিউটিভ, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, বি পি ও, রিটেল এবং হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্কিং। কোর্স ফি: ৪,১৫০ টাকা থেকে ৪,৭২০ টাকা। সময়সীমা: ৯০ দিন।

**গড়িয়া:** রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, বি পি ও, সেলস। কোর্স ফি: ৪,১৫০ টাকা থেকে ৪,৭২০ টাকা। সময়সীমা: ৯০ দিন।

**বেহালা:** গেস্ট রিলেশন এক্সিকিউটিভ, বি পি ও এবং হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্কিং। কোর্স ফি: ৪,১৫০ টাকা থেকে ৪,৭২০ টাকা। সময়সীমা: ৯০ দিন।

**শিলিগুড়ি:** গেস্ট রিলেশন এক্সিকিউটিভ, সেলস, কম্পিউটার অ্যাকাউন্টিং। কোর্স ফি: ৪,১৫০ টাকা। সময়সীমা: ৯০ দিন।

**জলপাইগুড়ি:** হসপিটালিটি,

এরপর পনেরোর পাতায়

# কেন্দ্রীয় সরকারের জৈব প্রযুক্তি প্রশিক্ষণ প্রকল্প

**বিভিন্ন বায়োটেক সংস্থায় বায়োটেকনোলজির স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ৬ মাসের প্রশিক্ষণের ব্যবস্থা করে বায়োটেক কনসর্টিয়াম ইন্ডিয়া। কেন্দ্রীয় সরকারি এই সংস্থা একটি সর্বভারতীয় পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করে। প্রশিক্ষণ চলাকালীন ১০,০০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যায়। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।**

**নিজস্ব প্রতিনিধি:** স্বাস্থ্য, কৃষি, শিল্প, পরিবেশ-সহ বিভিন্ন ক্ষেত্রে ব্যবহার করা হয় বায়োটেকনোলজি বা জৈব প্রযুক্তি। তবে বিভিন্ন বায়োটেক সংস্থায় কী পদ্ধতিতে জৈবপ্রযুক্তি ব্যবহার করা হয় সে বিষয়ে প্রত্যক্ষ ধারণা থাকে না শিক্ষার্থীর। সেই কারণে যাঁরা বায়োটেকনোলজির স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়েছেন তাঁদের জন্য প্রতি বছরই ভারতের বিভিন্ন সংস্থায় হাতেকলমে প্রশিক্ষণের ব্যবস্থা করে দিল্লির বায়োটেক কনসর্টিয়াম ইন্ডিয়া। প্রতিষ্ঠানটি ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের অধীন। প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে এই বছর ৮০০ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে।

**প্রশিক্ষণের পুরো নাম:** বায়োটেক ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং প্রোগ্রাম (বি আই টি পি)। প্রশিক্ষণের মেয়াদ ৬ মাস। দেশের বিভিন্ন জৈবপ্রযুক্তি সংস্থায় প্রশিক্ষণ চলাকালীন প্রত্যেক প্রার্থী স্টাইপেন্ড বাবদ পান মাসে ১০,০০০ টাকা।

যাঁরা বায়োটেকনোলজি এবং সমতুল শাখায় পড়াশোনা করেছেন তাঁরা এই প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারেন এখনই। তবে শুধু ২০১৮ অথবা ২০১৯ সালে উত্তীর্ণ প্রার্থীরাই আবেদন করতে পারবেন। অক্টোবরে প্রশিক্ষণ শুরু হবে।



> যাঁরা বায়োটেকনোলজি এবং সমতুল শাখায় পড়াশোনা করেছেন তাঁরা এই প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারেন এখনই। তবে শুধু ২০১৮ অথবা ২০১৯ সালে উত্তীর্ণ প্রার্থীরাই আবেদন করতে পারবেন। অক্টোবরে প্রশিক্ষণ শুরু হবে।

প্রার্থী নির্বাচন করা হবে একটি সর্বভারতীয় পরীক্ষার মাধ্যমে। এ বছরের পরীক্ষা ২২ সেপ্টেম্বর। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

## বায়োটেক ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং প্রোগ্রাম

বায়োটেক ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং প্রোগ্রামের আয়োজক বায়োটেক কনসর্টিয়ামের তরফে জানানো হয়েছে, নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণ দেওয়া হয় মূলত ফার্মাসিউটিক্যাল, কেমিক্যাল ও বায়োকেমিক্যাল ইন্ডাস্ট্রি, এগ্রিকালচার ও হর্টিকালচার এবং বায়োইনফর্মেটিক্স ইন্ডাস্ট্রিতে। প্রশিক্ষণ দেওয়া হবে বায়োকন, ডাবর ইন্ডিয়া, সান ফার্মা, এস আর এল র‍্যানব্যাক্সি-সহ বিভিন্ন সংস্থায়।

**কারা আবেদন করবেন:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড-সহ এই সব বিষয়ের মধ্যে কোনও একটিতে বি ই বা বি টেক বা এম টেক বা এম এসসি— বায়োটেকনোলজি, এগ্রিকালচারাল, ইন্ডাস্ট্রিয়াল, মেরিন, মেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, এনভায়রনমেন্টাল, প্ল্যান্ট, ফুড, অ্যানিম্যাল বায়োটেকনোলজি, মলিকিউলার অ্যান্ড হিউম্যান জেনেটিক্স, মলিকিউলার বায়োলজি অ্যান্ড বায়োটেকনোলজি, নিউরো-সায়েন্স, বায়োকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি, বায়ো-প্রসেস টেকনোলজি অ্যান্ড বায়োইনফর্মেটিক্স। ভেটেরিনারি সায়েন্সের স্নাতকোত্তর ডিগ্রিধারী (এম ভি এস সি) এবং এম বি এ প্রার্থীরাও আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই ২০১৮ অথবা ২০১৯ সালে পাশ করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

**প্রার্থী বাছাই:** প্রার্থী বাছাই করবে বায়োটেক কনসর্টিয়াম ইন্ডিয়া, একটি অনলাইন টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন টেস্টে মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন হবে জেনারেল সায়েন্স (১০ নম্বর), বায়োটেকনোলজি (৬০ নম্বর), জেনারেল অ্যাপ্টিটিউড (১০ নম্বর) বিষয়ে। নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষার সময়সীমা দেড় ঘণ্টা। পরীক্ষা ২২ সেপ্টেম্বর। পরীক্ষার অ্যাডমিট কার্ড ১১ সেপ্টেম্বর থেকে ডাউনলোড করা যাবে।

**কীভাবে আবেদন:** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bcil.nic.in প্রথমে রেজিস্ট্রেশন। রেজিস্ট্রেশনের পর ইউজার আইডি এবং পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। অনলাইন আবেদনের সময় প্রার্থীর জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট

এরপর পনেরোর পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# প্রযুক্তি, সৃষ্টিশীলতা ও ব্যবস্থাপনার মিশেলে প্যাকেজিং হতে পারে সফল কেরিয়ার

**প্রযুক্তি, ব্যবস্থাপনা বা ম্যানেজমেন্ট এবং সৃষ্টিশীলতার মিশেল ঘটে প্যাকেজিংয়ের পেশায়। প্রশিক্ষিতদের চাকরির সুযোগ তো আছেই, সফল হতে পারে স্বাধীন ব্যবসায়িক উদ্যোগও। প্যাকেজিং টেকনোলজি ও ম্যানেজমেন্টের নতুন কোর্স শুরু করতে চলেছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট।**

**নিজস্ব প্রতিনিধি:** প্যাকেজিং পণ্যের পরিচ্ছদ। সেই পরিচ্ছদ একইসঙ্গে অনেকগুলো কাজ করে। প্রথমত পণ্যের সংরক্ষণ। উৎপাদিত পণ্য ক্রেতার হাতে পৌঁছয় বিভিন্ন ধাপ পেরিয়ে। পরিবহণ একটা গুরুত্বপূর্ণ ধাপ। পণ্যটি যাতে অক্ষত থাকে, সেজন্য মোড়কটিকে যথেষ্ট টেকসই হতে হয়।

তাছাড়া আমরা যখন কোনও পণ্য কিনি, তখন সবার আগে চোখে পড়ে পণ্যটির প্যাকেজিং। দৃষ্টিনন্দন মোড়ক ক্রেতাকে আকর্ষণ করে এবং সে কারণেই মোড়ককে বলা হয় নীরব বিক্রেতা। মোড়কের ডিজাইন কেমন হবে বা তার গায়ে কোন কোন তথ্য ও ছবি থাকবে তা অনেক ভেবেচিন্তে ঠিক করতে হয়। সিনেমা হল বা পার্কে বসে আপনি যে চিপস বা আইসক্রিম খাবেন তার প্যাকেজিং এমন হতে হবে যা আপনার বিনোদনের মেজাজের সঙ্গে খাপ খায়। প্যাকেজিংয়ের সঙ্গে এইভাবে যুক্ত হয়ে পড়ে নান্দনিকতাও।

এই যে এত বৈশিষ্ট্যের আধার একটি মোড়ক, পণ্যের প্রকৃতি অনুসারে সেটি তৈরি করা খুব সহজ কাজ নয়। তীব্র প্রতিযোগিতার যুগে প্যাকেজিংয়ের কারণে পণ্যের দাম বেড়ে গেলে চলবে না। অর্থাৎ কম খরচে ভালো প্যাকেজিং— এটাই মূলমন্ত্র।

### কী জানতে হয়

পণ্য অনুসারে প্যাকেজিং— এটাই প্যাকেজিংয়ের প্রাথমিক ভাবনা। চকোলেটের জন্য যেমন প্যাকেজিং হবে, ভোজ্য



তেলের জন্য তেমন নয়। চায়ের জন্য একরকম প্যাকেজিং, খাদ্যশস্যের জন্য আরেকরকম। সিমেন্টের জন্য যে প্যাকেজিং, রঙের ক্ষেত্রে সেরকমটা নয়।

প্যাকেজিংয়ের পরিকল্পনার সঙ্গে সঙ্গতিপূর্ণ হতে হবে উপকরণকেও। সিন্থেটিক প্লাস্টিক, জৈব প্লাস্টিক, কাচ, প্লাইউড, প্রাকৃতিক তন্তু, করোগেটেড ফাইবার বোর্ড, টিন, ক্যান, পলিমার— নানাবিধ বস্তু দিয়েই প্যাকেজিং হতে পারে। কখন কোন সামগ্রী ব্যবহার করতে হবে সে-সম্পর্কে প্যাকেজিংয়ের পেশাদারদের বিশদে জানতে হয়। পঠিত বিষয়ের মধ্যে রয়েছে— প্যাকেজিংয়ের প্রক্রিয়া, প্যাকেজিং-সংক্রান্ত যন্ত্রপাতি, প্যাকেজিংয়ের অর্থনীতি, প্যাকেজিং-সংক্রান্ত আইনকানুন, প্যাকেজিংয়ের মাধ্যমে বিপণনের কলাকৌশল।

এরপর চোদ্দোর পাতায়



### আমরা চাই, আরও অনেক ছেলেমেয়ে প্যাকেজিংয়ের ব্যবসায় আসুন

**এস এম গোমস**
*ডিরেক্টর, এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট*

প্যাকেজিং ম্যানেজমেন্টের কোর্স করে চাকরির সুযোগ তো আছেই। ব্যবসার সুযোগও কম নেই। ভালো প্যাকেজিংয়ের অভাবে এই বাংলাতেই উৎপাদিত কত ফসল নষ্ট হয়ে যায়। গ্রামাঞ্চলে ফসল অনুসারে যথাযথ প্যাকেজিংয়ের ব্যবস্থা থাকলে এই অপচয় অনেকাংশেই নিয়ন্ত্রণ করা যায়। এখন তো প্রত্যন্ত গ্রামে তৈরি খাদ্যেরও বড় পরিসরে বিপণন হচ্ছে। সেক্ষেত্রে নিয়ম-নীতি মেনে প্যাকেজিংয়ের ব্যবস্থা থাকা জরুরি।

প্যাকেজিংয়ের প্রশিক্ষণ নিয়ে ছেলেমেয়েরা স্বাধীন ব্যবসা করতে পারেন। ভালো সুযোগ আছে। কম খরচে ভালো প্যাকেজিংয়ের ব্যবস্থা করে দিতে পারলে অন্যের ব্যবসা বৃদ্ধিতে যেমন সহায়তা করা যায়, তেমন নিজের ব্যবসারও শ্রীবৃদ্ধি ঘটে। পশ্চিমবঙ্গ থেকে সবজি, ফল, ফুল রপ্তানি হয় পৃথিবীর নানা প্রান্তে। রপ্তানিযোগ্য পণ্যের যথাযথ প্যাকেজিংয়ের ব্যবস্থা সহজলভ্য হলে এ রাজ্য থেকে রপ্তানির পরিমাণও বাড়বে।

# স্যানিটারি ইনস্পেক্টরের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে




**সরকারি-বেসরকারি উভয় ক্ষেত্রেই স্যানিটারি ইনস্পেক্টর পদটির গুরুত্ব রয়েছে। জনস্বাস্থ্য নিয়ে কাজ করার আগ্রহ থাকলে পড়তে পারেন স্যানিটারি ইনস্পেক্টরের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। পড়া যাচ্ছে ভারত সরকারের ড্রিঙ্কিং ওয়াটার অ্যান্ড স্যানিটেশন মন্ত্রকের অধীনস্থ ওয়াটার স্যানিটেশন অ্যান্ড হাইজিন (ওয়াশ) ইনস্টিটিউটে। এখনই আবেদন করা যাচ্ছে।**

**নিজস্ব প্রতিনিধি:** সুস্থ সামাজিক জীবনের অতি জরুরি একটি বিষয় সঠিক স্বাস্থ্য পরিকাঠামো। আইন মেনে স্বাস্থ্যবিধি রক্ষিত হচ্ছে কি না তার উপরই নির্ভর করে কোনও অঞ্চল রোগ বা সংক্রমণ ছড়ানোর দিক থেকে কতটা নিরাপদ। পুরসভা থেকে গ্রাম-পঞ্চায়েত সর্বত্রই এই বিষয়টি তদারকির দায়িত্বে থাকেন স্যানিটারি ইনস্পেক্টর। শিল্পাঞ্চলে, যেখানে পরিত্যক্ত বর্জ্য, ধোঁয়া ও রাসায়নিকের দরুণ দূষণের ফলে শ্রমিক ও তাদের পরিবারের অসুস্থ হয়ে পড়ার সম্ভাবনা বেশি, সেখানে বেসরকারি সংস্থাগুলিও পেশাদারদের নিয়োগ করে। এছাড়াও সরকারি প্রকল্প এবং বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থাগুলির তরফে অনুন্নত এলাকায় নানা উন্নয়নমূলক কাজ হয়। সেখানেও প্রশিক্ষিত স্যানিটেশন ইনস্পেক্টরদের প্রয়োজন পড়ে। সব মিলিয়ে এই পেশায় দক্ষ কর্মীদের চাহিদা উর্ধ্বমুখী।

ভারত সরকারের ড্রিঙ্কিং ওয়াটার অ্যান্ড স্যানিটেশন মন্ত্রকের অধীনস্থ ওয়াটার স্যানিটেশন অ্যান্ড হাইজিন (ওয়াশ) ইনস্টিটিউটে পড়া যাচ্ছে স্যানিটারি ইনস্পেক্টরের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স।

এক বছরের কোর্স, পড়ার খরচ ৫৫,০০০টাকা।

### কারা পড়বেন

রসায়ন, ফুড টেকনোলজি, নিউট্রিশন, জীববিদ্যা, উদ্ভিদবিদ্যা, পদার্থবিদ্যা, বায়োকেমিস্ট্রি, মাইক্রোবায়োলজি বা বায়োটেকনোলজি নিয়ে স্নাতকরা ভর্তির জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে।

### কীভাবে ভর্তি

এখন ভর্তি চলছে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করে নিতে হবে এই ওয়েবসাইট থেকে: www.washinstitute.org। ফি বাবদ দিতে হবে ২০০ টাকার ডিমান্ড ড্রাফ্ট। ড্রাফটটি Water, Sanitation and Hygiene Institute-এর অনুকূলে দিল্লিগুলে প্রদেয় হতে হবে। আবেদনপত্র পৌঁছনোর শেষ তারিখ ৩১ অগস্ট।

এরপর চোদ্দোর পাতায়

স্বর্ণাক্ষরের সব বই
সাহিত্য সংসদ ও শিশু সাহিত্য সংসদে পাওয়া যায়

অমরেন্দ্র চক্রবর্তীর সব বয়সের ছোটদের বই

গরিলার চোখ
মধ্য আফ্রিকার রোয়ান্ডার আদিম অরণ্যে গরিলাদের মুখোমুখি। কিশোর উপন্যাস। ₹৮০
সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত

হীরু ডাকাত

পাগলকরা ছন্দে দম বন্ধ করা ডাকাতের গল্প। ১০ম মুদ্রণ ₹১২০
সঙ্গে বিনামূল্যে দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি

বরফের বাগান
পরিমার্জিত ও পরিবর্ধিত সংস্করণ ₹১২০
আমাজনের জঙ্গলে
৭ম মুদ্রণ ₹৭০
লিচুবাগানের চৌকিদার ₹৮০

ছেঁড়াকাঁথার গল্প
২য় সংস্করণ ₹৭৫
গৌর যাযাবর
২য় সংস্করণ ₹১২০
মাতলাগাঙের ভূত ₹৭৫
পাখির খাতা ₹৪০
চোখে দেখা গল্প
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫০
ভূতের বাঁশি ₹৪০
তালগাছের ডোঙা ₹২০

শাদা ঘোড়া

ছোটদের স্বপ্ন আর যুদ্ধের রূপকথা। পাতায় পাতায় দেবব্রত ঘোষের ছবি। নানা ভাষায় অনূদিত। ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০

নতুন ছড়ার বই জল-বাতাসা
প্রত্যেক পাতায় দেবব্রত ঘোষের প্রাণঢালা চিত্রাঙ্কন। মূল্য ৮০ টাকা
সঙ্গে বিনামূল্যে
লেখকের কালোত্তীর্ণ কিশোর উপন্যাস
ঋষিকুমার


কানাইলাল চক্রবর্তীর
কুমির হয়ে জলে গেল ₹৩০
চলো দেখে আসি ₹২০
চড়ুইয়ের সঙ্গে ₹১৫

সুভাষ মুখোপাধ্যায়ের
বকবকম ₹১৫
পূর্ণেন্দু পত্রীর
আমার ছেলেবেলা ₹১৮
পবিত্র সরকারের ₹১৫
কথামালা: ছড়ায় ঢালা

মহাশ্বেতা দেবীর

তুতুল ৩য় মুদ্রণ ₹৬০

মৈত্রেয়ী নাগের
আষাঢ়ে গল্প ₹৬০ বাঘ বেড়ালের ছড়া ছবি ₹৩০
নেকড়ের চোখ ₹৬০
প্রখ্যাত ফরাসি লেখক দানিয়েল পেনাক-এর L'OEIL DU LOUP বইয়ের অনুবাদ

প্রাপ্তিস্থান
শিশু সাহিত্য সংসদ প্রাঃ লিঃ, ৩২এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড, কলকাতা-৯ ফোন: ২৩৫০-৭৬৬৯/৩১৯৫ ফ্যাক্স: ০৩৩ ২৩৬০-৩৫০৮ স্টার মার্ক, লর্ড সিনহা রোড, সিটি সেন্টার, সাউথ সিটি, মনি স্কোয়্যার। স্টোরি, এলগিন রোড, দমদম, দুর্গাপুর। কথাশিল্প, কলেজ স্ট্রিট। দে বুক স্টোর (আদি), দে বুক স্টোর (দীপু), বলাকা বুক স্টল ইত্যাদি।
■ বাংলাদেশে: বাতিঘর চট্টগ্রাম, প্রেস ক্লাব ভবন, ১৪৬/১৫১ জামাল খান রোড, চট্টগ্রাম-৪০০০। ফোন: ০৩১২৮৬৯৩৯১/০১৭৩৩০৬৭০০৫। বাতিঘর ঢাকা, বিশ্বসাহিত্য কেন্দ্র ভবন, ১৭, ময়মনসিংহ রোড, বাংলা মোটর, ঢাকা ১০০০। ফোন: ০২৯৬৩৫৩৩৯/০১৯৭৩৩০৪৩৪৪। বাতিঘর সিলেট, গোল্ডেন সিটি কমপ্লেক্স, ৬৮২, পূর্ব জিন্দাবাজার, সিলেট ৩১০০ ফোন: ০১৯১১৫০৯৬৯৬

অনলাইন কিনতে হলে ই-মেল করুন: swarnakshar.books@gmail.com

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad



# প্রযুক্তি, সৃষ্টিশীলতা ও ব্যবস্থাপনার মিশেলে প্যাকেজিং হতে পারে সফল কেরিয়ার

*তেরোর পাতার পর*

বিশিষ্ট খাদ্যবিজ্ঞানী ও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ফুড টেকনোলজি ও বায়োকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রাক্তন অধ্যাপক ডঃ উৎপল রায়চৌধুরী জানালেন, প্যাকেজিং একটি উদ্ভাবনী শিল্প। প্রযুক্তিটা যথাযথভাবে জানলে কম খরচে ভালো প্যাকেজিংয়ের ব্যবস্থা হতে পারে। ছোট আকারের খাদ্য-ব্যবসায়ীরাও এর থেকে উপকৃত হবেন। তাঁর পরামর্শ, গ্রামাঞ্চলেও প্যাকেজিংয়ের ট্রেনিংয়ের ব্যবস্থা করা গেলে ভালো হয়।

ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিংয়ের (আই আই পি) প্রাক্তন জয়েন্ট ডিরেক্টর এস কে সরকার জানালেন, প্যাকেজিংয়ের চাকরির ক্ষেত্রটা বিস্তৃত। দক্ষ পেশাদারদের চাকরির বাজারে ভালো চাহিদা আছে।

## কাজের সুযোগ

চাকরির সুযোগ রয়েছে প্যাকেজিং শিল্পে। এছাড়াও ফার্মাসিউটিক্যাল, কসমেটিক্স, পোশাক শিল্প, ইলেক্ট্রনিক্স সরঞ্জাম শিল্প এবং খাদ্য-পানীয় প্রস্তুতকারী সংস্থাগুলি দক্ষ পেশাদারদের নিয়োগ করে থাকে। সেইসঙ্গে আছে স্বনিযুক্তির সুযোগও। নিজস্ব ইউনিট গঠন করে প্যাকেজিংয়ের ব্যবসা করা যায়।

## কোথায় পড়বেন

প্যাকেজিং ম্যানেজমেন্ট ও টেকনোলজির ৩ মাসের কোর্স শুরু করতে চলেছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ই ডি আই)। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমাধারীরাও কোর্সটি করতে পারবেন। ফি ২৫ হাজার টাকা। আগ্রহীরা তথ্যের জন্য যোগাযোগ করবেন এই ঠিকানায় এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ই ডি আই), আই বি-১৯৪, সেক্টর-থ্রি, সল্টলেক (এশিয়া-কলম্বিয়া হসপিটালের পাশে), কলকাতা-৭০০ ১০৬। ফোন: ২৩৩৫-৭৬৮১, ২৩৩৫-৭২৫৮। তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.edikolkata.org

# স্যানিটারি ইনস্পেক্টরের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি চলছে

*তেরোর পাতার পর*

**পূরণ করা আবেদন পত্রের সঙ্গে দেবেন:** ✓প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের দু'টি ফটো ✓ডিমান্ড ড্রাফট ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেট ✓বি ডি ও কিংবা এস ডি ও-র কাছ থেকে পাওয়া কমিউনিটি সার্টিফিকেট ✓নিজের নাম-ঠিকানা লেখা এবং প্রতিটিতে দশ টাকা মূল্যের ডাকটিকিট সাঁটানো দু'টি খাম।

আবেদনপত্র পাঠানোর পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা ফোন করতে পারেন এই নম্বরে: ৯১-৪৫৪২-২৪০৮৮১। প্রতিষ্ঠানের ঠিকানা: Water, Sanitation and Hygiene (WASH) Institute, No.7/45-E, Srinivasapuram, Sembaganur, Post: Kodaikanal-624 101, Dindigul District, Tamil Nadu.

## কাজের সুযোগ

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, প্রশিক্ষিত প্রার্থীকে প্রতিষ্ঠানের তরফেই চাকরি পেতে সাহায্য করা হয়। চাকরির সুযোগ আছে সরকারি এবং বেসরকারি উভয় ক্ষেত্রেই। সরকারি স্বাস্থ্য বিভাগ, রেল, কর্পোরেশন, এয়ারপোর্ট, পঞ্চায়েত ছাড়াও বিভিন্ন শিল্পে স্যানিটেশন ইনস্পেক্টর পদে প্রশিক্ষিত কর্মী নিয়োগ করা হয়।

# বিনিয়োগ উপদেষ্টার পড়াশোনা

*নয়ের পাতার পর*



করা যেতে পারে, কোথায় কতটা ঝুঁকি রয়েছে, এই সব কিছু বিশ্লেষণের পদ্ধতি শেখানো হয়। ছোট ছোট গ্রুপে প্র্যাকটিক্যাল ট্রেনিং দেওয়া হয় ক্যালকাটা স্টক এক্সচেঞ্জে। ছাত্রছাত্রীদের সুবিধার কথা মাথায় রেখেই ট্রেনিংয়ের সময় স্থির করা হয়।

## কারা পড়বেন

আর্টস, সায়েন্স, কমার্স অথবা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতক প্রার্থীরা আবেদন করবেন। এছাড়া ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, মেডিক্যাল সায়েন্স, আইন-সহ বিভিন্ন পেশাদারি কোর্সে স্নাতকরাও আবেদনের যোগ্য। কর্মরতরাও আবেদন করতে পারেন।

আসনসংখ্যা ৫০। তফসিলি এবং ও বি সি ক্যাটেগরির প্রার্থীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত হবে।

কোর্স ফি ২২,০০০ টাকা। এছাড়া ভর্তির সময় কশান মানি বাবদ দিতে হবে ২,০০০ টাকা। এটি ফেরতযোগ্য। ক্লাস হবে সোম থেকে শুক্রবার, বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৭টা। প্রশিক্ষণ দেওয়া হবে ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ে।

মেধার ভিত্তিতে প্রার্থীদের চূড়ান্ত নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

## কীভাবে আবেদন

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.caluniv.ac.in আবেদনপত্রে প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন। দরখাস্তটি পূরণ করে স্ক্যান করে নেবেন। এটি ই-মেলে পাঠাতে হবে।

আবেদনের ফি ৫০০ টাকা। ফি দিতে হবে ন্যাশনাল ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার পদ্ধতিতে অথবা নগদে।

নগদে ফি জমা দিতে হবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কলকাতা বিশ্ববিদ্যালয় শাখায়। ফি 'C.U. A/C CALCUTTA STOCK EXCHANGE CUSTOMERS PROTECTION FUND'-এর অনুকূলে প্রদেয় হতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে: ৩২২৯০৫৫৫৪১৮ (আই এফ এস কোড: SBIN0007766 ব্রাঞ্চ কোড: 007766)। ফি দিয়ে পাওয়া রিসিপ্টটি স্ক্যান করে কম্পিউটারে সেভ করে রাখবেন। অনলাইনে ফি জমা দিয়ে থাকলে ব্যাঙ্ক ট্রানজাকশনের কম্পিউটার স্ক্রিনশট নিয়ে রাখবেন। ফি জমা দেওয়ার এই নথিও ই-মেলে পাঠাতে হবে।

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে ই-মেলে পাঠাতে হবে এই সব নথির স্ক্যান করা স্বপ্রত্যয়িত নকল— ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট।

নথিপত্র-সহ দরখাস্ত ১৪ অগস্টের মধ্যে পাঠাতে হবে এই ই-মেল ঠিকানায়: cucsecommerce@gmail.com

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.caluniv.ac.in/ প্রয়োজনে যে-কোনও কাজের দিন যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৮৩১১-৯৯৭৫৫ (সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা)।

## সেবি-র পরীক্ষা

সিকিউরিটিজ এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (সেবি)-র অধীনস্থ ন্যাশনাল ইনস্টিটিউট অব সিকিউরিটিজ মার্কেটস ২০০৬ থেকে দক্ষ আর্থিক উপদেষ্টার যোগ্যতা নির্ণায়ক পরীক্ষা নিয়ে থাকে, বিভিন্ন পর্যায়ে এবং বিবিধ শিক্ষাগত যোগ্যতায়। এই অনলাইন পরীক্ষায় পাশ করলে সেবি সার্টিফিকেট দিয়ে থাকে। বিভিন্ন পর্যায়ের পরীক্ষায় উত্তীর্ণ হয়ে চাকরি পাওয়া যায় আর্থিক সংস্থাগুলিতে এই সব পদে— স্টক ব্রোকার বা ডিলার, মার্চেন্ট ব্যাঙ্কার, মিউচুয়াল ফান্ডস ডিস্ট্রিবিউটর, রিসার্চ অ্যানালিস্ট, ওয়েলথ ম্যানেজার।

এই পরীক্ষাগুলির প্রস্তুতির জন্য কোনও প্রশিক্ষণের ব্যবস্থা করে না সেবি। অধ্যাপক দাস জানালেন, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সটির রূপরেখা তৈরির সময় এই পরীক্ষাগুলির কথাও মাথায় রাখা হয়েছে। কোর্স চলাকালীন আগ্রহী ছাত্রছাত্রীদের পরীক্ষার প্রস্তুতিতে সহায়তাও করা হয়।

এই পরীক্ষা সংক্রান্ত তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: http://www.nism.ac.in

## চাকরির সুযোগ

কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য বিভাগের অ্যাসোসিয়েট প্রফেসর সজল দাস কর্মক্ষেত্র-কে জানালেন, সাধারণ মানুষের সামনে ছোট-বড় মাপের বিনিয়োগের রাস্তা খুললেও, এখনও বিনিয়োগের কৌশল নিয়ে যথেষ্ট ওয়াকিবহাল না হওয়ায় অনেকেই পিছিয়ে আসেন। সাধারণ মানুষকে এ ধরনের বিনিয়োগে আগ্রহী করে তোলার জন্যই এই বিষয়ে দক্ষ পেশাদারদের চাহিদা বাড়ছে বিভিন্ন আর্থিক সংস্থা, শেয়ার ট্রেডিং ফার্ম, মার্চেন্ট ব্যাঙ্ক, মিউচুয়াল ফান্ড এবং ব্রোকারেজ সংস্থায়। তবে ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সটি করে শুধু চাকরিই নয়, ইনভেস্টমেন্ট অ্যাডভাইজর হিসেবে স্বাধীনভাবেও কাজ শুরু করা যায়। এর পাশাপাশি যাঁরা ব্যাঙ্ক বা কোনও আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত, তাঁরাও এই কোর্সটি করে নিজেদের কর্মদক্ষতা অনেকটা বাড়িয়ে নিতে পারবেন বলে জানান অধ্যাপক দাস।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক যোগ্যতায় কেন্দ্রীয় সরকারি স্কলারশিপ

*দশের পাতার পর*

অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে এই সব নথি— ✓জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো (১৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (৮০ কেবি সাইজের মধ্যে) ✓প্রযোজ্য ক্ষেত্রে পি ডি এফ ফর্ম্যাটে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট ✓দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে মেডিক্যাল সার্টিফিকেট। অনলাইন আবেদনের সময় প্রার্থী কোন শাখায় আবেদন করছেন তা সঠিকভাবে উল্লেখ করে দেবেন। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

পরীক্ষার ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ফি দেওয়া যাবে অনলাইনে ক্রেডিট কার্ড বা এ টি এম-কাম-ডেবিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর অ্যাপ্লিকেশন নম্বর-সহ পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.kvpy.iisc.ernet.in প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই সব নম্বরে: ০৮০-২৩৬০ ১০০৮, ২২৯৩ ২৯৭৫/৩৫৩৬। এছাড়াও ই-মেল করতে পারেন এই ঠিকানায়: applications.kvpy@iisc.ac.in

## সায়েন্স ক্যাম্প, সামার প্রোগ্রাম

নির্বাচিত ছাত্রছাত্রীরা নিখরচায় ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স কর্তৃক আয়োজিত ন্যাশনাল সায়েন্স ক্যাম্প (বিজ্ঞান জ্যোতি শিবির) এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ (আই আই এস ই আর) দ্বারা আয়োজিত সামার প্রোগ্রামে অংশগ্রহণের সুযোগ পান। এর মাধ্যমে ছাত্রছাত্রীরা কেন্দ্রীয় সরকারের সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ বিভাগ কর্তৃক অনুমোদিত সায়েন্টিফিক ল্যাবরেটরিতে গবেষণার কাজে যুক্ত বিজ্ঞানী ও অধ্যাপকদের সান্নিধ্য পেয়ে থাকে। এছাড়া এশিয়া মহাদেশের নানা দেশে প্রতি বছরই আয়োজন করা হয় এশিয়ান সায়েন্স ক্যাম্পের। ক্যাম্পে উপস্থিত থাকেন বিখ্যাত বিজ্ঞানীরা। ভারত থেকে পাঠানো হয় বাছাই করা ২০ জন ফেলোশিপ প্রাপ্ত ছাত্রছাত্রীকে। যাতায়াত-সহ সব খরচ বহন করে কেন্দ্রীয় সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ।

# সুগন্ধী ও ডিজাইনার মোমবাতির ব্যবসা শুরু করুন পুজোর মরশুমেই

*নয়ের পাতার পর*

দেওয়া হয়। প্রতিষ্ঠানের কর্ণধার সোমনাথ রায়চৌধুরী জানালেন, সারা বছর ধরেই মোমবাতি বিক্রি হয় এখন। বিপণনের ধরনও বদলেছে। তাঁর পরামর্শ— ডিজাইনে উদ্ভাবনী দক্ষতা, সৃষ্টিশীলতা আর স্বাতন্ত্র্যের চিহ্ন থাকলে সেই পণ্যের চাহিদা বাড়বেই। কচিকাঁচাদের জন্মদিন আর বয়স্কদের জন্মদিনের জন্য আলাদা ধরনের ডিজাইনার মোমবাতি যেমন গোড়াতেই কেড়ে নিতে পারে ক্রেতার নজর, উদাহরণ দিলেন সোমনাথবাবু।

শপিং মল বা নামী হস্তশিল্প বিপণিগুলিকে সুদৃশ্য মোমবাতির জোগান দেন স্বাধীন ভাবে ব্যবসা করা দক্ষ মোমবাতি-কারিগররাই। সেই তালিকায় আপনার নামও থাকতে পারে, যদি আপনার তৈরি মোমবাতি গুণমানে উন্নত হয় আর ডিজাইনে থাকে অভিনবত্বের ছোঁয়া।

সুন্দর ডিজাইন ও ভালো গুণমানের মোমবাতি এখন আঞ্চলিক বাজার ছাড়িয়ে ভিন রাজ্যে, এমনকী বিদেশেও পাড়ি দিচ্ছে। ফলে, ছোট



আকারে শুরু করেও ব্যবসা বাড়িয়ে নেওয়ার সুযোগ আছে। সোমনাথবাবু জানাচ্ছেন, ৪০-৫০ হাজার টাকা বিনিয়োগ করেই ভালোভাবে মোমবাতি তৈরির ব্যবসা শুরু করা যায়।

## মোমবাতি তৈরির উপকরণ

প্রথমত দরকার একটা জায়গা, যেখানে উৎপাদনের কাজটি করা যাবে। আর লাগবে সাধারণ কিছু উপকরণ, যেমন, ডাইস বা ছাঁচ, দু'চারটি পাত্র, ছুরি, গ্যাস ওভেন, কাঁচামাল— মূলত প্যারাফিন। এখন খোলাবাজারেই প্যারাফিন কিনতে পাওয়া যায়।

এছাড়া রঙিন ও সুগন্ধী মোমবাতি তৈরির জন্য দরকার রং ও সুগন্ধী তেল। ভেষজ সুগন্ধী, যেমন, ল্যাভেন্ডার, জেরালিয়াম, ফার্ন বা সিট্রোনেলা অয়েল ব্যবহার করা যেতে পারে। মশা তাড়ানোর ধূপের মতো মশা তাড়ানোর মোমবাতিও তৈরি হতে পারে। সেক্ষেত্রে মোমের সঙ্গে মেশাতে হবে কয়েকটি তরল উপাদান। মৌচাক থেকে সংগৃহীত মোম থেকেও সম্পূর্ণত ভেষজ মোমবাতি তৈরি হয়। এক্ষেত্রে তৈরির খরচ একটু বেশি পড়ে। তবে বিক্রিও হবে তুলনামূলকভাবে বেশি দামে।

## কোথায় প্রশিক্ষণ

স্বনিযুক্তি-সহায়ক প্রতিষ্ঠান 'প্রগতি' মোমবাতি তৈরির প্রশিক্ষণ দেয়। বছরের যে-কোনও সময়ই ভর্তির জন্য আবেদন করা যায়। সুগন্ধী মোমবাতি তৈরি শিখতে লাগবে তিন-চারদিন। ফি ২,০০০ টাকা।

এছাড়াও এই প্রতিষ্ঠানে শেখানো হয়— মশা তাড়ানোর মোমবাতি, জেল মোমবাতি, ফ্লোটিং বা ভাসমান মোমবাতি, টেক্কা বা তেকোণা মোমবাতি, গাছের আকৃতির মোমবাতি, বহুবর্ণ মোমবাতি তৈরি। একসঙ্গে এই সবক'টি মোমবাতি তৈরি শেখার ফি ৭,৯০০ টাকা।

যোগাযোগের ঠিকানা: প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রাক্তন টেকনিক্যাল সুপারিন্টেন্ডেন্ট অসীম চট্টোপাধ্যায় সুগন্ধী মোমবাতি তৈরির প্রশিক্ষণ দেন। ফি ২,০০০ টাকা। পাইকারি দরে মোমবাতি কিনে বিক্রি করতে চাইলে সে-সুযোগও আছে। অসীমবাবু জানিয়েছেন, ৬ গ্রাম থেকে ১ কেজি ওজনের মোমবাতি পাওয়া যাবে তাঁর কাছে। এমন মোমবাতিও তিনি তৈরি করছেন যার সলতে জ্বলবে কিন্তু পুড়বে না। ফলে কার্বনজনিত দূষণ নিয়ন্ত্রিত হবে। অসীম চট্টোপাধ্যায়ের সঙ্গে যোগাযোগের নম্বর: ৯৪৩২২-১১৮৬৮।

Banglajobguide.blogspot.com    Join http://t.me/BanglaJobGuide    http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## ইন্টারভিউয়ার আশা করেন প্রার্থী সংস্থার কাজ সম্পর্কে প্রশ্ন করবে



**অনিন্দ্য দে**
ম্যানেজিং ডিরেক্টর
ই আর এম প্লেসমেন্ট সার্ভিসেস
(একটি সর্বভারতীয় প্লেসমেন্ট সংস্থা)

ভারতে পণ্য উৎপাদন ও বিপণনের বাজারে এখন দেশি সংস্থাগুলির সঙ্গে বিদেশি এবং বহুজাতিক সংস্থাগুলিও সমানতালে অংশ নিচ্ছে। এর ফলে চাকরির পরিসর বৃদ্ধির পাশাপাশি কাজের মানচিত্রেও অনেক বদল এসেছে। সরকারি পৃষ্ঠপোষকতায় দেশের এক-এক অঞ্চলে এক-এক ধরনের কাজের পরিবেশ তৈরি হয়েছে। যেমন, পুণে-চেন্নাইতে কেন্দ্রীভূত হয়েছে অটোমোবাইল শিল্প। তথ্যপ্রযুক্তি বলতেই বেঙ্গালুরু বা কলকাতার কথা মনে পড়ে। আবার বিজ্ঞাপন বা প্রচারসংস্থাগুলি সরে এসেছে দিল্লি ও মুম্বইয়ে।

চাকরি খোঁজার সময় এই তথ্যগুলো খেয়াল রাখলে ভালো। তাহলে জায়গা অনুযায়ী চাকরির চেষ্টা করতে পারবে। সেক্ষেত্রে চাকরি পাওয়ার সুযোগও বেশি থাকবে।

তবে, প্রতিযোগিতামূলক বাজারে চাহিদা ও অর্থনীতির উত্থানপতনের ফলে যে-কোনও সময় ব্যবসার মোড় ঘুরে যেতে পারে। এর প্রভাব সরাসরি কর্মীদের উপর পড়তে বাধ্য। ইন্টারভিউ দিতে আসা প্রার্থী দ্রুত এই পরিবর্তিত পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিতে পারঙ্গম কিনা তা ইন্টারভিউয়াররা যাচাই করে নেন।

### পরিস্থিতির সাপেক্ষে বদলাও

রাজ্যের বাইরে চাকরি করতে বা বদলি হতে প্রার্থীর কোনও সমস্যা বা আপত্তি আছে কিনা তা ইন্টারভিউয়েই দেখে নেওয়া হয়। হয়ত কলকাতাতেই নিয়োগ হবে। কিন্তু জানতে চাওয়া হয়, চাকরির প্রথম দুই মাস বেঙ্গালুরুতে কাজ করতে পারবে কি না।

অন্যদিকে, এমন তো হতেই পারে যে, তোমার সত্যিই সেই সময় বাড়ি ছেড়ে থাকার ব্যাপারে কিছু ব্যক্তিগত সমস্যা আছে। কিন্তু তা আছে বলেই যদি বাইরে যাওয়ার প্রসঙ্গে একথায় 'না' বলে দাও, তাহলে কাজ আর পরিবারের মধ্যে ভরসাম্য বজায় রাখা নিয়ে প্রশ্ন উঠে যাবে। সত্যিই অসুবিধা থাকলে বরং বলতে পারো, একটানা দু'মাস ভিন্ রাজ্যে থাকতে পারবে না, তবে সপ্তাহে পাঁচদিন করে থাকতে পারবে। একথায় কাজের প্রতি তোমার আগ্রহ এবং দায়িত্ববোধ প্রকাশ পাবে। ইন্টারভিউয়ে যে-কোনও প্রসঙ্গেই অসুবিধা সত্ত্বেও ইন্টারভিউয়ারের সঙ্গে হ্যাঁ-তে হ্যাঁ মেলাতে হবে, এমন কথা নেই। কিন্তু তুমি যে ফ্লেক্সিবল সেটুকু বোঝাতে হবে।

একথা ঠিক, কর্মজীবনের শুরুতে কিছু ক্ষেত্রে ব্যক্তিগত জীবনের চেয়ে কাজকে একটু বেশি প্রাধান্য দিলে উন্নতির সুবিধা হয়। ধরা যাক কর্তৃপক্ষ জানাল, দুর্গাপুজোর অষ্টমীর দিন অফিসে আসতে হবে। এখন যদি কর্তৃপক্ষকে বলো, পরিজনদের সঙ্গে ঘুরতে যাবে বলে আসতে পারবে না, তাহলে তোমার বিষয়ে একটা নেতিবাচক ধারণা তৈরি হবে।

### বিতর্কে জড়িও না

ইন্টারভিউয়ের সময় অনেক ক্ষেত্রে মতান্তর হওয়ার মতো পরিস্থিতি তৈরি করা হয়। সেই সময়ে নিজেকে সংযত রেখে কথা বলতে হবে। আবার জ্ঞান ও বিশ্বাস অনুযায়ী সঠিক তথ্যটিও ঠান্ডা মাথায় পেশ করতে হবে।

ইন্টারভিউয়ার নানারকম প্রশ্ন করে তোমায় বিভ্রান্ত করে দিতে চেষ্টা করবেন। এটা একটা কৌশল। সাধারণত আমরা অপরিচিত লোকের সঙ্গে সংযত হয়ে কথা বলি। কেউ মেজাজি হয়, কেউ বদরাগী হয়, কেউ সহজে ভুলে যায়। এই দিকগুলো আমরা সহজে অন্যের সামনে প্রকাশ করি না। কিন্তু ইন্টারভিউয়ার তোমার ওই চেহারাটাও দেখতে চাইবেন। তুমি নিজের রাগ বা ইমোশন কতটা নিয়ন্ত্রণ করতে পারো তার উপরই তোমার সাফল্য নির্ভর করবে।

### টুকরো পরামর্শ

- ইন্টারভিউয়ে অনেক সময়ই শেষ প্রশ্ন হিসেবে জানতে চাওয়া হয়, প্রার্থীর কোনও প্রশ্ন আছে কিনা। এর উত্তরে বেশিরভাগই 'না' বলে। কিন্তু এটা ইন্টারভিউয়ের খুব জরুরি অংশ। ইন্টারভিউয়ার আশা করেন, প্রার্থীর সংস্থার কাজ সম্পর্কিত জিজ্ঞাস্য থাকবে।
- ইন্টারভিউ দিতে যাওয়ার আগে ভয় যত বেশি পাবে তত বেশি বিপদে পড়বে। যেটুকু পড়ে যাচ্ছ, সেটুকু পারবেই—এই আত্মবিশ্বাস থাকলেই অনেক।
- কথোপকথনের ভাষা নিয়ে ভয় পেয়ে গুটিয়ে থাকলে নিজেরই ক্ষতি। ইংরেজি কাগজ জোরে জোরে পড়, বন্ধুদের সঙ্গে ইংরেজিতে কথা বলো, মোটামুটি কাজ চালানোর মতো ইংরেজি জানলেই হবে। আয়নায় নিজের চোখের দিকে তাকিয়ে কথা বলা রপ্ত করো। প্রাথমিক জড়তা কাটবে, আত্মবিশ্বাস তৈরি হবে।
- তুমি পারলে না, তোমার জায়গায় অন্য একজন চাকরিটা পেয়ে গেল। অর্থাৎ কাজ পাওয়াটা অসম্ভব ছিল না। কিন্তু তুমি কোনও একটা পর্যায় পর্যন্ত গিয়ে আটকে গিয়েছিলে। পরমুহূর্ত থেকে নিজের খামতিটা খুঁজে মেরামত করার চেষ্টা করো। মনে রেখো, চাকরি আছে। যে একেবারেই চেষ্টা করছে না, সে-ই শুধু চাকরি পাচ্ছে না। তাই কোনওভাবেই থেমে গেলে হবে না। বাধা পেলে পরের হার্ডল টপকানোর জন্য উঠে পড়ে চেষ্টা করো।

## কেন্দ্রীয় সরকারের জৈব প্রযুক্তি প্রশিক্ষণ প্রকল্প

*বারোর পাতার পর*

মাপের ফটো (২৫ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (১০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২২ অগস্ট। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। ডিমান্ড ড্রাফটটি 'Biotech Consortium India Limited'-এর অনুকূলে 'ন্‌ন্দভ্র ভ্ভন্দ্বগুভ্র'-তে প্রদেয় হতে হবে। ফি জমা দেওয়ার তথ্য অনলাইন আবেদনের সময় নথিভুক্ত করতে হবে।

অনলাইন দরখাস্ত সাবমিট করার পর পূরণ করা অ্যাপ্লিকেশন ফর্ম এবং সিস্টেম জেনারেটেড অ্যাকনলেজমেন্ট স্লিপের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি পাঠাতে হবে।

অ্যাকনলেজমেন্ট স্লিপ ও অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন: ✓ডিমান্ড ড্রাফট। ড্রাফটের পিছনে প্রার্থীর নাম, জন্মতারিখ, অ্যাপ্লিকেশন আই ডি এবং মোবাইল নম্বর লিখে দেবেন ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল ✓ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষাপ্রতিষ্ঠানের তরফে পূরণ করা নির্দিষ্ট বয়ান।

২৭ অগস্টের মধ্যে নথিপত্র-সহ অ্যাকনলেজমেন্ট স্লিপ এবং সাবমিট করা অ্যাপ্লিকেশন ফর্মের প্রিন্ট আউট পৌঁছতে হবে এই ঠিকানায়: Program Co-ordinator, DBT-BITP, Biotech Consortium India Limited (BCIL), 5th floor, Anuvrat Bhavan, 210, Deen Dayal Upadhyaya Marg, New Delhi-110 002. নথিপত্র স্পিড পোস্ট বা ক্যুরিয়ারের মাধ্যমে পাঠাবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.bcil.nic.in/ প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০১১) ২৩২১-৯০৬৪/৬৫/৬৬/৬৭ (এক্সটেনশন নম্বর ২৩২, ২৪১, ২৪৩)। ই-মেল: bitp.dbt@nic.in

## বন্ধন-এর চাকরি ও স্বনিযুক্তি সহায়ক এক ডজন প্রশিক্ষণ

*বারোর পাতার পর*

রিটেল, সেলস, মাইক্রোফিনান্স এক্সিকিউটিভ, বিউটি অ্যান্ড ওয়েলনেস। কোর্স ফি: ২,৩৬০ টাকা। সময়সীমা: ৪৫ দিন।

**ধূপগুড়ি:** হসপিটালিটি, রিটেল, সেলস, মাইক্রোফিনান্স এক্সিকিউটিভ, বিউটি অ্যান্ড ওয়েলনেস। কোর্স ফি: ২,৩৬০ টাকা। সময়সীমা: ৪৫ দিন।

**ময়নাগুড়ি:** হসপিটালিটি, সেলস। কোর্স ফি: ২,৩৬০ টাকা। সময়সীমা: ৪৫ দিন।

**মালবাজার:** হসপিটালিটি, রিটেল, মাইক্রোফিনান্স এক্সিকিউটিভ, বিউটি অ্যান্ড ওয়েলনেস। কোর্স ফি: ২,৩৬০ টাকা। সময়সীমা: ৪৫ দিন।

**মালদা:** গেস্ট রিলেশন এক্সিকিউটিভ, সেলস, রিটেল, মাইক্রোফিনান্স এক্সিকিউটিভ। ফি: ৪,১৫০ টাকা। সময়সীমা: ৪৫ দিন।

**বহরমপুর:** গেস্ট রিলেশন এক্সিকিউটিভ, সেলস, রিটেল, মাইক্রোফিনান্স এক্সিকিউটিভ। ফি: ৪,১৫০ টাকা। সময়সীমা: ৪৫ দিন।

পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে এইসব শহরে: তমলুক, কাঁথি, হলদিয়া, মেদিনীপুর টাউন, খড়্গপুর। সবক'টি কেন্দ্রেই প্রশিক্ষণ হবে এইসব ট্রেডে: গেস্ট রিলেশন এক্সিকিউটিভ, সেলস, রিটেল, বিপিও, মাইক্রোফিনান্স এক্সিকিউটিভ। কোর্সগুলির সময়সীমা ৪৫ দিন। ফি: ২,৩৬০ টাকা।

প্রশিক্ষণ কেন্দ্রগুলির সঙ্গে যোগাযোগের ফোন নম্বর: বর্ধমান: ৯০৬৪৩-৭৯৬৫৬। বারাসাত: ৮৮৭৭১-০১৯৫৪। গড়িয়া: ৯৬৭৪৭-৭১৯৪৬। বেহালা: ৯৭৩২৬-৭৫৭৪৪। চাকদহ: ৮২৪০৬-২৩৫১৪। উত্তরপাড়া: ৮১০১৩-৭৯৭৪৩। চন্দননগর: ৮৭৭৭৭-৫৪৩১৬। শিলিগুড়ি: ৯৩৮২৮-৫৩৫২১। জলপাইগুড়ি: ৯৫৯৩৯-৪১৫৫১। ময়নাগুড়ি: ৮৩৭২৯-০৭৭০৭। ধূপগুড়ি: ৮৯২৭৭-০০৪৬১। মালবাজার: ৭০০১২-১৪১৯৭। বহরমপুর: ৮৯০৬২-০১৪৪৯। মেদিনীপুর: ৮৫৯৭৩-৯২৭৭৪। খড়্গপুর: ৮৫৮৪৯-৫৭২৩৪। কাঁথি: ৯৫৬৪৬-৫৭৭৮১। তমলুক: ৭৪০৭৮-৪৮৪৯৪। হলদিয়া: ৮১৪৫৪-৭৬৫৩২।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপত্র
shine.com

**Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA**

**Companies Recruiting This Week**

SAFIYA MANPOWER

Company: **PS AVIATION ACADEMY PVT LTD**
Position Title: **Ground staff and Cabin crew**
Experience, Location: **Fresher, Kolkata, Delhi, Vizag**
Profile: Join aviation to secure your future. PS Aviation Academy offers different courses for the eligible students. Qualification minimum 12th Pass. Age limit-18 to 28. Male female both can apply. After completion of the course we provide them 100% placement in aviation sector. Contact no-8240117926/9007421048, E-Mail: career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using **9246724** as keyword.

Company: **Companion Placements**
Position Title: **HR Recruiter**
Experience, Location: **Any Experience, Kolkata**
Profile: Growth can be messy and unorganized but also engaging and fun. At Companion Placements we intend to strike a balance between both. We are looking for fresh and semi used brains to join us as recruiters to work on mid and senior level mandates. We have a state of art office located at Park Street. Salary would be best in the industry provided you land up in our selection criterion. Apply at manojcompanion@gmail.com, For details call at 40014772/3 (Mon – Fri between 10 to 7)
To apply for this job, log on to www.shine.com

Company: **SAFIYA MANPOWER**
Position Title: **TELE CALLER**
Experience, Location: **Kolkata**
Profile: Contacting potential or existing customers to inform them about a product or service using scripts. Answering questions about products or the company. Asking questions to understand customer requirements and close sales. Call: 9163580731 Email id: safiyamanpower...@gmail.com
To apply for this job, log on to www.shine.com

Herbal Care India

MERCEDE

Company: **Dona World Technical Training Institute**
Position Title: **Jr Accountant**
Experience, Location: **Fresher & Experienced, Kolkata**
Profile: We need "Jr Accountant" for our own organisation. Both Fresher & Experienced candidate may apply. Candidate should be a Commerce graduate. Interview & Job location is Kamal Park, Birati (Near Birati 1 no railway ticket counter) Kolkata-700051
For more info call on 9051902637.
Mail ID- director@donaworld.com
To apply for this job, log on to www.shine.com

Company: **Herbal Care India**
Position Title: **Business Manager**
Experience, Location: **0-4 years, Kolkata**
Profile: Required: Area Sales Manager / Sales Officer. Responsible to build the brand across the country. Establishing distribution networks and to achieving desired goals by managing a team of professionals. Manage the sales and marketing operations and accountable for top line and bottom-line growth. Apply on Job ID
To apply for this job, log on to www.shine.com and search using **10074721** as keyword.

Company: **Mercede**
Position Title: **Regional Manager Customer Service**
Experience, Location: **8-15 years, Kolkata**
Profile: To handle the overall customer services field support of BharatBenz & Mercedes Benz range of Trucks & Buses for the region within India. BE (Mechanical) - PGDBM (Mktg). Experience- 8-15 Years. Special Knowledge- Dealer Management. Apply on Job ID
To apply for this job, log on to www.shine.com and search using **10070809** as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203***
*Not for Candidates
shine.com Great careers start here

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জ্ঞান বিজ্ঞান

## জানার জানালা

### গ্রিনল্যান্ডের বরফ গলছে ইউরোপের গরমে



আর্কটিক এবং আটলান্টিক মহাসাগরের মধ্যবর্তী গ্রিনল্যান্ডের ভূখণ্ডে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম বরফের আস্তরণের গলনে আশঙ্কা প্রকাশ করল রাষ্ট্রপুঞ্জ। চলতি বছরে ইউরোপের অস্বাভাবিক তাপপ্রবাহ দ্রুত গলিয়ে দিচ্ছে গ্রিনল্যান্ডের তুষারক্ষেত্র। গ্রিনল্যান্ডের তুষার আবরণ দ্বীপের ৮০ শতাংশ এলাকা জুড়ে বিস্তৃত। ৩০০০ মিটার পুরু এই বরফের চাদরের আয়তন প্রায় ২৯ লক্ষ ঘন কিলোমিটার। যার পুরোটা গলে গেলে সমুদ্রতলের উচ্চতা প্রায় সাত মিটার বেড়ে যাবে। নিশ্চিহ্ন হয়ে যাবে পৃথিবীর বিস্তীর্ণ ভূভাগ। জলবায়ু পরিবর্তনের জেরে উত্তরমেরু ও গ্রিনল্যান্ডের পাশাপাশি পৃথিবীর বৃহত্তম তুষারক্ষেত্র দক্ষিণমেরুতেও বছরে কয়েকশো ঘন কিলোমিটার বরফ গলনের বিষয়টি জলবায়ু পরিবর্তন সংক্রান্ত সম্মেলনগুলিতে বার বার উঠে এসেছে। এখন ব্রিটেনের 'মেটেরিওলজিক্যাল সোসাইটি'ও তাদের পূর্বাভাসে জানিয়েছে ২০৫০ সাল পর্যন্ত এক বছর অন্তর এবারকার মতো তাপপ্রবাহের শিকার হতে পারে গ্রিনল্যান্ড। ফলে সেখানে বরফের স্তরের গলন আরও দ্রুত হওয়ার আশঙ্কা।

### সিকিমের দুর্গম এলাকায় বাঘের দেখা



বাঘ বিশারদদের চমকে দিয়ে এবার উত্তর সিকিমে পাহাড়ি দুর্গম এলাকায় দেখা দিল রয়্যাল বেঙ্গল। অরুণাচল প্রদেশের দিবাং ভ্যালির পর বাঘের দেখা মিলেছে উত্তর সিকিমের গামটাংপুর নাগা এলাকায়। জায়গাটির উচ্চতা সমুদ্রপৃষ্ঠ থেকে ৩৬০০ মিটার। এই এলাকায় ২১ জুন পেতে রাখা ট্র্যাপ ক্যামেরায় একটি পূর্ণ বয়স্ক বাঘের ছবি লেন্সবন্দি হয়েছে। ২৭ জুলাই ছবিটি ডব্লু ডব্লু এফ (ওয়ার্ল্ড ওয়াইল্ডলাইফ ফান্ড)- এর তরফে প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য, গত ডিসেম্বরে অরুণাচল প্রদেশের দিবাং ভ্যালিতে পাহাড়ের ৩,৬৩০ মিটার উচ্চতায় বরফের আস্তরণে ঢাকা এলাকায় বাঘের উপস্থিতি ধরা পড়েছিল।

### ৯,০০০ বছরের পুরনো সভ্যতার খোঁজ জেরুজালেমে



- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।
ফুরোবার আগেই সংগ্রহ করুন।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# দেশের ৮ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৪৩৩৬ প্রবেশনারি অফিসার

*প্রথম পাতার পর*

**এলাহাবাদ ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৫০০টি (সাধারণ ২০৩, তফসিলি জাতি ৭৫, তফসিলি উপজাতি ৩৭, ও বি সি ১৩৫, আর্থিকভাবে অনগ্রসর ৫০)। এর মধ্যে ৫টি করে শূন্যপদ শ্রবণ, অস্থি, দৃষ্টি ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** মোট শূন্যপদ ৮৯৯টি (সাধারণ ৫৮৩, তফসিলি জাতি ১৫৮, তফসিলি উপজাতি ৫৮, ও বি সি ১১, আর্থিকভাবে অনগ্রসর ৮৯)। এর মধ্যে ৬টি করে শূন্যপদ শ্রবণ, দৃষ্টি ও বৌদ্ধিক প্রতিবন্ধী এবং ১৭টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ব্যাঙ্ক অব মহারাষ্ট্র:** মোট শূন্যপদ ৩৫০টি (সাধারণ ১৪৩, তফসিলি জাতি ৫২, তফসিলি উপজাতি ২৬, ও বি সি ৯৪, আর্থিকভাবে অনগ্রসর ৩৫)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ শ্রবণ, অস্থি, দৃষ্টি ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **কানাড়া ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৫০০টি (সাধারণ ২০৩, তফসিলি জাতি ৭৫, তফসিলি উপজাতি ৩৭, ও বি সি ১৩৫, আর্থিকভাবে অনগ্রসর ৫০)। এর মধ্যে ৫টি করে শূন্যপদ শ্রবণ, অস্থি, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী এবং বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **কর্পোরেশন ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ১৫০টি (সাধারণ ৬২, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১১, ও বি সি ৪০, আর্থিকভাবে অনগ্রসর ১৫)। এর মধ্যে ২টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী এবং ১টি করে শূন্যপদ দৃষ্টি ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইন্ডিয়ান ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৪৯৩টি (সাধারণ ২০১, তফসিলি জাতি ৭৩, তফসিলি উপজাতি ৩৭, ও বি সি ১৩৩, আর্থিকভাবে অনগ্রসর ৪৯)। এর মধ্যে ৫টি করে শূন্যপদ শ্রবণ, অস্থি, দৃষ্টি ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ওরিয়েন্টাল ব্যাঙ্ক অব কমার্স:** মোট শূন্যপদ ৩০০টি (সাধারণ ১২২, তফসিলি জাতি ৪৮, তফসিলি উপজাতি ২২, ও বি সি ৭৯, আর্থিকভাবে অনগ্রসর ২৯)। এর মধ্যে ৩টি করে শূন্যপদ শ্রবণ, অস্থি, দৃষ্টি ও বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইউকো ব্যাঙ্ক:** মোট শূন্যপদ ৫০০টি (সাধারণ ২৬১, তফসিলি জাতি ৫৩, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ১১৮, আর্থিকভাবে অনগ্রসর ৫০)। এর মধ্যে ৪৭টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ৪টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ৩টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ১৩টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া:** মোট শূন্যপদ ৬৪৪টি (সাধারণ ২৫৩, তফসিলি জাতি ১১৪, তফসিলি উপজাতি ৫৩, ও বি সি ১৫৯, আর্থিকভাবে অনগ্রসর ৬৫)। এর মধ্যে ১২টি করে শূন্যপদ শ্রবণ ও অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য, ১৫টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ৬টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট বা সমতুল।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

অনলাইন পরীক্ষা হবে দু' পর্যায়ে— প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫), রিজনিং এবিলিটি (৩৫)। বিষয় প্রতি সময়সীমা ২০ মিনিট। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হবেন। মেন পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৬০), জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (৪০), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০), ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৬০), ডেস্ক্রিপটিভ ইংলিশ-লেটার রাইটিং অ্যান্ড এসে (২৫)। মোট সময়সীমা ৩ ঘণ্টা ৩০ মিনিট।

নেগেটিভ মার্কিং আছে, প্রতিটি ভুল উত্তরের জন্য অতিরিক্ত এক-চতুর্থাংশ নম্বর কাটা যাবে।

পরীক্ষা হবে দেশ জুড়ে বিভিন্ন কেন্দ্রে। পশ্চিমবঙ্গের স্টেট কোড ৪৬। প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, শিলিগুড়ি, দুর্গাপুর, আসানসোল, হুগলি ও কল্যাণী। মেন পরীক্ষার কেন্দ্রগুলি হল: বৃহত্তর কলকাতা, আসানসোল, কল্যাণী ও শিলিগুড়ি।

তফসিলি ও সংখ্যালঘু সম্প্রদায়ের প্রার্থীদের জন্য প্রাক-পরীক্ষা প্রশিক্ষণের ব্যবস্থা করা হতে পারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২৮ অগস্ট পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে। মনে রাখবেন, দরখাস্ত করার আগে নিজের ফটো, সই এবং বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ স্ক্যান করে কম্পিউটারে রাখতে হবে। নিজের পাসপোর্ট মাপের একটি সাম্প্রতিক রঙিন ফটো (হালকা বা সাদা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা) ২০০×২৩০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজে স্ক্যান করে কম্পিউটারে রাখবেন। একটি সাদা কাগজে কালো কালির পেনে করা সই (১৪০×৬০ পিক্সেলে ১০ থেকে ২০ কেবি সাইজ) এবং বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজ) স্ক্যান করে কম্পিউটারে রাখবেন। সেইসঙ্গে নিজের হাতে লেখা এই ঘোষণাটিও স্ক্যান করে আপলোড করতে হবে— 'I ____ (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required.' (৮০০×৪০০ পিক্সেলে ৫০ থেকে ১০০ কেবি সাইজ)।

ফটো, আঙুলের ছাপ, সই-সহ যাবতীয় নথিপত্র স্ক্যান করে জে পি জি বা জে পি ই জি ফর্ম্যাটে সেভ করবেন আলাদা আলাদা ফাইলে। অনলাইন দরখাস্ত যথাযথভাবে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে পরীক্ষার ফি বাবদ জমা দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ত্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.ibps.in

# কেন্দ্রীয় সরকারি হাসপাতালে ১৩৫৫ নার্স

*প্রথম পাতার পর*

এসসি নার্সিং অথবা পোস্ট বেসিক বি এসসি নার্সিং। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং মিডওয়াইফারিতে ডিপ্লোমা। সব ক্ষেত্রেই স্টেট নার্সিং কাউন্সিলে নার্স বা নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে অন্তত ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতালে, দিল্লি এইমসের ক্ষেত্রে ২ বছর এবং অন্যান্য হাসপাতালের ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। দিল্লি এইমসের ক্ষেত্রে ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নার্সেস অ্যান্ড মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকলেও আবেদন করা যাবে।

**বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

**বয়স:** ২১-৮-২০১৯ তারিখে দিল্লি এইমসের ক্ষেত্রে ৩০ বছর এবং অন্যান্য হাসপাতালের ক্ষেত্রে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার-বেসড অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার তারিখ ১৫ সেপ্টেম্বর।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ অগস্ট। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ বা পি এন জি বা জি আই এফ ফর্ম্যাটে স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে), সই (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) ও বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ১,২০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

যথাযথভাবে পূরণ করা দরখাস্ত সাবমিট করার পর রেজিস্ট্রেশন স্লিপের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটগুলিও: http://rmlh.nic.in, www.vmmc-sjh.nic.in, www.lhmc-hosp.gov.in

# রাজ্য সরকারে ১৪০ ক্লার্ক

*প্রথম পাতার পর*

শূন্যপদ ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **হাওড়া:** শূন্যপদ ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **হুগলি:** শূন্যপদ ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। **পশ্চিম বর্ধমান:** শূন্যপদ ১১টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, ও বি সি-এ ১)। **পূর্ব বর্ধমান:** শূন্যপদ ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-বি ১)। **বাঁকুড়া:** শূন্যপদ ১২টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **বীরভূম:** শূন্যপদ ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, ও বি সি-এ ১, ও বি সি-বি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। **পুরুলিয়া:** শূন্যপদ ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)। **পশ্চিম মেদিনীপুর:** শূন্যপদ ৬টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। **ঝাড়গ্রাম:** শূন্যপদ ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)। **পূর্ব মেদিনীপুর:** শূন্যপদ ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, তফসিলি জাতি-দৈহিক প্রতিবন্ধী ১)। **কলকাতা:** শূন্যপদ ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি-এ ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত ছ'মাস মেয়াদের কম্পিউটারের বেসিক ট্রেনিং নিয়ে থাকতে হবে। পাশাপাশি, কম্পিউটারে টাইপিংয়ের ক্ষেত্রে ঘণ্টায় অন্তত ৬,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। এছাড়া ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে অবশ্যই প্রার্থীর নাম 'জব-সিকার' বিভাগে নথিভুক্ত থাকতে হবে।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা ৩ বছরের ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ১২,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মাধ্যমিকে প্রাপ্ত নম্বর, কম্পিউটার অপারেশন নলেজ ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wblc.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৪ সেপ্টেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় জে পি জি ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা ফটো ও কালো কালির সই এবং পি ডি এফ ফর্ম্যাটে যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ফোন করতে পারেন এই হেল্পলাইন নম্বরে: ১৮০০১০৩০০০৯।

# ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনে ২৫৭ সায়েন্টিস্ট 'বি'

*প্রথম পাতার পর*

তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রিক্যাল:** ১৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ২)। **অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **মেটালার্জি:** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, ও বি সি ৩, আর্থিকভাবে অনগ্রসর ১)। **সিভিল ইঞ্জিনিয়ারিং:** ১২টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিকভাবে অনগ্রসর ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল শাখায় প্রথম শ্রেণিতে বি ই বা বি টেক। পাশাপাশি, গেট পরীক্ষায় সংশ্লিষ্ট পেপারে পাশ করে থাকতে হবে। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে গেট পরীক্ষায় পাশ না করে থাকলেও চলবে। সে ক্ষেত্রে প্রার্থীকে আই আই টি (ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি) বা এন আই টি (ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি) থেকে মোট অন্তত ৮০ শতাংশ নম্বর-সহ পাশ করে থাকতে হবে।

বিভিন্ন শাখার সমতুল বিষয়গুলি হল: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি-কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিম্যাটিক্স ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, টেলি কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, টেলিকমিউনিকেশন অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল উইথ কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, রেডিয়ো ফিজিক্স অ্যান্ড ইলেক্ট্রনিক্স অবং ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং।

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং এবং মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং।

কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স/ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স/টেকনোলজি অ্যান্ড ইনফর্মেটিক্স ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, কম্পিউটার অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং কম্পিউটার নেটওয়ার্কিং।

কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে কেমিক্যাল টেকনোলজি, কেমিক্যাল প্ল্যান্ট ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড কেমিক্যাল অ্যান্ড পলিমার টেকনোলজি, পলিমার সায়েন্স অ্যান্ড কেমিক্যাল টেকনোলজি এবং কেমিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি।

ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড রিনিউয়েবল এনার্জি ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশনস ইঞ্জিনিয়ারিং এবং ইলেক্ট্রিক্যাল উইথ কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং।

অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং এবং অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং।

মেটালার্জির ক্ষেত্রে মেটালার্জি অ্যান্ড মেটেরিয়াল টেকনোলজি, মেটালার্জি/মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং এবং মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং।

সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং, সিভিল অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, সিভিল অ্যান্ড রুরাল ইঞ্জিনিয়ারিং, সিভিল অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং, সিভিল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ইঞ্জিনিয়ারিং এবং কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট।

**শুরুতে বেতন:** আনুমানিক ৮০,০০০ টাকা।

**বয়স:** ৩০-৮-২০১৯ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

শিক্ষাগত স্তরে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের প্রাথমিক ভাবে বাছাই করা হবে। নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষা হবে দু'টি পত্রের। প্রতিটি পত্র ৩০০ নম্বরের, সময় ৩ ঘণ্টা। সব শেষে ইন্টারভিউ।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://rac.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি ফর্ম্যাটে ৩০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই, বৈধ গেট স্কোর কার্ড, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজনীয় নথিপত্র, কাস্ট সার্টিফিকেট, আর্থিক অনগ্রসরতার সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেট আপলোড করতে হবে।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অথবা ফোন করতে পারেন এই নম্বরে: ০১১-২৩৮৩০৫৯৯

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# তিন সামরিক বাহিনীতে কয়েকশো অফিসার

ট্রেনিং দিয়ে আর্মি, নেভি ও এয়ারফোর্সে কয়েকশো অফিসার নিয়োগ করা হবে। উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত তরুণরা আবেদন করতে পারেন। মেয়েরা আবেদন করবেন না। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (২), ২০১৯-এর মাধ্যমে। পরীক্ষা ১৭ নভেম্বর।

ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে আর্মি শাখার জন্য শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির এয়ারফোর্স ও ন্যাভাল ব্রাঞ্চ এবং ন্যাভাল অ্যাকাডেমিতে ১০+২ ক্যাডেট এন্ট্রির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স এবং ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। উভয় ক্ষেত্রেই যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করা যায়।

প্রার্থী বাছাই করা হয় লিখিত পরীক্ষা, ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষার পরে হবে ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজিক্যাল টেস্ট ও কনফারেন্স। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার জন্য ডাক পাওয়া যায়।

নির্বাচিত প্রার্থীদের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিংয়ের সময় নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যায়।

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ৭ অগস্ট থেকে ৩ সেপ্টেম্বর পর্যন্ত। এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে আগাম এই খবর জানানো হল।

তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: http://www.upsc.gov.in

# হোমি ভাবা ক্যান্সার হসপিটালে নার্স

৮৩ জন নার্স নেবে টাটা মেমোরিয়াল সেন্টার। নিয়োগ করা হবে বেনারসের হোমি ভাবা ক্যান্সার হসপিটালে। কেবল মহিলারাই আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ১০৪/২০১৯।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৪৬, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১৭, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ২, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি-সহ অঙ্কোলজি নার্সিংয়ে ডিপ্লোমা। অথবা বেসিক বা পোস্ট বেসিক বি এসসি (নার্সিং) ডিগ্রি। উভয় ক্ষেত্রেই অন্তত ৫০টি শয্যাবিশিষ্ট হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১৬-৮-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। নার্সিং অঙ্কোলজিতে ডিপ্লোমাধারীরা পুরো বন্ড পিরিয়ডে কাজ করে থাকলে ৫ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা বা ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র বেনারস ও মুম্বই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tmc.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৬ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। ফি ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে দিতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ফি দিতে লাগবে না। অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করবেন। পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

### অনলাইন দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন

- ✓পাসপোর্ট মাপের এক কপি রঙিন ফটো।
- ✓ফি জমা দেওয়ার রসিদ (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓অভিজ্ঞতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓কর্মরতদের ক্ষেত্রে অ্যাপয়েন্টমেন্ট লেটার, সর্বশেষ পে স্লিপ ও সচিত্র পরিচয় পত্রের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

প্রিন্ট আউট ভরা খামের ওপর যে-পদের জন্য দরখাস্ত করছেন, তার নাম ও বিজ্ঞপ্তি নম্বর লিখবেন। ২৩ অগস্টের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র-সহ প্রিন্ট আউট পৌঁছতে হবে এই ঠিকানায়: 3rd Floor, Service Block building, H.R.D. Department, Tata Memorial Hospital, Parel, Mumbai-400 012. বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উলুবেড়িয়া পুরসভায় ক্লার্ক, পিওন, মজদুর

ক্লার্ক, পিওন ও মজদুর পদে ২৩ জনকে নিয়োগ করবে হাওড়ার উলুবেড়িয়া মিউনিসিপ্যালিটি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: UM/2559.

**শূন্যপদের বিন্যাস: ক্লার্ক:** শূন্যপদ ৬টি (সাধারণ ১, সাধারণ-ই সি ২, তফসিলি জাতি ১, তফসিলি জাতি-ই সি ১, ও বি সি-এ-ই সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। টাইপিং জানলে ও কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ৫,৪০০-২৫,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ২,৬০০ টাকা।

**পিওন:** শূন্যপদ ৯টি (সাধারণ ২, সাধারণ-ই সি ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি ১, তফসিলি জাতি-ই সি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)। **মজদুর:** শূন্যপদ ৮টি (সাধারণ ২, সাধারণ-ই সি ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি ১, তফসিলি জাতি-ই সি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উপরোক্ত দু'টি পদের ক্ষেত্রেই অন্তত ক্লাস এইট পাশ। বাংলা বা হিন্দি পড়তে ও লিখতে জানা চাই। সুগঠিত চেহারার অধিকারী হলে অগ্রাধিকার। **বেতনক্রম:** দু'টি পদের ক্ষেত্রেই ৪,৯০০-১৬,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি ও দৈহিক প্রতিবন্ধীরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। ক্লার্ক পদের ক্ষেত্রে অতিরিক্ত থাকবে কম্পিউটার অ্যান্ড টাইপিং টেস্ট।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.uluberiamunicipality.org পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓দু'কপি পাসপোর্ট মাপের ফটো। একটি ফটো স্বপ্রত্যয়িত করে দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর ফটোটি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ডের (থাকলে) স্বপ্রত্যয়িত নকল।
- ✓টাইপিংয়ে দক্ষতা ও কম্পিউটার নলেজের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

দরখাস্ত ভরা খামের ওপর বিজ্ঞপ্তি নম্বর ও যে-পদের জন্য দরখাস্ত করছেন, তার নাম লিখে দেবেন। ২২ অগস্টের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Chairman, Uluberia Municipality, O.T Road, P.O.-Uluberia, Dist-Howrah, Pin-711316. অথবা সরাসরি গিয়েও দরখাস্ত জমা দিয়ে আসতে পারেন উপরোক্ত ঠিকানায় রাখা নির্দিষ্ট বক্সে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বিধাননগর পুলিশ কমিশনারেটে ড্রাইভার

ড্রাইভার পদে ৪০ জনকে নেবে বিধাননগর পুলিশ কমিশনারেট। নিয়োগ হবে চুক্তিতে।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ। বাংলায় লিখতে ও পড়তে জানতে হবে। এর পাশাপাশি ১-৮-২০১৯ তারিখ অনুসারে অন্তত ৩ বছরের বৈধ লাইট মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কোনও স্বীকৃত সংস্থায় ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ১-৮-২০১৯ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রতি মাসে ১১,৫০০ টাকা।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর ২ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। অন্য ফটোটি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ড্রাইভিং লাইসেন্সের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউ, ড্রাইভিং টেস্ট ও মেডিক্যাল টেস্ট হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান সংগ্রহ করবেন এই ঠিকানা থেকে: The Commissioner of Police, Bidhannagar Police Commissionerate, M.T. Section, Ramp No.-19, Salt Lake Stadium, Kol-700 106. দরখাস্তে প্রার্থীর মোবাইল নম্বর লিখে দেবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন: 'The Commissioner of Police, Bidhannagar'. দরখাস্ত ১৬ অগস্টের মধ্যে উপরোক্ত ঠিকানায় এম. টি. সেকশনে রাখা ড্রপ বক্সে সরাসরি গিয়ে জমা দিতে হবে।

তথ্যের জন্য যোগাযোগ করুন উপরোক্ত ঠিকানায়।

## ফল বেরোল

**ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৯-এর সিভিল সার্ভিসেস** এক্সামিনেশন (প্রিলিমিনারি) পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

## এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেসে

# ১২৫ এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার

১২৫ জন এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার নেবে এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস। এটি এয়ার ইন্ডিয়ার অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিকভাবে ৫ বছরের চুক্তিতে নিয়োগ হবে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে, দিল্লি ও মুম্বইতে। ইন্টারভিউ ৩, ৪, ৫, ৬, ৭, ৯ ও ১০ সেপ্টেম্বর।

সার্টিফাইং সাপোর্ট স্টাফ (এ এম ই) হিসেবে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ১-৮-২০১৯ তারিখে বয়স হতে হবে ৫৩ বছরের মধ্যে।

বেতন: প্রতি মাসে ৯৫,০০০-১,২৮,০০০ টাকা।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা দেখুন এই ওয়েবসাইট: www.airindia.in

# কোস্টগার্ডে যান্ত্রিক

ট্রেনিং দিয়ে বেশ কিছু যান্ত্রিক নিয়োগ করবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। শুধুমাত্র ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০১/২০২০ ব্যাচে। প্রশিক্ষণ শুরু হবে ২০২০-র ফেব্রুয়ারিতে। প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা নেওয়া হবে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে অল ইন্ডিয়া কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন (রেডিও/পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। তফসিলি জাতিভুক্ত প্রার্থী, জাতীয় স্তরের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্থানাধিকারী খেলোয়াড় এবং কোস্টগার্ডে কর্মরত অবস্থায় মৃত ব্যক্তির সন্তানরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। পার্বত্য এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে ছাড় পাবেন। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া ৬/২৪ এবং চশমা-সহ ভালো ও খারাপ চোখে যথাক্রমে ৬/৯ এবং ৬/১২ হতে হবে। স্বাভাবিক শ্রবণক্ষমতা থাকা চাই।

প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি থাকলে চলবে না।

**বয়স:** ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-২-১৯৯৮ থেকে ৩১-১-২০০২-এর মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের জন্য ডাকা হবে। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১ সেপ্টেম্বর থেকে ৮ সেপ্টেম্বর পর্যন্ত এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in

পশ্চিমবঙ্গে লিখিত পরীক্ষার কেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে সংশ্লিষ্ট বিষয়, ইংরেজি, জেনারেল নলেজ, রিজনিং এবং অ্যাপ্টিটিউড বিষয়ে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বোস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২-৩ দিন ধরে।

ট্রেনিং শুরু হবে ফেব্রুয়ারিতে আই এন এস চিলকায়। প্রথমে বেসিক ট্রেনিং হবে। তার পর সি ট্রেনিং ও প্রফেশনাল ট্রেনিং হবে। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ হবে যান্ত্রিক পদে।

মূল বেতন ২৯,২০০ টাকা। সঙ্গে যান্ত্রিক পে ৬,২০০ টাকা এবং অন্যান্য সুযোগ-সুবিধা। ধাপে ধাপে প্রধান সহায়ক ইঞ্জিনিয়ার র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন মূল বেতন ৪৭,৬০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে উপকূলরক্ষী বাহিনীর এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১১ থেকে ১৭ অগস্ট পর্যন্ত।

যথাযথভাবে দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। নম্বরটি লিখে রাখুন। অ্যাডমিট কার্ড ডাউনলোডের সময় প্রয়োজন হবে। পূরণ করা দরখাস্তের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না।

### পরীক্ষাকেন্দ্রে সঙ্গে নিয়ে যাবেন

- ✓দরখাস্তের দু'কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট।
- ✓অ্যাডমিট কার্ডের তিন কপি প্রিন্ট আউট। প্রতিটির নির্দিষ্ট স্থানে নীল ব্যাকগ্রাউন্ডে সাম্প্রতিক তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন।
- ✓১০টি রঙিন পাসপোর্ট মাপের ফটো। অবশ্যই নীল ব্যাকগ্রাউন্ডে ছবি তোলাতে হবে।
- ✓মাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓পাসপোর্ট, আধার কার্ড, ভোটার পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, স্কুলের পরিচয়পত্র বা সমতুল কোনও সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত যাবতীয় নথিপত্রের মূল কপিও সঙ্গে রাখবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# তিন সামরিক বাহিনীতে কয়েকশো অফিসার

ট্রেনিং দিয়ে আর্মি, নেভি ও এয়ারফোর্সে কয়েকশো অফিসার নিয়োগ করা হবে। উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত তরুণরা আবেদন করতে পারেন। মেয়েরা আবেদন করবেন না। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (২), ২০১৯-এর মাধ্যমে। পরীক্ষা ১৭ নভেম্বর।

ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে আর্মি শাখার জন্য শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির এয়ারফোর্স ও ন্যাভাল ব্রাঞ্চ এবং ন্যাভাল অ্যাকাডেমিতে ১০+২ ক্যাডেট এন্ট্রির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স এবং ম্যাথমেটিক্স নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। উভয় ক্ষেত্রেই যাঁরা উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

সাড়ে ১৬ থেকে সাড়ে ১৯ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করা যায়।

প্রার্থী বাছাই করা হয় লিখিত পরীক্ষা, ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষার পরে হবে ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজিক্যাল টেস্ট ও কনফারেন্স। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার জন্য ডাক পাওয়া যায়।

নির্বাচিত প্রার্থীদের ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিংয়ের সময় নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যায়।

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ৭ অগস্ট থেকে ৩ সেপ্টেম্বর পর্যন্ত। এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে আগাম এই খবর জানানো হল।

তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: http://www.upsc.gov.in

# এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেসে ১২৫ এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার

১২৫ জন এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার নেবে এয়ার ইন্ডিয়া ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস। এটি এয়ার ইন্ডিয়ার অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিকভাবে ৫ বছরের চুক্তিতে নিয়োগ হবে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে, দিল্লি ও মুম্বইতে। ইন্টারভিউ ৩, ৪, ৫, ৬, ৭, ৯ ও ১০ সেপ্টেম্বর।

সার্টিফাইং সাপোর্ট স্টাফ (এ এম ই) হিসেবে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ১-৮-২০১৯ তারিখে বয়স হতে হবে ৫৩ বছরের মধ্যে।

বেতন: প্রতি মাসে ৯৫,০০০-১,২৮,০০০ টাকা।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা দেখুন এই ওয়েবসাইট: www.airindia.in

# হোমি ভাবা ক্যান্সার হসপিটালে নার্স

৮৩ জন নার্স নেবে টাটা মেমোরিয়াল সেন্টার। নিয়োগ করা হবে বেনারসের হোমি ভাবা ক্যান্সার হসপিটালে। কেবল মহিলারাই আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ১০৪/২০১৯।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৪৬, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৭, ও বি সি ১৭, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ২, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি-সহ অঙ্কোলজি নার্সিংয়ে ডিপ্লোমা। অথবা বেসিক বা পোস্ট বেসিক বি এসসি (নার্সিং) ডিগ্রি। উভয় ক্ষেত্রেই অন্তত ৫০টি শয্যাবিশিষ্ট হাসপাতালে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১৬-৮-২০১৯ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। নার্সিং অঙ্কোলজিতে ডিপ্লোমাধারীরা পুরো বন্ড পিরিয়ডে কাজ করে থাকলে ৫ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা বা ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র বেনারস ও মুম্বই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tmc.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৬ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন পদ্ধতিতে ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। ফি ডেবিট বা ক্রেডিট কার্ডের মাধ্যমে দিতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ফি দিতে লাগবে না। অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করবেন। পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

### অনলাইন দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন

- ✓পাসপোর্ট মাপের এক কপি রঙিন ফটো।
- ✓ফি জমা দেওয়ার রসিদ (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল।
- ✓অভিজ্ঞতার সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓কর্মরতদের ক্ষেত্রে অ্যাপয়েন্টমেন্ট লেটার, সর্বশেষ পে স্লিপ ও সচিত্র পরিচয় পত্রের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের প্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।

প্রিন্ট আউট ভরা খামের ওপর যে-পদের জন্য দরখাস্ত করছেন, তার নাম ও বিজ্ঞপ্তি নম্বর লিখবেন। ২৩ অগস্টের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র-সহ প্রিন্ট আউট পৌঁছতে হবে এই ঠিকানায়: 3rd Floor, Service Block building, H.R.D. Department, Tata Memorial Hospital, Parel, Mumbai-400 012. বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কোস্টগার্ডে যান্ত্রিক

ট্রেনিং দিয়ে বেশ কিছু যান্ত্রিক নিয়োগ করবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। শুধুমাত্র ছেলেরা আবেদন করতে পারবেন। ট্রেনিং হবে ০১/২০২০ ব্যাচে। প্রশিক্ষণ শুরু হবে ২০২০-র ফেব্রুয়ারিতে। প্রার্থী বাছাইয়ের জন্য লিখিত পরীক্ষা নেওয়া হবে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সঙ্গে অল ইন্ডিয়া কাউন্সিল অব টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন (রেডিও/পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। তফসিলি জাতিভুক্ত প্রার্থী, জাতীয় স্তরের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় বা তৃতীয় স্থানাধিকারী খেলোয়াড় এবং কোস্টগার্ডে কর্মরত অবস্থায় মৃত ব্যক্তির সন্তানরা নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা অন্তত ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। পার্বত্য এবং উপজাতি অধ্যুষিত অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে ছাড় পাবেন। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি: চশমা ছাড়া ৬/২৪ এবং চশমা-সহ ভালো ও খারাপ চোখে যথাক্রমে ৬/৯ এবং ৬/১২ হতে হবে। স্বাভাবিক শ্রবণক্ষমতা থাকা চাই।

প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি থাকলে চলবে না।

**বয়স:** ১৮ থেকে ২২ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-২-১৯৯৮ থেকে ৩১-১-২০০২-এর মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের জন্য ডাকা হবে। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১ সেপ্টেম্বর থেকে ৮ সেপ্টেম্বর পর্যন্ত এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in

পশ্চিমবঙ্গে লিখিত পরীক্ষার কেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের প্রশ্ন থাকবে সংশ্লিষ্ট বিষয়, ইংরেজি, জেনারেল নলেজ, রিজনিং এবং অ্যাপ্টিটিউড বিষয়ে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠ-বোস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। প্রার্থী বাছাই প্রক্রিয়া চলবে ২-৩ দিন ধরে।

ট্রেনিং শুরু হবে ফেব্রুয়ারিতে আই এন এস চিলকায়। প্রথমে বেসিক ট্রেনিং হবে। তার পর সি ট্রেনিং ও প্রফেশনাল ট্রেনিং হবে। প্রশিক্ষণে সফল হলে নিয়োগ হবে যান্ত্রিক পদে।

মূল বেতন ২৯,২০০ টাকা। সঙ্গে যান্ত্রিক পে ৬,২০০ টাকা এবং অন্যান্য সুযোগ-সুবিধা। ধাপে ধাপে প্রধান সহায়ক ইঞ্জিনিয়ার র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে। তখন মূল বেতন ৪৭,৬০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে উপকূলরক্ষী বাহিনীর এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১১ থেকে ১৭ অগস্ট পর্যন্ত।

যথাযথভাবে দরখাস্ত পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। নম্বরটি লিখে রাখুন। অ্যাডমিট কার্ড ডাউনলোডের সময় প্রয়োজন হবে। পূরণ করা দরখাস্তের দু'কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না।

### পরীক্ষাকেন্দ্রে সঙ্গে নিয়ে যাবেন

- ✓দরখাস্তের দু'কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট।
- ✓অ্যাডমিট কার্ডের তিন কপি প্রিন্ট আউট। প্রতিটির নির্দিষ্ট স্থানে নীল ব্যাকগ্রাউন্ডে সাম্প্রতিক তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন।
- ✓১০টি রঙিন পাসপোর্ট মাপের ফটো। অবশ্যই নীল ব্যাকগ্রাউন্ডে ছবি তোলাতে হবে।
- ✓মাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓পাসপোর্ট, আধার কার্ড, ভোটার পরিচয়পত্র, ড্রাইভিং লাইসেন্স, স্কুলের পরিচয়পত্র বা সমতুল কোনও সচিত্র পরিচয়পত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

উপরোক্ত যাবতীয় নথিপত্রের মূল কপিও সঙ্গে রাখবেন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উলুবেড়িয়া পুরসভায় ক্লার্ক, পিওন, মজদুর

ক্লার্ক, পিওন ও মজদুর পদে ২৩ জনকে নিয়োগ করবে হাওড়ার উলুবেড়িয়া মিউনিসিপ্যালিটি। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: UM/2559.

**শূন্যপদের বিন্যাস: ক্লার্ক:** শূন্যপদ ৬টি (সাধারণ ১, সাধারণ-ই সি ২, তফসিলি জাতি ১, তফসিলি জাতি-ই সি ১, ও বি সি-এ-ই সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। টাইপিং জানলে ও কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** ৫,৪০০-২৫,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ২,৬০০ টাকা।

**পিওন:** শূন্যপদ ৯টি (সাধারণ ২, সাধারণ-ই সি ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি ১, তফসিলি জাতি-ই সি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)। **মজদুর:** শূন্যপদ ৮টি (সাধারণ ২, সাধারণ-ই সি ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি ১, তফসিলি জাতি-ই সি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উপরোক্ত দু'টি পদের ক্ষেত্রেই অন্তত ক্লাস এইট পাশ। বাংলা বা হিন্দি পড়তে ও লিখতে জানা চাই। সুগঠিত চেহারার অধিকারী হলে অগ্রাধিকার। **বেতনক্রম:** দু'টি পদের ক্ষেত্রেই ৪,৯০০-১৬,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৭০০ টাকা।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি ও দৈহিক প্রতিবন্ধীরা ৩ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। ক্লার্ক পদের ক্ষেত্রে অতিরিক্ত থাকবে কম্পিউটার অ্যান্ড টাইপিং টেস্ট।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.uluberiamunicipality.org পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓দু'কপি পাসপোর্ট মাপের ফটো। একটি ফটো স্বপ্রত্যয়িত করে দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর ফটোটি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ কার্ডের (থাকলে) স্বপ্রত্যয়িত নকল।
- ✓টাইপিংয়ে দক্ষতা ও কম্পিউটার নলেজের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

দরখাস্ত ভরা খামের ওপর বিজ্ঞপ্তি নম্বর ও যে-পদের জন্য দরখাস্ত করছেন, তার নাম লিখে দেবেন। ২২ অগস্টের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Chairman, Uluberia Municipality, O.T Road, P.O.-Uluberia, Dist-Howrah. Pin-711316. অথবা সরাসরি গিয়েও দরখাস্ত জমা দিয়ে আসতে পারেন উপরোক্ত ঠিকানায় রাখা নির্দিষ্ট বক্সে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বিধাননগর পুলিশ কমিশনারেটে ড্রাইভার

ড্রাইভার পদে ৪০ জনকে নেবে বিধাননগর পুলিশ কমিশনারেট। নিয়োগ হবে চুক্তিতে।

**শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ। বাংলায় লিখতে ও পড়তে জানতে হবে। এর পাশাপাশি ১-৮-২০১৯ তারিখ অনুসারে অন্তত ৩ বছরের বৈধ লাইট মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে কোনও স্বীকৃত সংস্থায় ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ১-৮-২০১৯ তারিখে ২১ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রতি মাসে ১১,৫০০ টাকা।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর ২ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। অন্য ফটোটি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ড্রাইভিং লাইসেন্সের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউ, ড্রাইভিং টেস্ট ও মেডিক্যাল টেস্ট হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান সংগ্রহ করবেন এই ঠিকানা থেকে: The Commissioner of Police, Bidhannagar Police Commissionerate, M.T. Section, Ramp No.-19, Salt Lake Stadium, Kol-700 106. দরখাস্তে প্রার্থীর মোবাইল নম্বর লিখে দেবেন।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন: 'The Commissioner of Police, Bidhannagar'. দরখাস্ত ১৬ অগস্টের মধ্যে উপরোক্ত ঠিকানায় এম. টি. সেকশনে রাখা ড্রপবক্সে সরাসরি গিয়ে জমা দিতে হবে।

তথ্যের জন্য যোগাযোগ করুন উপরোক্ত ঠিকানায়।

## ফল বেরোল

**ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৯-এর সিভিল সার্ভিসেস** এক্সামিনেশন (প্রিলিমিনারি) পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad